চালু হল
'দুরন্ত বার্তা'
অ্যাপ
ডাউনলোড করুন
প্লে-স্টোর থেকে

দুরন্ত বার্তা

সুচিকিৎসা
মাসিক স্বাস্থ্য পত্রিকা
দামঃ ১৫ টাকা
পত্রিকা সংগ্রহ করতে আজই নিকটবর্তী এজেন্টের সাথে যোগাযোগ করুন।

১ ইন্টারনেট সংস্করণ http://durantbarta.com কলকাতা Volume No. 29, Issue No.: 71 Saturday, 10 February, 2024 ✻ ২৯ বর্ষ, ৭১ সংখ্যা ✻ ২৬ মাঘ, ১৪৩০, শনিবার, ১০ ফেব্রুয়ারি , ২০২৪ ✻ আজ ৮ পাতা ✻ মূল্য- ৩ টাকা

রূপনারায়ণ নদে নৌকাডুবি নিখোঁজ কমপক্ষে ৫। এর মধ্যে রয়েছে এক শিশুও, এক কিশোর ও দুই বৃদ্ধ ও এক বৃদ্ধা। বৃহস্পতিবার বিকেলে ঘটনাটি ঘটে দাসপুর থানার দুধকোমরা এবং হাওড়ার বাগনান থানার চিতনান এলাকার মাঝে রূপনারায়ণ নদে। ... বিস্তারিত পাতা ৩

মাত্র কয়েক ঘন্টার মধ্যেই হারিয়ে যাওয়া এক শিশু কন্যাকে উদ্ধার করে পরিবারের হাতে তুলে দিলো সুতি থানার পুলিশ। শিশু কন্যাকে ফিরে পেয়ে খুশি পরিবারের সদস্যরা। হঠাৎ নিখোঁজ হয়ে যায় দু বছরের শিশু কন্যা মিসমা খাতুন।.... বিস্তারিত পাতা ৫

প্রধানমন্ত্রীর নরেন্দ্র মোদী সংসদে দাঁড়িয়ে দাবি করেছেন, ২০২৪-এর লোকসভা ভোটে তিনি চারশোর বেশি আসন নিয়ে ক্ষমতায় ফিরবেন।এর মধ্যে তার দল বিজেপি একাই ৩৭০ এর বেশি আসন দখল করবে বলে দাবি করেছেন প্রধানমন্ত্রী। .... বিস্তারিত পাতা ৬

বাংলার দুই মহিলা ক্যারাটেকারের গল্পগুলো অনেকটাতেমনই। আন্তর্জাতিক ক্যারাটে প্রতিযোগিতায় ক্যানিংয়ের দুই বীরাঙ্গনা সোনা জয় করে চমকে দিয়েছেন। ক্যানিংয়ের মাতলা ২পঞ্চায়েতের থুমকাঠি এলাকারবাসিন্দা পেশায় অটোচালক অভ্রদীপ দেবনাথ। ...বিস্তারিত পাতা ৮

'শাস্তি' দিলেন প্রধানমন্ত্রী মোদি, আপ্লুত ৮ সাংসদ

নয়াদিল্লি, ৯ ফেব্রুয়ারিঃ সংসদে চলছে বাজেট অধিবেশন। অধিবেশনের ফাঁকেই সাংসদদের সারপ্রাইজ দিলেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি। মধ্যাহ্নভোজের সময় হঠাৎ নতুন সংসদ ভবনের ক্যান্টিনে হাজির হলেন প্রধানমন্ত্রী। ক্যান্টিনে খাবার খাচ্ছিলেন সাংসদরা। তাঁদের সঙ্গেই বসে জমিয়ে খাওয়া-দাওয়া সারলেন প্রধানমন্ত্রী মোদি। শুক্রবার সংসদে একাধিক দলের সাংসদদের সঙ্গে মধ্যাহ্নভোজ সারেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি। মোট আটজন সাংসদকে আমন্ত্রণ জানানো হয়েছিল প্রধানমন্ত্রীর সঙ্গে খাওয়ার জন্য। উপস্থিত ছিলেন বিজেপি সাংসদ হীনা গাভিত, এস ফাঙ্গনন কোনায়ক, জামিয়াঙ্গ এল মুরুগান, টিডিপি সাংসদ রামমোহন নাইডু, বিএসপি সাংসদ রীতেশ পাণ্ডে ও বিজেডি সাংসদ সাসমিত পাত্র। সূত্রের খবর, হঠাৎই এই ভোজের পরিকল্পনা করেন প্রধানমন্ত্রী মোদি। দুপুর আড়াইটে নাগাদ সাংসদদের কাছে ফোন যায়, ওপ্রান্ত থেকে জানানো হয়, তাঁদের সঙ্গে দুপুরে খাবার খেতে চান প্রধানমন্ত্রী মোদি। সাংসদরা প্রথমে হকচকিয়ে গেলে, প্রধানমন্ত্রী নিজেই মশকরা করে বলেন, ''চলুন, আজ আপনাদের একটা শাস্তি দেওয়া যাক।'' শাস্তি বলতে প্রধানমন্ত্রী নিজের সঙ্গে মধ্যাহ্নভোজের কথাই বলেছিলেন। জানা গিয়েছে, প্রধানমন্ত্রী মোদি যেহেতু নিরামিষাশী, তাই তাঁর সঙ্গে আটজন সাংসদও আজ সংসদের ক্যান্টিনে নিরামিষ খাবার খান। শেষ পাতে মিষ্টিমুখ করার জন্য ছিল রাগীর লাড্ডু।

ঘাটাল আমার মনে থাকবে,দিদি-কে ধন্যবাদ

'থাকি বা না থাকি...', মন্তব্যের পরই অভিষেকের মুখোমুখি হচ্ছেন দেব

দুরন্ত বার্তা, কলকাতা, ৯ ফেব্রুয়ারিঃ গত কয়েকদিন ধরে বাংলার রাজনীতিতে চর্চায় উঠে এসেছেন ঘাটালের সাংসদ দীপক অধিকারী ওরফে দেব। প্রথমে ভাইরাল অডিয়ো বিতর্কে নাম জড়ায় অভিনেতা-সাংসদের। তারপরই 'সংসদের শেষ দিন' বলে জল্পনা বাড়িয়েছেন তিনি। লোকসভা কক্ষের অন্দরে বক্তব্য রাখতে গিয়ে তিনি বলেছেন 'আমি থাকি বা না থাকি...', আবার সোশ্যাল মিডিয়ায় সংসদ কক্ষের ছবি পোস্ট করে লিখেছেন, 'আজ আমার শেষ দিন।' এরপরই দেবের সঙ্গে দেখা করতে চলেছেন তৃণমূলের সর্বভারতীয় সাধারণ সম্পাদক অভিষেক বন্দ্যোপাধ্যায়। সূত্রের খবর, কলকাতায় মুখোমুখি হতে চলেছেন দুই সাংসদ। সূত্রের খবর, শনিবার বিকেল ৪ টেয় দেবের সঙ্গে দেখা করতে চেয়েছেন অভিষেক। ক্যামাক স্ট্রিটে অভিষেকের অফিসে সেই বৈঠক হবে বলেই জানা গিয়েছে। বৃহস্পতিবার দেবের কিছু মন্তব্যে তৃণমূলের অস্বস্তি বেড়েছে বলে চর্চা চলছে রাজনৈতিক মহলে। প্রশ্ন উঠেছে, তবে কি লোকসভা নির্বাচনে আর লড়ছেন না দেব? নাকি রাজনীতি থেকে একেবারেই দূরে সরে যাচ্ছেন অভিনেতা? শুধু তাই নয়, দুর্নীতি নিয়ে দেবের বিরুদ্ধে যে প্রশ্ন উঠেছে, তারও সাফাই দিয়েছেন তিনি। বলেছেন, 'এর নাম রাজনীতি। এই রাজনীতিতে আর থাকতে চাই না।' বৃহস্পতিবার লোকসভায় জিরো আওয়ারে বক্তব্য রাখতে গিয়ে দেব বলেন, 'আমি থাকি বা না থাকি, ঘাটাল আমার মনে থাকবে।' এরপরই সোশ্যাল মিডিয়ায় ছবির ক্যাপশনে লেখেন, 'লোকসভায় আমার শেষ দিন। দিদি-কে ধন্যবাদ। ঘাটাল লোকসভার বাসিন্দাদের ধন্যবাদ।' এ বিষয়ে দেবকে প্রশ্ন করা হলে তিনি জানান, ভোটে লড়বেন না কি লড়বেন না, সে কথা মমতা বন্দ্যোপাধ্যায়কে আগেই জানিয়েছেন তিনি। অভিনেতা দেবের এই মন্তব্য গোটা তৃণমূলকেই প্রায় কাঁপিয়ে তুলেছে বলা হচ্ছে। এই নিয়ে বিরোধিরা তৃণমূল সম্পর্কে যা পারছে বলছে। তবে তৃণমূলের তাতে কোনও মাথা ব্যাথা নেই বলেই জানা গেল।

'যদি কোনও বিধায়ক আক্রান্ত হন, খুন হয়ে যান', সাবধান করলেন শুভেন্দু

দুরন্ত বার্তা, কলকাতা, ৯ ফেব্রুয়ারিঃ বিধানসভার সচিবের কাছে নালিশ জানিয়েছেন মনোজ টিগ্গা, শুভেন্দু অধিকারীরা। বিধানসভার কর্মীদের একাংশ গতকাল শুভেন্দুদের পিছনে স্লোগান দিতে দিতে এগোচ্ছিলেন বলে অভিযোগ। মূলত তাঁদের বিরুদ্ধেই এবার বিধানসভার সচিবের কাছে অভিযোগ জানানো হয়েছে। যাঁদের বিরুদ্ধে অভিযোগ জানানো হয়েছে বিধানসভার সচিবের কাছে, সেই তালিকাও এদিন ফেসবুকে লাইভে প্রকাশ্যে আনেন শুভেন্দু। শুভেন্দুর অভিযোগ অনুযায়ী, তালিকায় আছেন তৃণমূলের এক বিধায়কের ভাইও। শুভেন্দু অধিকারী এদিন আশঙ্কা প্রকাশ করেছেন, বিধানসভা চত্বরে তাঁর দলের বিধায়করা আক্রান্তও হতে পারেন। বলেছেন, ''আমরা ক্যাম্পাসের মধ্যে যদি কেউ আক্রান্ত হই, যদি কোনও মহিলা বিধায়কের শারীরিক নির্যাতন হয়, যদি কোনও বিধায়ক খুন হয়ে যান তার দায়িত্ব সচিবের ঘাড়ে বর্তায়।'' তিনি আরও জানান, বিধানসভার সচিবের পোস্টিং বিচারবিভাগ থেকে করা হয়, সরকার থেকে এই পোস্টিং করা হয় না। বিধানসভার বিরোধী দলনেতা বললেন, ''আমরা এই গুন্ডাদের চিহ্নিত করেছি। মনোজ টিগ্গার লিখিত অভিযোগ, কিছু কালার ছবি ও প্রামাণ্য সিডি আমরা জমা দিয়েছি। আমরা বিচার চাই। যদি বিচার না দিতে পারেন, আমরা সচিবের বিরুদ্ধে বৃহত্তর আন্দোলনে যাব।' প্রসঙ্গত, গতকালের ওই অভিযোগের প্রেক্ষিতে আজ শুভেন্দু অধিকারী, মনোজ টিগ্গাদের নেতৃত্বে বিজেপির এক প্রতিনিধি দল বিধানসভার সচিবের ঘরে যান। সেই সময়ও স্লোগান দিতে দিতে সচিবের ঘরের দিকে যান তাঁরা। 'সচিব তুমি জবাব দাও' স্লোগান তোলেন শুভেন্দুরা। শুভেন্দুর প্রশ্ন, ''আমরা যদি বাইরে মার্ডার হই, কে দায়ী থাকবে!'' যে কর্মীদের বিরুদ্ধে অভিযোগ তোলা হচ্ছে, তাদের বরখাস্ত করারও দাবি তোলেন শুভেন্দুরা। শুভেন্দু-মনোজ টিগ্গাদের এই অভিযোগের প্রেক্ষিতে প্রশ্ন করা হয়েছিল আইএসএফ বিধায়ক নওশাদ সিদ্দিকীকেও। তিনি অবশ্য বলছেন, ''কী ঘটেছিল, তা সবটা আমাদের পক্ষে দেখা সম্ভব হয়নি। তবে যদি কোনও কর্মচারী, তিনি যে সংগঠন প্রভাবিতই হোন না কেন, বিধায়কদের ধাওয়া করা কোনওভাবেই মেনে নেওয়া যায় না। কারণ, কর্মচারীদের কাজ হল বিধায়কদের পরিষেবা দেওয়া। যদি এমন কিছু ঘটে থাকে, তা কোনওভাবেই মেনে নেওয়া যায় না। এমন কিছু ঘটলে, তা নিন্দাজনক।'' যদিও রাজ্যের বর্ষীয়ান মন্ত্রী শোভনদেব চট্টোপাধ্যায়ের যুক্তি, ''কেউ মারেনি, কেউ ধেয়েও যায়নি।

সন্দেশখালিতে পুলিশের সামনেই অশান্তি চলছে

দুরন্ত বার্তা, উত্তর ২৪ পরগনা, ৯ ফেব্রুয়ারিঃ গ্রামবাসীদের রোষের মুখে শিবু হাজরা ও উত্তম সর্দার এলাকা ছাড়লেও তার অনুগামীদের তাণ্ডব অব্যাহত। এমনটাই অভিযোগ জেলিয়াখালির বাসিন্দাদের। শুক্রবার সকাল হতেই দফায় দফায় সংঘর্ষে উত্তপ্ত গোটা এলাকা। সকালবেলাতেই শিবু হাজরার বাগানবাড়ি, পোল্ট্রি-ফার্ম ও বসতবাড়ি ভাঙচুর করে আগুন ধরিয়ে দেয় গ্রামবাসীরা। সামনের সারিতে রয়েছেন মহিলারা। পাল্টা প্রতিরোধ গড়ার চেষ্টা করে শিবুর অনুগামীরাও। অবস্থা সামাল দিতে পুলিশ পৌঁছলে রোষের মুখে পড়তে হয় পুলিশ কর্মীদেরও। সংঘর্ষে জখম হয়েছেন বেশ কয়েকজন গ্রামবাসী। পরিস্থিতি সামাল দিতে ডিআইজি-সহ পদস্থ কর্তারা ঘটনাস্থলে পৌঁছেছেন। দুই তৃণমূল নেতা শিবপ্রসাদ হাজরা ও উত্তম সরদার কে গ্রেফতারের দাবিতে পথে বসে রয়েছেন গ্রামের মানুষ। গত কয়েক দিনের মতোই আজ শুক্রবারও ভোর হতেই রাস্তায় নামেন মানুষ। শেখ শাহজাহানের ঘনিষ্ঠ দুই তৃণমূল নেতা শিবপ্রসাদ হাজরা ও উত্তম সরদারকে গ্রেফতারের দাবিতে এদিন মহিলারা হাতে লাঠি ঝাঁটা নিয়ে বিক্ষোভ দেখাতে শুরু করেন। এলাকার কয়েকশো মহিলার বিক্ষোভে উত্তাল হয় এলাকা। তাঁরা অভিযোগ করতে থাকেন ভিটে-মাটি কেড়ে নিয়েই রেয়াত করেনি এই নেতারা। লাগাতার তাঁদের সম্মানহানি করে। বিনা পারিশ্রমিকে শ্রম দিতে হয়। তৃণমূলের কোনও মিটিং মিছিলে না গেলেই তাদের রেশন বন্ধ করে দিচ্ছে, জব কার্ডের কাজ বন্ধ করে দিচ্ছে। প্রতিবাদ করলে হুমকি দেয়। থানায় গেলেও কোনও ব্যবস্থা নেয় না পুলিশ। বিক্ষোভ আন্দোলন মারমুখী চেহারা নেয় অচিরেই। জেলিয়াখালিতে শিবু হাজরার পোল্ট্রি ফার্মে লাঠি সোটা নিয়ে ঢুকে পড়ে গ্রামের মহিলারা। ভাঙচুর করে আগুনে পুড়িয়ে দেয় পোল্ট্রি ফার্ম। দুপুর হতেই শিবুর বাগানবাড়িতে ভাঙচুর চালিয়ে আগুন ধরিয়ে দেয়। সমস্ত আসবাব আগুনে পুড়ে ছাই হয়ে যায়। তিনতলা এই বাগানবাড়ি জ্বালিয়ে দেওয়ার পরে তার দোকানেও হামলা চালায় বিক্ষুব্ধরা। হাতুড়ি দিয়ে দোকানের দরজা ভাঙার চেষ্টা করে। গ্রামবাসীদের অভিযোগ, তাঁদের উপর শুক্রবারও চড়াও হয়েছে শিবু হাজরার দলবল। মহিলাদের শ্লীলতাহানি করেছে। তাদের মারধর করে মাথা ফাটিয়ে দিয়েছে। বিক্ষোভকারীদের অভিযোগ, জেলিয়াখালিতে সাধারণ মানুষের জমি জোর করে দখল করেছিল এই শিবু। সেখানে পোল্ট্রি ফার্ম করেছিল। সামন্ত প্রভুদের মতোই শিবু ও উত্তম সর্দারদের ভয়ে নিজেদের জমিতেই পোল্ট্রি ফার্মে বেগার খাটতে হত তাঁদের। মজুরি চাইলেই জুটত মার। গ্রামের বেশ কয়েকজন মহিলার অভিযোগ, শিবু ও উত্তম তাঁদের জনখাটা স্বামীদের মেরে কোমর ভেঙে দিয়েছিল। অশান্তির খবর পেয়ে পরিস্থিতি নিয়ন্ত্রণ করতে পুলিশ গেলে শাহজাহান অনুগামীদের উপর তার জের আছড়ে পড়েছে। গ্রামবাসীদের একটাই দাবি সন্দেহখালিতে চলা শাহজাহানদের দমন-পীড়ন বন্ধ হোক। পুলিশ তাঁদের গ্রেফতার করুক। এডিজি আইনশৃঙ্খলা মনোজ ভার্মা বলেন, ''পুলিশ ঘটনাস্থলে রয়েছে। পুলিশ আধিকারিকরা তদন্ত করছেন। কারও বিরুদ্ধে অভিযোগ থাকলে লিখিতভাবে জানানো হোক। পুলিশ অবশ্যই ব্যবস্থা নেবে। আর কেউ অশান্তি পাকালে তা বরদাস্ত করা হবে না।'' অন্যদিকে সেচ মন্ত্রী পার্থ ভৌমিক বলছেন, ''আইনশৃঙ্খলা রক্ষা করতে পুলিশ অগ্রণী ভূমিকা নিয়েছে। ইতিমধ্যেই ৮ জন গ্রেফতার হয়েছেন।'' এখানেই না থেমে রীতিমতো হুঙ্কারের সুরে তিনি বলেন। ''যাঁরা ভাবছেন এ ধরনের অশান্তি করে যাঁরা নারেগা নিয়ে মানুষের যে গণ আন্দোলন স্তব্ধ করে দেবেন, গতিপথ ঘুরিয়ে দেবেন, আমার মনে হয় তাঁরা মূর্খের স্বর্গে বাস করছেন। আইন-শৃঙ্খলা রক্ষার্থে পুলিশ প্রশাসন সথর্থক ব্যবস্থা নেবে। কোনও ব্যক্তি, কোনও দলের কর্মী, গোলমাল পাকালে কাউকেই রেয়াত করা হবে না।'' সন্দেশখালির দিনভরের উত্তাপ অবশ্য বেলা পড়লেও স্তিমিত হয়নি।

'নিশ্চিত এর পিছনে কেউ আছে'

বিচারপতি গঙ্গোপাধ্যায়ের নির্দেশই বহাল ডিভিশন বেঞ্চে

দুরন্ত বার্তা, কলকাতা, ৯ ফেব্রুয়ারিঃ দুই সংস্থায় 'ভুয়ো' ডিরেক্টর নিয়োগের মামলায় এবার বিচারপতি অভিজিৎ গঙ্গোপাধ্যায়ের একক বেঞ্চের নির্দেশই বহাল রাখল কলকাতা হাইকোর্টের ডিভিশন বেঞ্চ। বৃহস্পতিবার বিচারপতি গঙ্গোপাধ্যায় ওই মামলায় এসএফআইও-কে (স্পেশাল ফ্রড ইনভেস্টিগেশন অফিস) তদন্তের নির্দেশ দিয়েছিলেন। শুক্রবার সেই নির্দেশকে চ্যালেঞ্জ করে হাইকোর্টের ডিভিশন বেঞ্চের দ্বারস্থ হয়েছিলেন এক সংস্থার ট্রাস্টি বোর্ডের দু'জন সদস্য। হাইকোর্টের বিচারপতি সূর্যপ্রকাশ কেশরওয়ানি ও বিচারপতি রাজর্ষি ভরদ্বাজের ডিভিশন বেঞ্চে ওই মামলা উঠেছিল শুক্রবার। সেখানে আজ ডিভিশন বেঞ্চ, পূর্বের একক বেঞ্চের নির্দেশই বহাল রেখেছে। বিচারপতি অভিজিৎ গঙ্গোপাধ্যায়ের বেঞ্চ গতকাল যে এসএফআইও তদন্তের নির্দেশ দিয়েছিল, তাতে কোনও স্থগিতাদেশ নয়, জানিয়ে দিয়েছে ডিভিশন বেঞ্চ। বিচারপতি সূর্যপ্রকাশ কেশরওয়ানি ও বিচারপতি রাজর্ষি ভরদ্বাজের ডিভিশন বেঞ্চের যুক্তি, যেহেতু তদন্ত শুরু হয়েছে, তাই এই মুহূর্তে এই মামলার কোনও প্রয়োজন নেই। তাই ওই আবেদন খারিজ করে দিয়েছে হাইকোর্টের ডিভিশন বেঞ্চ। প্রসঙ্গত, 'ডেল্টা লিমিটেড' ও 'ওড়িশা প্রাইভেট লিমিটেড'- নামে

ওই দু'টি সংস্থায় ডিরেক্টর পদে নিয়োগ ঘিরে প্রশ্ন উঠতে শুরু করেছে। গতকালই ওই মামলায় বিচারপতি অভিজিৎ গঙ্গোপাধ্যায়ের একক বেঞ্চ ইডিকে তদন্তের নির্দেশ দেয়। একইসঙ্গে এসএফআইও-কে দিয়েও তদন্তের নির্দেশ দেন বিচারপতি। সেই নির্দেশের পর 'ডেল্টা লিমিটেড' সংস্থার ট্রাস্টি বোর্ডের দু'জন সদস্য ডিভিশন বেঞ্চের দ্বারস্থ হয়েছিলেন। তবে আজ ডিভিশন বেঞ্চ সেই আর্জি খারিজ করে দিয়েছে। প্রসঙ্গত, গতকালই বিচারপতি অভিজিৎ গঙ্গোপাধ্যায় সংশয় প্রকাশ করে পর্যবেক্ষণে জানিয়েছিলেন, কেউ এদের সাজিয়ে রেখে পিছন থেকে কাজ করছে। আজ আদালতে এএসজি অশোক চক্রবর্তীও বলেন, এই নিয়োগ কীভাবে হয়েছিল, সেটা তদন্ত করা প্রয়োজন। বিচারপতি সূর্যপ্রকাশ কেশরওয়ানিও এদিন মামলকারী আইনজীবীর উদ্দেশে প্রশ্ন করেন, ''কীসের এক্সট্রা অর্ডিনারি পরিস্থিতি? ডিরেক্টরদের তিনজন স্বীকার করেছেন, তাঁরা নিয়োগ করতেন কারও নির্দেশে। নিশ্চিত কেউ এর পিছনে আছে।'' তবে মামলাকারীদের আইনজীবী সৌম্য মজুমদার যুক্তি দেখান, যেহেতু মাত্র পাঁচ জন রয়েছেন এখানে, তার জন্য এসএফআইও কীভাবে প্রয়োজন। কিন্তু বিচারপতি সূর্যপ্রকাশ কেশরওয়ানি আইনজীবীর উদ্দেশে বলেন, ''হয়তো আপনি ঠিক বলছেন। তাও এফআইআর হয়ে গিয়েছে। তদন্তে বাধা দেওয়ার কোনও অর্থ হয় না। তাই আপাতত নির্দেশ বহাল থাকছে।''

সাদা কাপড়ে মুখ ঢেকে 'তাজা নেতা' ঢুকলেন কোর্টে, ১২ দিনের পুলিশ হেফাজতে আরাবুল

দুরন্ত বার্তা, কলকাতা, ৯ ফেব্রুয়ারিঃ উচ্চ রক্তচাপ আরাবুল ইসলামের, তাই তাঁকে জেলে রাখার আবেদন জানিয়েছিলেন আইনজীবী। তবে শেষ অবধি পুলিশ হেফাজতের নির্দেশ দিয়েছেন বারুইপুর আদালতের বিচারক। ১২ দিনের পুলিশ হেফাজতের নির্দেশ দেওয়া হয়েছে। ভাঙড় কলকাতা পুলিশের আওতায় আসার পর এই প্রথম কোনও বড় রাজনৈতিক গ্রেফতারি। ভাঙড়ে শাসকশিবিরের দোর্দণ্ডপ্রতাপ নেতা হিসাবেই আরাবুল ইসলামকে সকলে চেনেন। যদিও এদিন যেভাবে আরাবুলকে আদালতে তোলা হল, কেউ দেখে চিনতেই পারবেন না। একেবারে সাদা কাপড়ে শক্ত করে বাঁধা মুখ। কেউ কেউ বলছেন, মুখ লুকোচ্ছেন 'তাজা নেতা'। সেই আরাবুলকে আচমকাই বৃহস্পতিবার বিকালে উত্তর কাশীপুর থানায় ডেকে পাঠানো হয়। সেখান থেকেই গ্রেফতার করে সোজা লালবাজারে আনা হয় ভাঙড়ের 'তাজা নেতা'কে। পঞ্চায়েত ভোটের সময় মনোনয়ন জমা থেকে শুরু করে গণনা অবধি হিংসা জিইয়ে রেখেছিল ভাঙড়। সে সময় বারবার অভিযোগে নাম জড়িয়েছিল আরাবুলের। আরাবুলকে বৃহস্পতিবার গ্রেফতার করা হয় আইএসএফ কর্মী খুনের মামলায়। পঞ্চায়েত ভোটের আবহে বিজয়গঞ্জ বাজারে আইএসএফ-তৃণমূলের সংঘর্ষে মইনুদ্দিন মোল্লা নামে এক আইএসএফ কর্মী গুলিবিদ্ধ হয়ে মারা যান। সেই ঘটনায় এই গ্রেফতারি বলে জানা যায়। এদিন শুনানিপর্বে ১৪ দিনের পুলিশ হেফাজত চান সরকার পক্ষের আইনজীবী। অন্য অভিযুক্তদের চিহ্নিত করতে এবং এই ঘটনায় ব্যবহার হওয়া অস্ত্র উদ্ধার করার জন্য আরাবুলকে হেফাজতে নেওয়া প্রয়োজন বলে জানান তিনি। আরাবুল কীভাবে এই ঘটনায় যুক্ত তার পর্যাপ্ত তথ্যপ্রমাণ রয়েছে কেস ডায়েরিতে, জানান সরকার পক্ষের আইনজীবী। অন্যদিকে আরাবুলের আইনজীবীরা বলেন, আরাবুল রাজনৈতিক ব্যক্তিত্ব। তিনি এর সঙ্গে যুক্ত নন। রাজনৈতিক প্রতিহিংসায় এসব হচ্ছে। আরাবুল অসুস্থ বলে জানান তাঁর আইনজীবী। তাঁর উচ্চ রক্তচাপ, তাই জেলে জিজ্ঞাসাবাদ করা হোক বলে জানান আইনজীবী। ৮ মাসের পুরনো ঘটনায় হঠাৎ থানায় ডেকে গ্রেফতার করা হয় বলে জানান তিনি। উভয়পক্ষের সওয়াল জবাব শেষে ১২ দিনের পুলিশ হেফাজতের নির্দেশ দেন বিচারক। আগামী ২১ ফেব্রুয়ারি ফের এই মামলার শুনানি।

ভারতরত্ন পাচ্ছেন দেশের দুই প্রাক্তন প্রধানমন্ত্রী নরসিমহা রাও ও চৌধুরি চরণ সিং, লোকসভার আগেই বড় সিদ্ধান্ত সরকারের

নয়াদিল্লি, ৯ ফেব্রুয়ারিঃ লোকসভা নির্বাচনের আগে বড় সিদ্ধান্ত কেন্দ্রীয় সরকারের। লালকৃষ্ণ আদবাণীর পর আরও তিন বিশিষ্ট ব্যক্তি ও রাজনৈতিক নেতাদের ভারতরত্নে সম্মানিত করার ঘোষণা করল সরকার। ভারতরত্ন পাচ্ছেন দেশের প্রাক্তন প্রধানমন্ত্রী পিভি নরসিমহা রাও। এছাড়া প্রাক্তন প্রধানমন্ত্রী চৌধুরি চরণ সিং ও কৃষি বিজ্ঞানী ডঃ এমএস স্বামীনাথনকেও ভারতরত্নে সম্মানিত করা হচ্ছে। শুক্রবার প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি এক্স হ্যান্ডেলে পোস্ট করে এই কথা জানান। এ দিন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি এক্স হ্যান্ডেলে পোস্ট করে জানান, দেশের প্রাক্তন প্রধানমন্ত্রী পিভি নরসিমহা রাও-কে ভারতরত্নে সম্মানিত করা হচ্ছে। তিনি বলেন, ''পিভি নরসিমহা রাওয়ের দূরদর্শী নেতৃত্ব ভারতকে অর্থনৈতিক দিক থেকে এগিয়ে যেতে সাহায্য করেছিল। দেশের উন্নতি ও সম্মৃদ্ধির ভিত্তি প্রস্থর স্থাপন করেছিলেন তিনি।'' প্রধানমন্ত্রী মোদি লেখেন, বিশিষ্ট পণ্ডিত ও রাষ্ট্রনায়ক হিসাবে নরসিমহা রাও গারু ভারতকে ননা দিক থেকে সমৃদ্ধ করেছিলেন। দীর্ঘ সময় ধরে অন্ধ্র প্রদেশের মুখ্যমন্ত্রী, কেন্দ্রীয় মন্ত্রী ও সাংসদ হিসাবে তাঁর কাজ সর্বদা মনে রাখা হবে। প্রধানমন্ত্রী থাকাকালীন তাঁর বিভিন্ন পদক্ষেপের কারণেই ভারত বিশ্বমঞ্চে পৌঁছতে পেরেছিল। পাশাপাশি দেশের বিদেশ নীতি, ভাষা ও শিক্ষা ক্ষেত্রে তাঁর অবদান শুধুমাতের ভারতকে কঠিন ও জটিল পরিবর্তনের মধ্যে দিয়ে যেতে সাহায্যই করেনি, একইসঙ্গে সাংস্কৃতিক ঐতিহ্যকেও সমৃদ্ধ করেছে। দেশের দশম প্রধানমন্ত্রী ছিলেন পিভি নরসিমহা রাও। ১৯৯১ সাল থেকে ১৯৯৬ সাল অবধি

দেশের প্রধানমন্ত্রী ছিলেন তিনি। পিভি নরসিমহা রাও-কে ভারতরত্ন সম্মানে সম্মানিত করার পরই তাঁর নাতি এনভি সুভাষ বলেন, ''দীর্ঘ সময় ধরে প্রাক্তন প্রধানমন্ত্রীর অবদানকে অবহেলা করা হয়েছিল। আমি অত্যন্ত খুশি যে নরসিমহা রাওজিকে ভারতরত্ন সম্মান দেওয়া হচ্ছে। আমি খুব খুশি। প্রধানমন্ত্রীকে এই সিদ্ধান্তের জন্য ধন্যবাদ জানাতে চাই। অবশেষে তার অবদান স্বীকৃতি পেল।'' শুধু নরসিমহা রাও-ই নন, ভারতরত্ন সম্মান পাচ্ছেন আরও এক প্রাক্তন প্রধানমন্ত্রী চৌধুরি চরণ সিংও। দেশের পঞ্চম প্রধানমন্ত্রী ছিলেন তিনি। গণতন্ত্রে তাঁর অবদান ও দেশের কৃষিক্ষেত্রের উন্নয়নের জন্য তাঁর লড়াইয়ে সাধুবাদ জানিয়ে প্রধানমন্ত্রী মোদি বলেন, ''এটা আমাদের সরকারের সৌভাগ্য যে দেশের প্রাক্তন প্রধানমন্ত্রী চৌধুরি চরণ সিং-কে ভারতরত্ন সম্মানে সম্মানিত করতে পারছে। উনি নিজের গোটা জীবন কৃষকদের অধিকার ও উন্নতির লক্ষ্যে জীবন উৎসর্গ করেছিলেন। উত্তর প্রদেশের মুখ্যমন্ত্রীই হোক বা দেশের স্বরাষ্ট্রমন্ত্রী বা বিধায়ক হিসাবে তিনি দেশ গড়তে বরাবরই অবদান রেখেছেন।'' ভারতরত্ন সম্মান পাচ্ছেন কৃষিবিজ্ঞানী ডঃ এমএস স্বামীনাথনকেও ।

আরাবুল গ্রেফতারের পরই উত্তপ্ত ভাঙড়

দুরন্ত বার্তা ডিজিটাল ডেস্কঃ আরাবুল ইসলাম গ্রেপ্তারির পরদিনই পতাকা লাগানোকে কেন্দ্র করে তৃণমূল-বিজেপি সংঘর্ষ। উত্তপ্ত হয়ে উঠল ভাঙড়ের কোচপুকুর এলাকা। পরিস্থিতি আয়ত্তে ঘটনাস্থলে বিশাল পুলিশ বাহিনী। লাঠিচার্জও করা হয় বলে অভিযোগ। দীর্ঘক্ষণের চেষ্টায় আয়ত্তে আসে পরিস্থিতি। তবে এখনও থমথমে এলাকা। এদিকে পোলের হাট এলাকা থেকে উদ্ধার হয়েছে বোমা। যাকে কেন্দ্র করে আতঙ্ক ছড়িয়েছে এলাকায়।ভাঙড়ের চালতাবেড়িয়া অঞ্চলের কোচপুকুরে দলীয় পতাকা লাগানো কেন্দ্র করে শুক্রবার সকালে পরিস্থিতি উত্তপ্ত হয়ে ওঠে। তৃণমূলের কিছু কর্মী ওই এলাকায় দলের পতাকা লাগাচ্ছিলেন। অভিযোগ, সেখানে আগে থেকে আইএসএফের পতাকা লাগানো ছিল। সেই পতাকা ছিঁড়ে ফেলেন তৃণমূল কর্মীরা। আইএসএফ কর্মীরা তার প্রতিবাদ করলে বচসা শুরু হয়।তৃণমূলের তরফে পাল্টা দাবি, আইএসএফের পতাকা আগে থেকেই নীচে পড়ে ছিল। পতাকা ছেঁড়ার কথা তাঁরা অস্বীকার করেছেন। ঘটনাকে কেন্দ্র করে দু'পক্ষের বচসায় ক্রমে উত্তেজনা ছড়িয়ে পড়ে এলাকায়। খবর পেয়ে ঘটনাস্থলে যায় উত্তর কাশিপুর থানার পুলিশ। পরিস্থিতি সামাল দিতে পুলিশকে লাঠিচার্জ করতে হয় বলে খবর। এলাকায় বিশাল পুলিশ বাহিনী মোতায়েন করা হয়েছে। রয়েছে র‍্যাফও।বৃহস্পতিবার ভাঙড়ের প্রাক্তন বিধায়ক তথা তৃণমূল নেতা আরাবুলকে গ্রেফতার করে উত্তর কাশীপুর থানার পুলিশ। তাঁর বিরুদ্ধে খুনের অভিযোগ রয়েছে বলে জানিয়েছে পুলিশ। একই সঙ্গে সরকারি সম্পত্তি ভাঙচুর, আগ্নেয়াস্ত্র-সহ দলবদ্ধ ভাবে আক্রমণের অভিযোগও রয়েছে তাঁর বিরুদ্ধে। জিজ্ঞাসাবাদের জন্য আরাবুলকে রাতেই নিয়ে আসা হয়েছিল লালবাজারে। সেখানকার লকআপেই ছিলেন তিনি। পুলিশের একটি সূত্রের বক্তব্য, যে হেতু আরাবুলের মতো নেতার গ্রেফতারির ঘটনা ' তাই তাঁকে স্থানীয় থানায় না নিয়ে গিয়ে সোজা লালবাজারে আনা হয়েছে। শুক্রবার তাঁকে বারুইপুরের অতিরিক্ত মুখ্য বিচারবিভাগীয় ম্যাজিস্ট্রেটের আদালতে হাজির করানো হবে।আরাবুলের গ্রেফতারির পরের দিন ভাঙড়ের পোলেরহাট হাই স্কুলের পাশের আবর্জনার স্তূপ থেকে তাজা বোমাও উদ্ধার করা হয়েছে। সব মিলিয়ে ভাঙড়ের পরিস্থিতি নতুন করে উত্তপ্ত হয়ে উঠেছে।

দেবকে বোঝাতে এবার আসরে অভিষেক

দুরন্ত বার্তা ডিজিটাল ডেস্কঃ দল চাইছে, কিন্তু তৃতীয় বার লোকসভা নির্বাচনে প্রার্থী হতে গররাজি টলিউডের মহাতারকা।প্রথমে ভাইরাল অডিয়ো বিতর্কে নাম জড়ায় অভিনেতা-সাংসদের। তারপরই 'সংসদের শেষ দিন' বলে জল্পনা বাড়িয়েছেন তিনি। লোকসভা কক্ষের অন্দরে বক্তব্য রাখতে গিয়ে তিনি বলেছেন ' আমি থাকি বা না থাকি', আবার সোশ্যাল মিডিয়ায় সংসদ কক্ষের ছবি পোস্ট করে লিখেছেন, ' আমার শেষ দিন।' তাই দেবকে বোঝাতে এবার আসরে স্বয়ং অভিষেক বন্দ্যোপাধ্যায়। শনিবার বিকেল ৪ টেয় দেবের সঙ্গে দেখা করতে চেয়েছেন অভিষেক। ক্যামাক স্ট্রিটে অভিষেকের অফিসে সেই বৈঠক হবে বলেই জানা গিয়েছে।গত বৃহস্পতিবার দেবের কিছু মন্তব্যে তৃণমূলের অস্বস্তি বেড়েছে বলে চর্চা চলছে রাজনৈতিক মহলে। প্রশ্ন উঠেছে, তবে কি লোকসভা নির্বাচনে আর লড়ছেন না দেব? নাকি রাজনীতি থেকে একেবারেই দূরে সরে যাচ্ছেন অভিনেতা? শুধু তাই নয়, দুর্নীতি নিয়ে দেবের বিরুদ্ধে যে প্রশ্ন উঠেছে, তারও সাফাই দিয়েছেন তিনি। বলেছেন, ' নাম রাজনীতি। এই রাজনীতিতে আর থাকতে চাই না।'বৃহস্পতিবার লোকসভায় জিরো আওয়ারে বক্তব্য রাখতে গিয়ে দেব বলেন, ' থাকি বা না থাকি, ঘাটাল আমার মনে থাকবে।' এরপরই সোশ্যাল মিডিয়ায় ছবির ক্যাপশনে

আগ্নেয়াস্ত্র সহ এক যুবককে গ্রেফতার

নিজস্ব প্রতিনিধি, সুতিঃগোপন সূত্রে খবর পেয়ে সুতি থানার ছাবঘাটি সানুরমো। এলাকা থেকে আগ্নেয়াস্ত্র সহ এক যুবককে গ্রেফতার করলো মুর্শিদাবাদ জেলার সুতি থানার পুলিশ। ধৃত ওই যুবকের নাম সাহু শেখ। তার বাড়ি সুতি থানার ছাবঘাটি সানুরমোর এলাকা। পুলিশ সূত্রে জানাযায় ধৃতের কাছ থেকে একটি পিস্তল উদ্ধার করা হয়েছে। গত বৃহস্পতিবার ধৃতকে জঙ্গিপুর মহুকুমা আদালতে পাঠায় পুলিশ। কি উদ্দেশ্যে এবং কোথা থেকে আগ্নেয়াস্ত্র নিয়ে এসেছিল ওই যুবক তা খতিয়ে দেখছে সুতি থানার পুলিশ।

মোদী সরকার কী নীতি ও পন্থা নিয়েছে তা জানার অধিকার রয়েছে জনগণেরঃমেঘওয়াল

নয়াদিল্লি, ৯ ফেব্রুয়ারি ঃ মোদী সরকার কী নীতি ও পন্থা নিয়েছে তা জানার অধিকার রয়েছে জনগণের। বললেন কেন্দ্রীয় আইনমন্ত্রী অর্জুন রাম মেঘওয়াল। শুক্রবার সংসদ চত্বরে সাংবাদিকদের মুখোমুখি হয়ে তিনি বলেছেন, অন্তর্বর্তীকালীন বাজেটের সময় কেন্দ্রীয় অর্থমন্ত্রী শ্বেতপত্রের কথা উল্লেখ করেছিলেন। তাঁদের খারাপ শাসনের কারণে আমরা ভঙ্গুর পাঁচের অংশ ছিলাম। কিন্তু এখন আমরা শীর্ষ পাঁচটি অর্থনীতিতে আছি। মোদী সরকার কী নীতি ও সামগ্রিক পন্থা নিয়েছে তা জনগণের জানার অধিকার রয়েছে।প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর জাত নিয়ে কংগ্রেস নেতা রাহুল গান্ধী যে মন্তব্য করেছেন, সে প্রসঙ্গে অর্জুন রাম মেঘওয়াল বলেছেন, আমার ধারণা, তাঁর (রাহুল গান্ধী) কাছে কোনও তথ্য নেই। তাঁর (প্রধানমন্ত্রী মোদীর) এলাকা, গ্রামে একবার যাওয়া উচিত, যাতে তিনি বিষয়টি জানতে পারেন। প্রধানমন্ত্রী মোদী বেশ কয়েকটি অনুষ্ঠানে বলেছেন, তিনি দারিদ্র্যের কথা বইয়ে পড়েননি, এটি অনুভব করেছেন। আর রাহুল গান্ধী বইয়ে পড়ছেন।

বিনামূল্যে ইউনিফর্ম পাবেন অসমের এলপি স্কুলের পড়ুয়ারা, ঘোষণা মুখ্যমন্ত্রী হিমন্তবিশ্বের

গুয়াহাটি, ৯ ফেব্রুয়ারি ঃ চলতি বছর অসমের এলপি স্কুলের ছাত্রছাত্রীরা বিনামূল্যে ইউনিফর্ম পাবেন। তাছাড়া ইউনিফর্ম বিতরণ এবং মিড-ডে মিলে কোনও অনিয়ম হলে কঠোর আইনি ব্যবস্থা নেবে সরকার। বিধানসভায় এই ঘোষণা করেছেন মুখ্যমন্ত্রী হিমন্তবিশ্ব শর্মা।রাজ্য বিধানসভায় বাজেট অধিবেশনের চতুর্থ দিন বক্তব্য পেশ করছিলেন মুখ্যমন্ত্রী। বক্তব্য পেশ করতে গিয়ে এই ঘোষণা করে জোরের সঙ্গে মুখ্যমন্ত্রী হিমন্তবিশ্ব শর্মা বলেন, ইউনিফর্ম বিতরণে কোনও অনিয়ম হলে কড়া আইনি ব্যবস্থা নেওয়া হবে।তাঁর ভাষায়, ' আনন্দের সাথে ঘোষণা করছি, এ বছর এলপি স্কুলের শিক্ষার্থীদের বিনামূল্যে ইউনিফর্ম দেওয়া হবে। তবে আমি এটা পরিষ্কার করতে চাই, যদি ইউনিফর্ম সরবরাহে কোনও সমস্যা হয়, অর্থাৎ ইউনিফর্ম বিতরণে গণ্ডগোল হয়, তা-হলে সংশ্লিষ্টের বিরুদ্ধে মামলা রুজু হবে।'রাজ্যের বিভিন্ন জেলায় ইউনিফর্মের বিভিন্ন মানের বিষয়ে উদ্বেগ প্রকাশ করে মুখ্যমন্ত্রী এসএমডিসি এবং প্রধান ছাত্রদের একক করে ইউনিফর্ম ফান্ড কার্যকরভাবে ব্যবহার করে এমন স্কুল এবং যেগুলি করে না তাদের মধ্যে বৈষম্যের কথা উল্লেখ করেছেন। তিনি বলেন, ' কিছু কিছু স্কুল ইউনিফর্ম প্রদানের ক্ষেত্রে ভালো মান বজায় রেখেছে, তবে এমনও আছে, যেমন এসএমডিসি এবং প্রধান ছাত্র, যারা ইউনিফর্মের তহবিল দক্ষতার সাথে ব্যবহার করে না। এ বছর আমাদের লক্ষ্য, প্রতিটি স্কুল যাতে শিক্ষার্থীদের ভালো মানের ইউনিফর্ম সরবরাহ করে তা নিশ্চিত করা।'একটি সক্রিয় ব্যবস্থা হিসেবে মুখ্যমন্ত্রী বিধানসভার সমস্ত সদস্যকে তাঁদের নিজ নিজ এলাকায় এলপি স্কুলের ইউনিফর্মগুলিকে অভিন্ন মানগুলির উপর ভিত্তি করে এ, বি এবং সি ক্যাটাগরিতে শ্রেণিবদ্ধ করার আহ্বান জানিয়েছেন। এছাড়া তিনি সি ক্যাটাগরিভুক্ত স্কুলগুলির বিরুদ্ধে সিদ্ধান্তমূলক ব্যবস্থা নেওয়ার আহ্বান জানিয়ে বলেন, বরাদ্দকৃত ইউনিফর্ম তহবিলের অপব্যবহারের জন্য সংশ্লিষ্টদের বিরুদ্ধে এফআইআর দায়ের করার আহ্বান জানিয়েছেন মুখ্যমন্ত্রী।ইউনিফর্মের উপর গুরুত্বারোপের পাশাপাশি মুখ্যমন্ত্রী ড. শর্মা বিদ্যমান মিড-ডে মিল কর্মসূচির প্রসঙ্গ তুলে ধরেন। বলেন, মিড-ডে মিলে কোনও গরমিল হচ্ছে বলে অভিযোগ পেলে বা এ সংক্রান্ত কোনও ভেজাল ধরা পড়ে তা-হলে কঠোর হতে বাধ্য হবে সরকার। তাই সংশ্লিষ্ট সকলকে সতর্ক থাকতে বলেছেন তিনি।মুখ্যমন্ত্রীর এই ঘোষণায় ছাত্রছাত্রীরা যাতে উচ্চমানের ইউনিফর্ম এবং মিড-ডে মিলের খাদ্য পায় এবং এই উদ্দেশ্যে বরাদ্দকৃত তহবিল যাতে দায়িত্বের সাথে ব্যবহার করা হয় তা নিশ্চিত করতে সরকারের প্রতিশ্রুতি বোঝায়।

হিংসায় অশান্ত উত্তরাখণ্ডের হল্দওয়ানি মৃত্যু ৪ জনের, আহত শতাধিক পুলিশ কর্মী

হল্দওয়ানি, ৯ ফেব্রুয়ারি ঃ সরকারি জমি থেকে বেআইনি জবরদখল কারীদের উচ্ছেদ অভিযানকে ঘিরে হিংসায় অশান্ত হয়ে উঠল উত্তরাখণ্ডের হল্দওয়ানি। হল্দওয়ানির বনভুলপুরায় হিংসায় ৪ জনের মৃত্যু হয়েছে এবং শতাধিক পুলিশ কর্মী আহত হয়েছেন। শুক্রবার সকালে এমনটাই জানিয়েছেন রাজ্যের এডিজি আইন ও শৃঙ্খলা এপি অংশুমান। হিংসার ঘটনায় ইন্টারনেট পরিষেবা বন্ধ রাখা হয়েছে। নৈনিতাল জেলা প্রশাসন জানিয়েছেন, আপাতত স্কুল ও কলেজ বন্ধ রাখার নির্দেশ দেওয়া হয়েছে। উচ্চ সতর্কতা জারি করা হয়েছে গোটা রাজ্যে। আদালতের নির্দেশে বনভুলপুরা এলাকায় সরকারি জমিতে অবৈধ নির্মাণ ভাঙতে গেলে দুষ্কৃতীরা পরিকল্পনা মাফিক হামলা চালায়। হামলা হয় নিকটবর্তী পুলিশ ফাঁড়িতেও। সেখানে জ্বালানো হয় আগুন। বহু যানবাহনেও দুষ্কৃতীরা আগুন লাগিয়ে দেয়।অবৈধভাবে নির্মিত একটি মাদ্রাসা ভেঙে ফেলাকে কেন্দ্রীয়করে হিংসার সূত্রপাত হয় বৃহস্পতিবার। ক্ষুব্ধ জনতা গাড়ি, বাইকে ভাঙচুর ও আগুন লাগিয়ে দেয়। এই হিংসার ঘটনায় মৃত্যু হয়েছে ৪ জনের ও হিংসা থামাতে গিয়ে শতাধিক পুলিশ কর্মী আহত হয়েছেন। ওই এলাকায় জারি রয়েছে কারফিউ। এই হিংসার ঘটনায় শুক্রবার সকালে এক সাংবাদিক সম্মেলন করেছেন নৈনিতালের জেলাশাসক বন্দনা সিং।তিনি বলেছেন, হাইকোর্টের নির্দেশের পরে হল্দওয়ানির বিভিন্ন জায়গায় অবৈধ দখলের বিরুদ্ধে ব্যবস্থা নেওয়া হয়েছে। সবাইকে নোটিশ এবং শুনানির জন্য সময় দেওয়া হয়েছিল। কেউ কেউ হাইকোর্টে গিয়েছিলেন, কাউকে সময় দেওয়া হয়েছিল, আবার কাউকে সময় দেওয়া হয়নি। যেখানে সময় দেওয়া হয়নি সেখানে পূর্ত দফতর ও মিউনিসিপ্যাল কর্পোরেশন দ্বারা উচ্ছেদ অভিযান চালানো হয়েছিল। জেলাশাসক আরও বলেছেন, এটি একটি খালি সম্পত্তি, যার দু'টি কাঠামো রয়েছে, যা ধর্মীয় স্থান হিসাবে পঞ্জীকরণ নয় অথবা এমন কোনও স্বীকৃতি দেওয়া হয়নি। কেউ কেউ স্থানটিকে মাদ্রাসা বলে।..উচ্ছেদ অভিযান শান্তিপূর্ণভাবে শুরু হয়েছিল, প্রতিরোধের জন্য বাহিনী মোতায়েন করা হয়েছিল। আমাদের মিউনিসিপ্যাল কর্পোরেশনের দলের উপর পাথর ছোড়া হয়েছিল। অপ্রীতিকর ঘটনা ছিল এবং আমাদের টিম কোনও শক্তি প্রয়োগ করেনি।

রাজ্যে আসছে নির্বাচন কমিশনের ফুল বেঞ্চ,মার্চের শুরুতেই লোকসভা ভোটের দিনক্ষণ ঘোষণা?

দুরন্ত বার্তা ডিজিটাল ডেস্কঃসামনেই লোকসভা নির্বাচন। সলতে পাকানোর কাজটা মোটামুটি গুটিয়েই ফেলেছে সব রাজনৈতিক দলই। এরইমধ্যে লোকসভা ভোটের প্রস্তুতি খতিয়ে দেখতে রাজ্যে আসছে নির্বাচন কমিশনের ফুল বেঞ্চ। সে কথা আগেই শোনা গিয়েছিল। কিন্তু, দিনক্ষণের বিষয়ে জানা যায়নি।সূত্রের খবর, আগামী ৪ মার্চ রাজ্যে আসতে পারে কমিশনের ফুল বেঞ্চ। টানা তিনদিন ধরে রাজ্যের ভোট প্রস্তুতি খতিয়ে দেখবেন তাঁরা। রাজ্য প্রশাসনের সর্বোচ্চ কর্তাদের পাশাপাশি তাঁরা জেলার জেলাশাসক, নোডাল অফিসারদের সঙ্গে বৈঠক করবেন। হবে সর্বদলীয় বৈঠকও। অশান্তি ঠেকাতে বাংলার ভোটকে এবারে বিশেষভাবে নজর দিচ্ছে কমিশন। বাংলার দায়িত্বে থাকছেন ডেপুটি ইলেকশন কমিশনার নিতেশ কুমার ব্যাস। সূত্রের খবর, ফেব্রুয়ারির শেষেই তিনি রাজ্য সফরে আসতে পারেন। জেলাশাসক ও অতিরিক্ত জেলাশাসকদের সঙ্গে বৈঠক করবেন। তিনি ঘুরে যাওয়ার পরই কমিশনের ফুল বেঞ্চ রাজ্যে আসছে পারে।এপ্রিলের শুরুতেই ভোট ঘোষণা হতে পারে বলে মত রাজনৈতিক মহলের। অতীতের মতো এবারেও একাধিক দফায় লোকসভা ভোট হতে পারে। কমিশনের তপরতা দেখে কোনও কোনও মহলের মতে, মার্চের দ্বিতীয় সপ্তাহেই লোকসভা ভোটের দিনক্ষণ ঘোষণা করে দিতে পারে নির্বাচন কমিশন।

সাউথ পয়েন্টের ট্রাস্টি বোর্ডের সদস্যের বিরুদ্ধে আর্থিক তছরুপের অভিযোগ

দুরন্ত বার্তা ডিজিটাল ডেস্কঃ সাউথ পয়েন্ট স্কুলের ট্রাস্টি বোর্ডের সদস্যের বিরুদ্ধে কোটি কোটি টাকা নয়ছয়ের অভিযোগ। ধৃত কৃষ্ণা দামানিকে নিয়ে, গতকালই তাঁর সংস্থায় তল্লাশি চালায় কলকাতা পুলিশ। বাজেয়াপ্ত করা হয় প্রচুর নথি।তিন বছর ধরে দফায় দফায় স্কুলের তহবিল ফাঁকা করার অভিযোগ উঠেছে সাউথ পয়েন্টের ট্রাস্টি বোর্ডের ওই সদস্যের বিরুদ্ধে। ১০ কোটি টাকা আত্মসাতের অভিযোগে বৃহস্পতিবার গড়িয়াহাট থানার পুলিশ ওই সদস্যকে গ্রেফতার করতেই শোরগোল পড়ে যায়। কলকাতা তো বটেই, লাগোয়া এলাকারও বিরাট সংখ্যক পড়ুয়া পড়তে আসে দক্ষিণ কলকাতার এই নামী ইংরেজি মাধ্যম স্কুলে। সেই স্কুলে তহবিল থেকে ১০ কোটি টাকা আত্মসাতের অভিযোগ প্রকাশ্যে আসতেই হইচই পড়ে যায়।পুলিশ সূত্রে জানা গিয়েছে, কৃষ্ণ ধামানি ২০২০ সাল থেকে ২০২৩ পর্যন্ত সাউথপয়েন্ট স্কুলের ট্রাস্টি বোর্ডের সদস্য ছিলেন। অভিযোগ, এই তিন বছর ধরে স্কুল ফান্ড থেকে ধীরে ধীরে টাকা সরাচ্ছিলেন। বিষয়টি প্রকাশ্যে আসে অডিটের পরে। সেখানে দেখা যায়, ট্রাস্টি বোর্ডের ওই সদস্য কমপক্ষে ১০ কোটি টাকা সরিয়ে নিয়েছেন। তারপরেই ওই সদস্যর বিরুদ্ধে একাধিক থানায় অভিযোগ দায়ের করে স্কুল কর্তৃপক্ষ।বুধবার হেয়ার স্ট্রিট থানায় তাঁর বিরুদ্ধে অভিযোগ দায়ের হয়। সেই অভিযোগের ভিত্তিতে পুলিশ তদন্ত শুরু করে। বৃহস্পতিবার নির্দিষ্ট এফআইআরের ভিত্তিতে গড়িয়াহাট থানার পুলিশ তাঁকে গ্রেফতার করে। পুলিশের প্রাথমিক অনুমান, আরএন মুখার্জি রোডের একটি অফিস থেকে দুর্নীতির জাল বুনেছিলেন কৃষ্ণ ধামানি। স্কুল কর্তৃপক্ষ চায়, দ্রুত এবং স্বচ্ছতার সঙ্গে পুলিশ তদন্ত শেষ করুক। এরজন্য সমস্ত রকমভাবে সাহায্যের প্রতিশ্রুতি দিয়েছেন তাঁরা।

পোর্টালে নাম থাকলেই স্বাস্থ্যসাথীর আওতায় এবার পরিযায়ী শ্রমিকরাও

দুরন্ত বার্তা ডিজিটাল ডেস্কঃ স্বাস্থ্যসাথী প্রকল্পের সুবিধা পাবেন পরিযায়ী শ্রমিকরাও। গত বৃহস্পতিবার ২০২৪-'২৫ অর্থবর্ষের বাজেটে প্রস্তাব পেশ করলেন রাজ্যের অর্থমন্ত্রী চন্দ্রিমা ভট্টাচার্য। তবে, তার জন্য ভিন রাজ্যে কর্মরত বাংলার শ্রমিকদের ' কর্মসাথী পরিযায়ী শ্রমিক পোর্টাল'-এ নাম নথিভুক্ত করা বাধ্যতামূলক।মন্ত্রী বাজেট বক্তব্যে জানিয়েছেন, পরিযায়ী শ্রমিকেরা তাঁদের কর্মস্থলের হাসপাতালে স্বাস্থ্যসাথী প্রকল্পে বিমার মাধ্যমে চিকিৎসার সুবিধা পাবেন। অর্থাৎ বিমা সংস্থার মাধ্যমে ' ইনশিয়োরেন্স মোড'-এ পরিষেবা মিলবে বলেই মনে করছে স্বাস্থ্যমহল।রাজ্যে প্রথম যখন স্বাস্থ্যসাথী প্রকল্প শুরু হয়েছিল, তখন সেটিও 'ইনশিয়োরেন্স মোড'-এ ছিল। সেই সময় বেসরকারি হাসপাতালের তরফে যে চিকিৎসা বিল পাঠানো হত, তা বিমা সংস্থা পরীক্ষা করে টাকা দিত। স্বাস্থ্য দফতর থেকে টাকা পেত ওই সংস্থা। কিন্তু ক্রমশ স্বাস্থ্যসাথী প্রকল্পের চাহিদা বৃদ্ধি পাওয়ার সঙ্গেই, সময়ে বিল না পাওয়ার অভিযোগ তুলতে শুরু করে বেসরকারি হাসপাতালগুলি। তাতে প্রকল্পের উদ্দেশ্য ধাক্কা খাওয়ায় রাজ্যে স্বাস্থ্যসাথী প্রকল্প ' মোড'-এ করা হয়েছে। অর্থাৎ বেসরকারি হাসপাতালের পাঠানো বিল সরাসরি দেয় স্বাস্থ্য দফতর। যদিও আয়ুষ্মান ভারতের ক্ষেত্রে কোনও কোনও রাজ্য ' ইনশিয়োরেন্স মোড' চালু রেখেছে। কেউ আবার ' মোড'-এ চালাচ্ছে।স্বাস্থ্যসাথী প্রকল্পে পরিযায়ী শ্রমিকদের চিকিৎসা সুযোগ খাতে ১৫০ কোটি টাকা বরাদ্দ করা হয়েছে। নতুন এই প্রকল্পে ২৮ লক্ষের বেশি পরিযায়ী শ্রমিক উপকৃত হবেন। সূত্রের খবর, প্রায় ৪০ লক্ষ শ্রমিক ভিন রাজ্যে কর্মরত। কিন্তু সকলের নাম ' পরিযায়ী শ্রমিক পোর্টাল'-এ নথিভুক্ত নেই। সরকারের কাছে নথিভুক্ত থাকা শ্রমিকেরাই গুরুতর চিকিসার ক্ষেত্রে ভিন রাজ্যে ওই সুযোগ পাবেন। এর জন্য রাজ্য শ্রম দফতরের তরফে আধার নম্বর, কর্মস্থল ও বাসস্থানের ঠিকানা সহ উপভোক্তাদের তালিকা দেওয়া হবে স্বাস্থ্য দফতরকে। বাজেটে পরিযায়ী শ্রমিকদের চিকিৎসা খাতে যে মোট টাকা বরাদ্দ হয়েছে, তা ২৮ লক্ষের হিসেবে মাথাপিছু বার্ষিক প্রিমিয়াম দাঁড়াচ্ছে ৫৩৬ টাকা। এক প্রশাসনিক কর্তার কথায়, ' টাকাতেও যে ভাল কিছু করা যায় সেটি বাজেটে প্রস্তাবিত এই প্রকল্পই প্রমাণ।'' যদিও বিরোধীদের দাবি, মাথা পিছু এত কম প্রিমিয়ামে আদৌ ভিন রাজ্যে স্বাস্থ্যসাথী প্রকল্পের মাধ্যমে চিকিসার সুযোগ কতটা মিলবে তাতে সংশয় রয়েছে। এ ছাড়া, ভিন রাজ্যে থাকা বাকি প্রায় ১২ লক্ষ পরিযায়ী শ্রমিক তো পোর্টালে এরপর নাম লেখাতেই পারেন। তখন তো বরাদ্দ রাতারাতি অনেকটাই বাড়াতে হবে। প্রশাসনিক কর্তাদের দাবি, ' টাকার পরিমাণ কোনও সমস্যা হবে না। পরবর্তী সময়ে প্রয়োজন মতো বরাদ্দ বৃদ্ধিও করার সুযোগ রয়েছে।''ইতিমধ্যে রাজ্যের ২ কোটি ৪৫ লক্ষ পরিবার স্বাস্থ্যসাথী প্রকল্পের অন্তর্ভুক্ত হয়েছে। তালিকাভুক্ত রয়েছে ২ হাজার ৭৪৯টি বেসরকারি হাসপাতাল ও নার্সিংহোম। শুরুর সময় অর্থা ২০১৭ সাল থেকে এখন পর্যন্ত ৬৫ লক্ষ উপভোক্তা পরিষেবা পেয়েছেন। যার জন্য মোট ৮,৬০০ কোটি টাকার বেশি খরচ হয়েছে। গত অর্থবর্ষের বাজেটে স্বাস্থ্যসাথী প্রকল্পে বরাদ্দ ছিল ২,৫১০ কোটি টাকা। এ বার সেটি বেড়ে হয়েছে ২,৭৬৫ কোটি টাকা। তার মধ্যে পরিযায়ী শ্রমিকদের খাতে বরাদ্দ ১৫০ কোটি রয়েছে কি না, তা অবশ্য স্পষ্ট নয়।অন্য দিকে, গত অর্থবর্ষে বাজেটে স্বাস্থ্য দফতরের জন্য মোট বরাদ্দ ছিল ১৮২৬৪.৬২ কোটি টাকা। এ বার সেটি বেড়ে হয়েছে ১৯,৮৫১.৭৩ কোটি।পশ্চিমবঙ্গ পরিযায়ী শ্রমিক কল্যাণ পর্ষদের চেয়ারম্যান তথা রাজ্যসভার সাংসদ সামিরুল ইসলাম বলেন, ' রাজ্যে অসুস্থ হলেও অনেকেই যথাযথ চিকিৎসা করাতে পারেন না অর্থের অভাবে। সেখানে এই প্রকল্পের আওতায় এলে অনেক সুবিধা হবে।'' তবে, বাজেটে তাঁদের জন্য কোনও বরাদ্দ না থাকায় ক্ষোভ প্রকাশ করেছে পশ্চিমবঙ্গ আশা কর্মী সংগঠন। রাজ্য সম্পাদক ইসমত আরা খাতুন বলেন, ' বিভিন্ন প্রকল্পে মাঠেঘাটে নেমে আশাকর্মীরা কাজ করেন। অন্যান্য কাজেও তাঁদের ব্যবহার করা হয়। কিন্তু আশাকর্মীদের মাসিক ভাতা বৃদ্ধি করে কিছুটা আর্থিক সচ্ছলতা দেওয়ার বিষয়ে রাজ্য সরকার ভাবল না। প্রায় ৭০ হাজার আশা কর্মী এই বাজেটে আশাহত।''

প্রধানমন্ত্রী মোদীকে নিয়ে রাহুল গান্ধীর মধ্যে ভয় তৈরি হয়েছেঃকেশব প্রসাদ মৌর্য

লখনউ, ৯ ফেব্রুয়ারি ঃ প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীকে নিয়ে রাহুল গান্ধীর ভয় তৈরি হয়েছে, শুক্রবার কটাক্ষ করে এই মন্তব্য করলেন উত্তর প্রদেশের উপ মুখ্যমন্ত্রী কেশব প্রসাদ মৌর্য। তিনি শুক্রবার সাংবাদিকদের মুখোমুখি হয়ে এই মন্তব্য করেন। মৌর্যের এই মন্তব্য করার একদিন আগে কংগ্রেস সাংসদ রাহুল গান্ধী প্রধানমন্ত্রী সম্পর্কে বলেছিলেন, প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী ওবিসি সম্প্রদায়ভুক্ত নন, তিনি দেশের মানুষকে মিথ্যা কথা বোঝাচ্ছেন।এ প্রসঙ্গে শুক্রবার কেশব প্রসাদ মৌর্য সাংবাদিকদের মুখোমুখি হয়ে বলেন, প্রধানমন্ত্রী মোদীকে নিয়ে রাহুল গান্ধীর ভয় তৈরি হয়েছে। রাহুল গান্ধী জনাদেশকে অমান্য করছেন। সাংসদের প্রধানমন্ত্রী সম্পর্কে একটি ভীতি তৈরি হয়েছে। তিনি সবসময় প্রধানমন্ত্রী সম্পর্কে আক্রমণাত্মক ভাষা ব্যবহার করছেন। মৌর্য এদিন আরও বলেন, সমস্ত সমীক্ষা থেকে এটাই স্পষ্টভাবে বোঝা যাচ্ছে যে, মোদীজি তৃতীয়বারের জন্য প্রধানমন্ত্রী হবেন। এটাই রাহুলের কাছে আসল হতাশার কারণ বলেও উল্লেখ করেন উত্তর প্রদেশের উপ মুখ্যমন্ত্রী কেশব প্রসাদ মৌর্য।

জমির বিনিময়ে রেলে চাকরি মামলাঃ আদালতে হাজিরা রাবড়ি দেবী ও মিসার, পেলেন অন্তর্বর্তী জামিনও

নয়াদিল্লি, ৯ ফেব্রুয়ারি ঃজমির বিনিময়ে রেলে চাকরি মামলায় শুক্রবার দিল্লির রাউস অ্যাভিনিউ আদালতে হাজিরা দিয়েছেন বিহারের প্রাক্তন মুখ্যমন্ত্রী তথা আরজেডি প্রধান লালুপ্রসাদ যাদবের স্ত্রী রাবড়ি দেবী। রাবড়ি দেবী ছাড়াও এদিন দিল্লির রাউস অ্যাভিনিউ আদালতে হাজিরা দিয়েছেন লালুর মেয়ে মিসা ভারতীও। রাবড়ি দেবী, মিসা ও হেমা যাদবকে এদিন অন্তর্বর্তী জামিনও প্রদান করেছে আদালত।এই মামলার পরবর্তী শুনানির দিন, অর্থাৎ আগামী ২৮ ফেব্রুয়ারি পর্যন্ত রাবড়ি দেবী, মিসা ও হেমা যাদবকে অন্তর্বর্তী জামিন প্রদান করেছে আদালত। জমির বিনিময়ে রেলে চাকরি মামলায় শুনানির জন্য এদিন আদালতে হাজিরা দেন রাবড়ি দেবী ও মিসা। আদালত তাঁদের আগামী ২৮ ফেব্রুয়ারি পর্যন্ত অন্তর্বর্তী জামিন প্রদান করেছে, একইসঙ্গে হেমা যাদবকেও অন্তর্বর্তী জামিন প্রদান করেছে আদালত।

পিকনিক করে ফেরার পথে রূপনারায়ণে নৌকাডুবি উদ্ধার একটি দেহ, ৪ জন এখনও নিখোঁজ

দাসপুর, ৯ ফেব্রুয়ারি ঃ পিকনিক করে ফেরার পথে নৌকাডুবিতে মৃত্যু হল একজনের, নিখোঁজ একই পরিবারের অন্তত ৪ জন সদস্য। রূপনারায়ণ নদীতে তল্লাশি চালাচ্ছে বিপর্যয় মোকাবিলা বাহিনী এবং পুলিশ। পুলিশ সূত্রে খবর, হাওড়ার লিলুয়া থানার অন্তর্গত বেলগাছিয়া থেকে কয়েকটি পরিবার পিকনিক করতে গিয়েছিল। প্রথমে বাগনানের বাকসি গিয়েছিলেন তাঁরা। সেখান থেকে নৌকা করে রূপনারায়ণ নদী পেরিয়ে পশ্চিম মেদিনীপুরের দাসপুরের দুধকুমড়া ঘাটের কাছে ত্রিবেণী পার্কে যায়। বৃহস্পতিবার বিকেলে পিকনিক করে জলপথে ফেরার সময় হঠাৎ ওই নৌকাটি উল্টে যায়।তাতে কমপক্ষে ১৪ জন তলিয়ে যান বলে খবর। তবে তাঁদের মধ্যে ৯ জনকে উদ্ধার করা সম্ভব হলেও, ৫ জনের কোনও খোঁজ পাওয়া যায়নি। তাদের মধ্যে শিশুও রয়েছে। বাকি ৫ জনের মধ্যে শুক্রবার সকালে একজনের দেহ উদ্ধার করে এনডিআরএফ। তাঁর বাড়ি হাওড়ার বেলগাছিয়া এলাকায়। এখনও নিখোঁজ ৪ জন। রূপনারায়ণে এখনও চলছে উদ্ধারকাজ। এই দুর্ঘটনার খবর পেয়ে বেলগেছিয়া এলাকায় উদ্বেগ ছড়িয়ে পড়েছে।

শিলিগুড়ি ১৪ নম্বর ওয়ার্ডের তৃণমূল কংগ্রেসের উদ্যোগে দেওয়াল মার্কিন কর্মসূচি

সজল দাশগুপ্ত, শিলিগুড়ি ঃলোকসভা নির্বাচন সামনেই রয়েছে, যদিও দিনক্ষণ এখনো ঠিক হয়নি। তবে খুব একটা বেশি দেরী নেই, বিভিন্ন রাজনৈতিক দলগুলি তাদের হোমওয়ার্ক শুরু করে দিয়েছে। রুটিন মাফিক কর্ম প্রক্রিয়া চলছে, এদিন শিলিগুড়ি ১৪ নম্বর ওয়ার্ডের তৃণমূল কংগ্রেসের উদ্যোগে দেওয়াল মার্কিং কর্মসূচি অনুষ্ঠিত হয়। এই কর্মসূচিতে উপস্থিত ছিলেন সংশ্লিষ্ট ওয়ার্ডের প্রেসিডেন্ট কমল কর্মকার, সংশ্লিষ্ট ওয়ার্ডের কর্মী সুদীপ্ত জানা সহ আরো অনেকেই। এদিন বেলা বারোটা থেকে এই কর্মসূচি চলে, বিভিন্ন দেয়াল গুলি কালি দিয়ে মার্কিং করা হয়।

জোটের আশা রেখে লোকসভার প্রার্থী বাছাই শুরু সিপিএমের

দুরন্ত বার্তা ডিজিটাল ডেস্কঃকংগ্রেসের সঙ্গে জোটের বিষয়টি ইতিবাচক ধরে নিয়েই লোকসভা নির্বাচনের প্রার্থী তালিকা চূড়ান্ত করার কাজ শুরু করে দিতে চায় সিপিএম। সেই মর্মে প্রার্থী বাছাইয়ের কাজ দ্রুত শেষ করতে পার্টির জেলা সম্পাদকদের নির্দেশও দিল আলিমুদ্দিন। পাশাপাশি বিভিন্ন জেলায় বামফ্রন্টের বৈঠক ডেকে তাদের আসন চাহিদার বিষয়গুলি নিয়েও আলোচনা করে নিতে বলা হয়েছে। বৃহস্পতিবার রাজ্য কমিটির বৈঠক শেষে এমনই খবর।এখন প্রদেশ কংগ্রেস যাঁরা চালান, তাঁরা ওই তিন নেতার নাম সুপারিশ করেননি। কিন্তু তুলনায় স্বল্প পরিচিত নেতাদের নাম রয়েছে অথচ অমিতাভেরা নেই, এমন কমিটি দেখার পরে প্রশ্ন উঠেছিল নানা মহলে। শেষ পর্যন্ত বাংলার ভারপ্রাপ্ত এআইসিসি-র পর্যবেক্ষক গুলাম আহমেদ মীর বৃহস্পতিবার বিজ্ঞপ্তি জারি করে নির্বাচনী কমিটিতে তিন জনকে অন্তর্ভুক্ত করার কথা ঘোষণা করেছেন। সর্বভারতীয় কংগ্রেস সূত্রের বক্তব্য, প্রদেশ কংগ্রেস সভাপতি অধীর চৌধুরীর সম্মতি না নিয়েই সরাসরি এআইসিসি ওই তিন জনকে নির্বাচনী কমিটিতে অন্তর্ভুক্ত করেছে। এর আগে অন্য কয়েকটি রাজ্যে এমন ঘটনা ঘটেছে, এ বার বাংলাতেও ঘটল। গোটা ঘটনায় প্রদেশ কংগ্রেস নেতৃত্বের মুখ পুড়ল বলেই দলীয় সূত্রের ব্যাখ্যা। এর আগে রাজ্য থেকে এআইসিসি সদস্য মনোনয়নের সময়েও একই ধরনের ঘটনা ঘটেছিল।অমিতাভ, সন্তোষদের সঙ্গে সিপিএম নেতৃত্বের সম্পর্ক ভাল। বামেদের সঙ্গে কংগ্রেসের আসন সমঝোতার সিদ্ধান্ত হলে তাঁদের ভূমিকা কাজে আসবে বলেই কংগ্রেস সূত্রের মত। অমিতাভের কথায়, ' খড়গে, রাহুল গান্ধী-সহ সর্বভারতীয় কংগ্রেস নেতৃত্বকে ধন্যবাদ। এর আগে বরকত গনি খান চৌধুরী, প্রিয়রঞ্জন দাশমুন্সি, সুব্রত মুখোপাধ্যায়, সোমেন মিত্রদের মতো নেতাদের সঙ্গে এমন কমিটিতে কাজ করেছি। তাই এই বিষয়টা নতুন নয়। এআইসিসি নেতৃত্ব শেষ পর্যন্ত আস্থা রেখেছেন বলে কৃতজ্ঞতা জানাচ্ছি।''ঘটনাচক্রে, এ দিনই সিপিএমের রাজ্য কমিটির দু'দিনের বৈঠক শেষ হয়েছে এবং কংগ্রেসের সঙ্গে সমঝোতার সম্ভাবনা মাথায় রেখেই ফেব্রুয়ারির মধ্যে নির্বাচনী প্রস্তুতি সেরে ফেলার বার্তা সেখানে দেওয়া হয়েছে। তবে প্রয়োজনে একা লড়ার পরিস্থিতি এলেও দল যাতে তৈরি থাকে, তার জন্য প্রাথমিক প্রার্থী বাছাইও করে রাখার জন্য রাজ্য কমিটির জবাবি ভাষণে পরামর্শ দিয়েছেন সিপিএমের রাজ্য সম্পাদক মহম্মদ সেলিম। সূত্রের খবর, কংগ্রেস শেষ পর্যন্ত কী অবস্থান নিচ্ছে, তা স্পষ্ট করে জানানোর জন্য আলিমুদ্দিন স্ট্রিটের তরফে কংগ্রেসের সঙ্গে যোগাযোগও করা হচ্ছে।রাজ্য কমিটির বৈঠকের পরে সিপিএমের রাজ্য সম্পাদক সেলিম বলেছেন, ' কমিটি তৈরির কথা হয়েছে। এখন বুথভিত্তিক কাজ চলছে। এ বার বিধানসভা-কেন্দ্রিক কর্মী সম্মেলন হবে।'' তিনি জানিয়েছেন, আগামী ১৩ ফেব্রুয়ারি শ্রমিক, কৃষক, ক্ষেত মজুর সংগঠন মিলে রাজ্যে যে আইন অমান্য কর্মসূচি নিয়েছে, দল হিসেবে সিপিএম তা সমর্থন করবে। সেলিমের বক্তব্য, ' তারিখ ভাষা দিবসে পালন করা হবে ' বুক ডে'। মাতৃভাষায় মার্ক্সবাদের চর্চায় এই কর্মসূচি হবে।''বাম শ্রমিক, কৃষক ও ক্ষেতমজুর সংগঠনের তরফে এ দিনই জানানো হয়েছে, ১৩ তারিখ জেলা শাসকের দফতরে অভিযান এবং আইন অমান্য আন্দোলন হবে। গোটা দেশে ১৬ তারিখ ওই কর্মসূচির ডাক দেওয়া হলেও পরীক্ষার কারণে এখানে ১৩ তারিখ হবে। সিটুর রাজ্য সম্পাদক অনাদি সাহুর বক্তব্য, ' মোদী সরকার

পূর্ণাঙ্গ পঞ্জিকা

কলকাতা,১০ফেব্রুয়ারি ঃশনিবার, ২৬মাঘ মাস ১৪৩০ বঙ্গাব্দ, ইংরেজীঃ১০ফেব্রুয়ারিঃ ২০২৩, ৫৩৬ চৈতন্যাব্দ, কলিঃ৫১২৩, সৌরঃ২৬মাঘ মাস, চান্দ্র ৭ মধুসূধন মাস, ১৯৪৪ শকাব্দ ২০৭৯ বিক্রম সাম্ব, ২৫৬৫ বুদ্ধাব্দঃ, বাংলাদেশঃ২৬মাঘ মাস ১৪৩০, ভারতীয় সিভিলঃ২১মাঘ মাস ১৯৪৪, মৈতৈঃ১৪ শজিবু, আসামঃ২৬ চ'ত, মুসলিমঃ৬-ইদ-১৪৪৩ হিজরী শ্রীশ্রী অন্নপূর্ণাপূজার গতস্থাপন (সপ্তমী)সূর্য উদয়ঃ সকাল ০৫ঃ ২৪ঃ২৫ এবং অস্তঃবিকাল ০৫ঃ ০০। চন্দ্র উদয়ঃসকাল ১০ঃ১ঃ ২২(৮) এবং অস্তঃরাত্রি ১২ঃ১৬ঃ ৫০(৮)শুক্ল পক্ষ তিথিঃসপ্তমী (ভদ্রা) রাত্রিঃ০৮ঃ২৮ঃ০১ দং ৩৭ঃ৩৮ঃ৪৫ পর্যন্ত নক্ষত্রঃআর্দ্রা রাত্রিঃ১১ঃ২৮ঃ০১ দং ৪৫ঃ৮৪৫ পর্যন্ত পরে পুনর্বসুকরণঃবণিজ রাত্রিঃ০৮ঃ২৮ঃ০১ দং ৩৭ঃ৩৮ঃ৪৫ পর্যন্ত পরে বিষ্টিযোগঃঅতিগণ্ড অমৃতযোগঃদিন ০৫ঃ২৪ঃ৩১ থেকে - ০৭ঃ০৪ঃ১২ পর্যন্ত, তারপর ০৭ঃ৫৪ঃ০২ থেকে - ১০ঃ২৩ঃ৩৩ পর্যন্ত, তারপর ১২ঃ ৫৩ঃ০৪ থেকে - ০২ঃ৩২ঃ৪৫ পর্যন্ত, তারপর ০৪ঃ১২ঃ২৫ থেকে - ০৫ঃ৫২ঃ০৬ পর্যন্ত এবং রাত্রি ০৭ঃ২৪ঃ২৫ থেকে - ০৮ঃ৫৬ঃ ৪৫ পর্যন্ত, তারপর ০৩ঃ০৬ঃ০২ থেকে - ০৩ঃ৫২ঃ১২ পর্যন্ত। মহেন্দ্রযোগ রাত্রি ১০ঃ২৯ঃ০৪ থেকে - ১১ঃ১৫ঃ১৪ পর্যন্ত, তারপর ০৩ঃ৫২ঃ১২ থেকে - ০৫ঃ২৪ঃ৩১ পর্যন্ত। কুলিক বেলাঃ দিন ০৭ঃ৫৪ঃ০২ থেকে - ০৮ঃ ৪৩ঃ৫২ পর্যন্ত। কুলিক রাত্রিঃ০৭ঃ ২৪ঃ২৫ থেকে - ০৮ঃ১০ঃ৩৫ পর্যন্ত। বারবেলাঃ দিন ০৮ঃ৩১ঃ ২৫ থেকে - ১০ঃ০৪ঃ৫২ পর্যন্ত। কালবেলাঃদিন ১০ঃ০৪ঃ৫২ থেকে - ১১ঃ৩৮ঃ১৮ পর্যন্ত। কালরাত্রিঃ০৮ঃ৪৫ঃ১২ থেকে - ১০ঃ১১ঃ৪৫ পর্যন্ত। গ্রহস্ফুট (সূর্য উদয় কালীন)ঃরবিঃ১১ঃ২৪৪ ৬১৯ (২৭) ৩ পদচন্দ্রঃ ২২১৫২৫০ (৭) ১ পদমঙ্গলঃ ৯২৭৫৩৫৯ (২৩) ২ পদবুধঃ ০২২২৫ (১) ১ পদবৃহস্পতিঃ ১০২৯৪২২৩ (২৫) ৩ পদশুক্রঃ ১০৮১৭৩ (২৪) ১ পদশনিঃ ৯২৫৪৩০ (২৩) ১ পদরাহুঃ ১২২৭৫৩ (৩) ২ পদকেতুঃ ৭২২৭৫৩ (১৬) ৪

আবহাওয়া

বৃষ্টির হতে পারে নাও হতে পারে। তাপমাত্রা সর্বোচ্চ ২৮.৩ডিগ্রী সেলসিয়াস ও (২) সর্বনিম্ন ১৯.০২ডিগ্রী সেন্টিগ্রেড ও (১) দিনের বেলায়। আপেক্ষিক আর্দ্রতা হবে ৯২শতকরা এবং ৪১শতকরা। বৃষ্টি হয়নি শুক্রবার । জোয়ার-সকাল ৫টা ২১ মিনিট এবং রাত৭টা ২০মিনিট হবে। ভাটা-সকাল-৫টা ২০মিনিট। রাত-৯টা২১ মিনিট। সূর্য উদয় আজঃ ৬ টা ১৫মিনিটে এবং সূর্য অস্ত যাবে ঃ ৫ টা ১৫ মিনিটে।

রাশিফল

মেষরাশিঃমদ্যপানের অভ্যাস থেকে মুক্তি পাওয়ার পক্ষে এটি একটি অত্যন্ত শুভ দিন। শুভ **বৃষভ রাশিঃ**আপনার খাবার সম্পর্কে সঠিক যত্ন নিন, বিশেষ করে মাইগ্রেনের রোগীরা, যাঁদের খাওয়া বাদ দেওয়া উচিত নয় । **মিথুন রাশিঃ**স্ত্রীর ব্যাপারে অযথা নাক গলাবেন না- তাতে স্ত্রী রুষ্ট হবে। এর থেকে বরং নিজের দিকে নজর দিন। কিছু জিনিসে হস্তক্ষেপ করা যেতে পারে নাহলে নির্ভরশীলতা এসে যাবে। শুভ **কর্কট রাশিঃ**আজ কল্যাণকর দিন এবং আপনি হয়তো একটি দীর্ঘমেয়াদী অসুস্থতা থেকে মুক্তি পেতে পারেন। শুভ **সিংহরাশিঃ**সংসারে শান্তি হতে পারে। বিবাহের যোগ হতে পারে **কন্যারাশিঃ**বিদেশ যাত্রা শুভ। সন্তান হতে পারে আজকের দিনে **তুলারাশিঃ**স্বাস্থ্যের দিক থেকে এটি অত্যন্ত ভালো দিন। শুভদিন **বৃশ্চিক রাশিঃ** আপনি আপনার শারীরিক মনোবল বজায় রাখার জন্য খেলাধুলায় আপনার সময় ব্যয় করুন। সংসারে শান্তি হবে **ধনু রাশিঃ** আপনার ঈর্ষাপরায়ণ ব্যবহার আপনাকে দুঃখিত এবং অবসাদগ্রস্ত করতে পারে। আর্থিক সীমাবদ্ধতা এড়াতে আপনার বাজেটে আটকে থাকুন। শুভদিন **মকর রাশিঃ**বন্ধুরা সহায়ক হবে এবং আপনাকে খুশি রাখবে। আপনি আজ আপনার অর্থ সঞ্চীর খারাপ স্বাস্থ্যের জন্য ব্যয় করতে **কুম্ভ রাশিঃ**কটি খুশির দিনে মানসিক উত্তেজনা এবং চাপ এড়িয়ে চলুন। এটি আরেকটি উচ্চ-শক্তিসম্পন্ন দিন এবং অপ্রত্যাশিত লাভ আগে থেকেই দেখা যাচ্ছে। শুভদিন। **মীন রাশিঃ**অত্যন্ত প্রভাবশালী ব্যক্তিদের সমর্থন আপনার সাহসকে এক বড় উৎসাহন করবে। আজ ঘনিষ্ঠ বন্ধু র সহায়তায় কিছু ব্যবসায়ী, আর্থিক লাভের সম্ভাবনা রয়েছে। এই অর্থ আপনার অনেক ঝামেলা কাটিয়ে উঠতে পারে। এই মূহুর্তে বাচ্চা আর পরিবার আপনার প্রধান লক্ষ্য। আপনার প্রিয়জন ঘৃণা

জেল থেকেই সরকার গড়ার আত্মবিশ্বাস ইমরান খানের

দুরন্ত বার্তা ডিজিটাল ডেস্কঃ জেলবন্দি, নির্বাচনে লড়তে পারছেন না। তাও সরকার গড়ার দৌড়ে এগিয়ে রয়েছেন পাকিস্তানের প্রাক্তন প্রধানমন্ত্রী ইমরান খান। ফল ঘোষণার আগেই তাই জয়ের উচ্ছ্বাস প্রাক্তন প্রধানমন্ত্রীর গলায়। জয় নিশ্চিত, এই দাবি করে ইমরান বলেন, সাধারণ মানুষ তাদের মত জানিয়েছেন। আমাদের দলকে জয়ী করার জন্যই বিপুল সংখ্যক মানুষ এসে ভোট দিয়েছেন।ব্যাপক নাশকতার মধ্যেই বৃহস্পতিবার ভোট হয়েছে পাকিস্তানে। অশান্তি এড়াতে দেশজুড়ে মোবাইল পরিষেবা বন্ধ রেখেছিল প্রশাসন। তার জেরেই ব্যাহত হয়েছে ভোট গণনার প্রক্রিয়া, এমনটাই দাবি করেছে পাকিস্তানের স্বরাষ্ট্রমন্ত্রক। গোটা পরিস্থিতি নিয়ে উদ্বেগ প্রকাশ করেছেন মার্কিন সাংসদ ব্র্যাড শেরমান। তিনি বলেন, নির্বাচনের ফল ঘোষণা করতে পাকিস্তান যেন অহেতুক দেরি না করে। সংবাদমাধ্যমও যেন স্বচ্ছভাবে নির্বাচনের ফলাফল প্রকাশের স্বাধীনতা পায়। শুক্রবার ভোরবেলা ফল প্রকাশের ঘোষণা শুরু করে পাকিস্তানের নির্বাচন কমিশন।

পিকনিক করে ফেরার পথে রূপনারায়ণে নৌকাডুবি উদ্ধার একটি দেহ, ৪ জন এখনও নিখোঁজ

দুরন্ত বার্তা, উলুবেড়িয়া, ৯ ফেব্রুয়ারি ঃ রূপনারায়ণ নদে নৌকাডুবি যনর্ঘোজ কমপক্ষে ৫। এর মধ্যে রয়েছে এক শিশুও, এক কিশোর ও দুই বৃদ্ধ ও এক বৃদ্ধা। চারজনের বাড়ি হাওড়া এবং একজনের বাড়ি বাগনানের মানকুর। বৃহস্পতিবার বিকেলে ঘটনাটি ঘটে দাসপুর থানার দুধকোমরা এবং হাওড়ার বাগনান থানার চিতনান এলাকার মাঝে রূপনারায়ণ নদে। পুলিশ জানিয়েছে নিখোঁজেরা হলেন অঙ্কিতা পাল (৭), প্রীতম মান্না (১৭), অচ্যুৎ সাহা, অমর ঘোষ ও তার স্ত্রী সঙ্গীতা ঘোষ। প্রীতমের বাড়ি মানকুরে। বাকি চারজনের বাড়ি হাওড়ার বেলগাছিয়ার লিচু বাগান এলাকায়। নিখোঁজদের সন্ধানে এলাকার মাঝিদের নিয়ে পুলিশ রূপনারায়ণ নদের মানকুর বাঁক্সি সহ বিভিন্ন জায়গায় তল্লাশি করছে। আসছে জাতীয় বিপর্যয় মোকাবিলা দপ্তরের টিমও। খবর পেয়ে ঘটনাস্থলে আসেন হাওড়া গ্রামীণ পুলিশের সুপার স্বাতী ভাঙ্গালিয়া, ছিলেন আমতার বিধায়ক সুকান্ত পাল , বাগনান এক নম্বর পঞ্চায়েত সমিতির সদস্য সুপ্রিয় সিংহ প্রমূখ। জানা গিয়েছে মোট ১৮ জনের একটি দল মানকুর থেকে নৌকায় চেপে পশ্চিম মেদিনীপুরের দুধকুমরার ত্রিবেনী পার্কে চড়ুইভাতি করতে আসে। চড়ুইভাতি শেষে তারা ফের নৌকায় চেপেই মানকুরের

দিকে ফিরছিলেন। সেই সময়ই কোন কারণে নৌকা কাত হয়ে যায় এবং তারপরে ডুবে যায়। সকলেই নদীতে পড়ে যান। নৌকা ডুবতে দেখে নদীতে থাকা ও পাড়ে থাকা অন্যান্য নৌকার মাঝিরা নৌকা নিয়ে নদীতে চলে যায়। উদ্ধার কাজ করেন। তারা ১৩ জনকে উদ্ধার করতে সক্ষম হন। বাকিরা এখনো নিখোঁজ। জানা গিয়েছে, হাওড়ার বেলগাছিয়ার লিচুবাগান থেকে ১৩ জন এসেছিলেন। আর মানকুরের পাঁচজন ছিলেন। মহাদেব কর্মকার ছিলেন মূল উদ্যোক্তা। তিনি তার পরিচিত গণেশ মান্নার বাড়িতে মানকুরে এসেছিলেন। সেখান থেকেই তারা চড়ুইভাতি করতে যাওয়ার পরিকল্পনা করেছিলেন। গণেশ মান্না নিজেও এদিন পিকনিকে গিয়েছিলেন। তিনি বলেন যাওয়ার সময় নৌকা দুটি খেপে ১৮ জনকে ভাগ করে নিয়ে গিয়েছিলেন। আর ফেরার সময় একটি খেপেই সকলকে নিয়ে ফিরছিলেন আর এতেই সমস্যা হয়েছে। যাত্রীদের মধ্যে অনেকে বলেছেন নৌকায় জল ছিল। তারা নৌকার মাঝিকে জল বের করে নৌকা ছাড়ার কথা বললেও তিনি তা শোনেননি। এদিকে এই খবর পেয়ে বেলগাছিয়ার লিচু বাগানে নেমে এসেছে উৎকণ্ঠা। জানা গিয়েছে এদিন আটটা সাড়ে আটটা নাগাদ লোকেরা যে যার নিজেদের ব্যক্তিগত গাড়ি করে মানকুরের উদ্দেশ্যে রওনা দিয়েছিলেন। এখানে দশটা সাড়ে দশটা নাগাদ পৌঁছান এবং তারপরেই নৌকায় করে দুধকোমরার উদ্দেশ্যে রওনা দেন। দুধকোমরায় তারা পৌঁছেছিলেন সাড়ে বারোটা নাগাদ। বেলগাছিয়ার বাসিন্দারা জানিয়েছেন বিকেল চারটে সাড়ে চারটের পর থেকে তারা আর কোন কারো ফোনে পাননি। সন্ধ্যার পর মানে রাতের দিকে কেউ তারা ফোন করে জানতে পারে নৌকাডুবি হয়েছে। এখন তাদের একটাই প্রার্থনা সকলে যেন জীবিত অবস্থায় বাড়িতে ফিরে আসেন।

মেডিক্যাল বোর্ড গঠন না করেই তড়িঘড়ি তরুণীর গর্ভপাত, প্রশ্ন হাই কোর্টের

দুরন্ত বার্তা, কলকাতা, ৯ ফেব্রুয়ারি ঃ অন্ত ঃসত্ত্বা তরুণীর গর্ভপাতের জন্য আগে মেডিক্যাল বোর্ড গঠন করতে বলেছিল কলকাতা হাই কোর্ট। কিন্তু সেই বোর্ড গঠন না করেই তড়িঘড়ি তরুণীর গর্ভপাত করান কলকাতার বাঙুর হাসপাতালের চিকিৎসকেরা। তার পরই এই বিষয়ে ওই চিকিৎসদের কাছে কৈফিয়ত তলব করে উচ্চ আদালত। শুক্রবার হাই কোর্টে বিচারপতি সব্যসাচী ভট্টাচার্যের এজলাসে একটি রিপোর্ট দিয়ে তড়িঘড়ি গর্ভপাত করানোর কারণ ব্যাখ্যা করলেন বাঙুরের চিকিৎসকেরা। শুক্রবার মেডিক্যাল রিপোর্ট দিয়ে চিকিৎসকেরা আদালতকে জানিয়েছেন, যদি তাঁরা মেডিক্যাল বোর্ড গঠন করে, তার পর বোর্ডের দেওয়া রিপোর্ট হাই কোর্টে জমা দিয়ে গর্ভপাত করানোর প্রক্রিয়া শুরু করতেন, তবে ওই তরুণীর শারীরিক পরিস্থিতির আরও অবনতি হতে পারত। আরও বিলম্ব হলে ওই তরুণীর জীবনহানি হতে পারতও বলে আদালতকে জানান চিকিসকেরা। একই সঙ্গে চিকিসকেরা জানান, তরুণীর শরীর থেকে রক্তপাত হচ্ছিল। তাই দ্রুত তাঁর গর্ভপাত করানো প্রয়োজন ছিল। চিকিৎসকদের বক্তব্য শুনে বিচারপতি ভট্টাচার্য বলেন, আদালতের নির্দেশ কার্যকর না করে চিকিৎসকেরা এ ক্ষেত্রে ঠিক করেছেন, কোনও ভুল করেননি। একই সঙ্গে তিনি জানান, আদালত ওই চিকিৎসকদের বিরুদ্ধে কোনও পদক্ষেপ করবে না।

কোহলির বাবা হওয়া নিয়ে, হঠাৎ উল্টো সুর ডিভিলিয়ার্সের

দুরন্ত বার্তা ডিজিটাল ডেস্কঃ' ভুল করে ফেলেছি। ক্ষমা চাইছি।' বন্ধু বিরাটের ব্যক্তিগত জীবন নিয়ে মন্তব্য করায় এবার প্রকাশ্যে ক্ষমা চাইলেন এবি ডিভিলিয়ার্স। কিন্তু হঠাই কেন উলটো সুর প্রোটিয়া তারকার গলায়?এক সপ্তাহ আগেই ডিভিলিয়ার্স বলেছিলেন যে, বিরাট দ্বিতীয় বার বাবা হচ্ছেন। সেই কারণেই ইংল্যান্ডের বিরুদ্ধে টেস্ট দলে খেলছেন না তিনি। কিন্তু এক সংবাদ মাধ্যমকে দেওয়া সাক্ষাকারে ডিভিলিয়ার্স নিজের দেওয়া সেই তথ্য ভুল বলে দাবি করেছেন। ডিভিলিয়ার্সের নতুন দাবি, আমি খুব ব। একটা ভুল করে ফেলেছি। ভুল তথ্য ছা।য়ে দিয়েছিলাম। বিরাটের পরিবারের ভাল হোক। কেউ জানে না কী হচ্ছে। আমি শুধু ওদের শুভেচ্ছা জানাতে চাই। যে কারণেই বিরাট বিশ্রাম নিয়ে থাকুক, আশা করি ও আরও শক্তিশালী হয়ে ক্রিকেটে ফিরবে। আরও তরতাজা থাকবে।কিছু দিন আগে একটি ইউটিউব ভিডিয়োয় বিরাটকে নিয়ে প্রশ্নের জবাব দিয়েছিলেন ডিভিলিয়ার্স। তিনি বলেছিলেন, আমি যত দূর জানি, ওদের পরিবারে সব ঠিক আছে। বিরাট পরিবারের সঙ্গে একটু বেশি সময় কাটাচ্ছে। সেই কারণেই প্রথম দুই টেস্টে ও খেলছে না। আমি ওকে মাঠে দেখার জন্য মুখিয়ে আছি।

আজ সল্টলেকের বিবেকানন্দ যুবভারতী ক্রীড়াঙ্গনে মাননীয়া মুখ্যমন্ত্রী শ্রীমতী মমতা বন্দোপাধ্যায়ের অনুপ্রেরণায় পশ্চিমবঙ্গ সরকারের যুব কল্যাণ ও ক্রীড়া দপ্তর আয়োজিত 'পশ্চিমবঙ্গ রাজ্য ছাত্র যুব বিজ্ঞান মেলা '২০২৩-২৪ এর পুরস্কার বিতরণী অনুষ্ঠানে ছাত্র-ছাত্রীদের হাতে পুরস্কার তুলে দেন যুব কল্যাণ ও ক্রীড়া দপ্তরের মাননীয় মন্ত্রী শ্রী অরূপ বিশ্বাস ও মাননীয় মন্ত্রী শ্রী ইন্দ্রনীল সেন। ছবি সুবল সাহা।

ভাঙড়ে স্কুলের পাশে উদ্ধার 'তাজা বোমা', ছড়াল চাঞ্চল্য

দুরন্ত বার্তা, ভাঙড়, ৯ ফেব্রুয়ারি ঃ তৃণমূল কংগ্রেস নেতা আরাবুল ইসলাম গ্রেফতার হওয়ার পরবর্তী দিনই দক্ষিণ ২৪ পরগনার ভাঙড়ে উদ্ধার হল বোমা। ভাঙড়ের পোলেরহাট থানার অন্তর্গত পোলেরহাট হাই স্কুলের পাশে আবর্জনা স্তূপ থেকে সেই তাজা বোমাগুলি উদ্ধার করা হয়। কয়েক জন স্থানীয় বাসিন্দা বোমাগুলি দেখতে পেয়ে থানায় খবর দেন। এর পর ঘটনাস্থলে পৌঁছন পোলেরহাট থানার পুলিশ কর্মীরা। বোমাগুলি উদ্ধার করে নিয়ে যায় পুলিশ। ভাঙড়ে নতুন করে বোমা উদ্ধারকে কেন্দ্র করে এলাকায় আতঙ্ক ছড়িয়েছে। যে স্কুলের পাশ থেকে বোমা উদ্ধার হয়েছে, সেখানে মাধ্যমিক পরীক্ষার সেন্টার হওয়ায় স্বাভাবিক ভাবেই আতঙ্ক ছড়িয়েছে ছাত্র-ছাত্রীদের মধ্যেও। উল্লেখ্য, বৃহস্পতিবারই ভাঙড়ের প্রাক্তন বিধায়ক আরাবুলকে গ্রেফতার করেছে উত্তর কাশীপুর থানার পুলিশ। পুলিশ জানিয়েছে, তৃণমূল নেতা আরাবুলের বিরুদ্ধে খুনের অভিযোগ রয়েছে। একই সঙ্গে রয়েছে সরকারি সম্পত্তি ভাঙচুর, আগ্নেয়াস্ত্র-সহ দলবদ্ধ ভাবে আক্রমণের অভিযোগও।

ভবাপাগলা মহাসম্মেলনের উদ্যোগে মানব ধর্মের সভাযাত্রা

সুবল সাহা, কলকাতা, ৯ ফেব্রুয়ারি ঃ ৮ই ফেব্রুয়ারি ২০২৪ ভবাপাগলা মহাসম্মেলনের উদ্যোগে মানব ধর্মের সভাযাত্রা সকল ধর্ম মতকে একত্রিত হওয়ার আহ্বানে ভবাপাগলা ও লোকনাথ বাবার ভক্তোগন উদ্যোগে দক্ষিণেশ্বর আদ্যাপীঠ মন্দির থেকে দীঘার ভবার হরবোলা মন্দির পর্যন্ত এক বিরাট ধর্মীয় শোভাযাত্রার আয়োজন করা হয়।ভবা পাগলার মহাসম্মেলনের উদ্যোগে মানবধর্ম দিঘার ভবা হরবোলার মঃিদরে ৮,৯,১০ ফেব্রুয়ারি ২০২৪ তিন দিনব্যাপী বিরাট মহাযজ্ঞের ধর্মিয় আলোচনা ও সাধন সংগীত আয়োজন করা হয়।ভবা পাগলার মহাসম্মেলনের মানবধর্ম শোভাযাত্রায় উপস্থিত ছিলেন মানবধর্ম ভবাপাগলা মহা সম্মেলনের আচার্য ডঃ গোপাল ক্ষেত্রী,ভবা পাগলার জ্যৈষ্ঠ পৌত্র সঞ্জয় চৌধুরী,দক্ষিণেশ্বর আদ্যাপীঠের ব্রহ্মচারী মুরাল ভাই,পদ্মশ্রী মাসুম আক্তার,সিটি কেবিলের কর্ণধার তিনকড়ি দত্ত,জামাত-ই-ইসলামী হিঃদ শেখ তাহের উদ্দিন,আচার্য কমল মৈত্র,রাজরাজেশ্বরী মা,ডঃ বিষব শ্রিকান্ত দাস সকল ধর্মীয় প্রতিষ্ঠানের ধর্মগুরুরা ও অনেক মঃিদরের বিশিষ্ট গুনিজন উপস্থিত ছিলেন।

ভাবাদীঘির গ্রামবাসীরা অধীর আগ্রহে তাকিয়ে আছেন সেখানে রেলস্টেশন তৈরির জন্য

দুরন্ত বার্তা, কলকাতা, ৯ ফেব্রুয়ারী ঃভাবাদীঘির গ্রামবাসীরা অধীর আগ্রহে তাকিয়ে আছেন সেখানে রেলস্টেশন তৈরির জন্য - এ কথা জানা গেল পূর্ব রেলের মুখ্য জনসংযোগ দপ্তরের কর্মীরা গতকাল ভাবাদীঘি পরিদর্শনের সময়। ওখানকার অপু-দুর্গারা এই রেল আধিকারীকদের কাছে জানতে চায় ভাবাদীঘি দিয়ে তারা কবে ট্রেন দেখতে পাবে। গতকাল ভাবাদীঘির উপর দিয়ে প্রস্তাবিত রেললাইনের কাজ পরিদর্শন করতে গিয়ে গ্রামবাসীদের চাহিদার কথা জানতে পারেন পূর্ব রেলের মুখ্য জনসংযোগ অফিসের কর্মীরা। গ্রামবাসীদের সঙ্গে আন্তরিক আলাপচারিতায় তাঁরা জানতে পারেন ভাবাদীঘির স্থানীয় লোকজনও চায়, এখানে হোক রেল স্টেশন, যেখান থেকে তাদের সরাসরি অল্প খরচে ও কম সময়ে তারকেশ্বর বা কলকাতায় যাওয়া সহজ হবে।ভাবাদীঘির আবাল-বৃদ্ধ-বণিতা রাজনীতি বোঝেন না। তাঁরা মনে প্রানে চান এই এলাকার সামগ্রীক উন্নতি যা রেললাইন ছাড়া কোনদিনই সম্ভব হবে নয়। প্রস্তাবিত

প্রকল্পটি সম্পন্ন হলে উন্নত যোগাযোগ ব্যবস্থার পাশাপাশি ক্ষুদ্র মাপের শিল্প বিকাশে সাহায্য হবে সঙ্গে অর্থনৈতিক অবস্থারও উন্নতি হবে। এই রেল লাইন স্থাপনের কারণে কর্মসংস্থানের পথও সুগম হবে। আপামর গ্রামবাসী রাজ্য সরকার ও কেঃদ্রীয় সরকারের কাছে এই রেল লাইন তৈরির কাজ সম্পন্ন করার আবেদন জানিয়েছেন।গ্রামবাসী ও ভারতীয় রেলের সার্বিক প্রচেষ্টায় আগামী দিনে রেল মানচিত্রে জায়গা করে নেবে সেখানকার অপু-দূর্গা আর তাদের ভাবাদীঘির গল্প।

আমফানের চার বছর পর ক্ষতিপূরণের টাকা রিফান্ড চেয়ে নোটিস ব্লক প্রশাসনের

প্রকাশ মন্ডল, হুগলি,৯ ফেব্রুয়ারি ঃ আমফানের চার বছর পর ক্ষতিপূরণের টাকা রিফান্ড চেয়ে নোটিস ব্লক প্রশাসনের।২০২০ সালের ২০ মে মাসে সুপার সাইক্লোন আমফানের তান্ডবে রাজ্যে ব্যাপক ক্ষতির মুখে প।নে বহু মানুষ।কেন্দ্রের তরফ থেকে এ রাজ্যের জন্য ক্ষতিপূরণ বাবদ ৩,৭০৭ কোটি টাকা বরাদ্দ করা হয়।ক্ষতির পরিমাণ পরিমাপ করে ক্ষতিগ্রস্ত দের অনুদান বন্টন করে রাজ্য সরকার। আংশিক ক্ষতি গ্রস্তদের জন্য পাঁচ হাজার টাকা,মাঝারি ক্ষতিগ্রস্ত দের দশ হাজার টাকা এবং সম্পূর্ণ ক্ষতিগ্রস্ত দের জন্য ২০ হাজার টাকা অনুদান দেওয়া হয়। তবে সেই সময় আমফানে ক্ষতি পূরণের নামে ব্যাপক আর্থিক দুর্নীতির অভিযোগ উঠেছিল রাজ্যের বিভিন্ন প্রান্তে।সেই সময় হাই কোর্টের নির্দেশে সিএজি ক্ষতিপূরণ প্রাপক দের তালিকা যাচাই করে।সি এ জির রিপোর্ট অনুযায়ী ক্ষতিগ্রস্তদের মধ্যে একই ব্যক্তিকে দুবার করে ক্ষতি পূরণ দেওয়া হয়েছে বলে একটি তালিকা প্রকাশ করে এবং প্রতিটি জেলায় সেই তালিকা পাঠিয়ে দেওয়া হয় জেলা প্রশাসনের কাছে। সেই মত টাকা ফেরতের জন্য সেই সময় ব্যাপক তপরতা লক্ষ করা গিয়েছিল সমস্ত জেলায়। এবার চার বছর পর ক্ষতি পুরণেরর অতিরিক্ত টাকা ফের চেয়ে নোটিশ পাঠানো হয়েছে তারকেশ্বর ব্লকের বেশ কয়েক জন আমফানে অনুদান প্রাপককে।তার মধ্যে নোটিস প্রাপক তারকেশ্বরের চাঁপাডাঙ্গা পঞ্চায়েতের গনাদ পা।। এলাকার বাসিন্দা প্রশান্ত চক্রবর্তীর বা।তে পৌঁছে গিয়েছিলাম আমরা।প্রশান্ত বাবুর বাড়ি গিয়ে যা

ছবি ধরা পড়লো তা প্রায় আতঁকে ওঠার মত।চার বছর পরও আমফানের চিন্হ এখনো বর্তমান। ছিটে বেড়া দেওয়া ঘরের দেওয়াল,ভাঙা এসবেস্টারের চাল।কোনো রমকে মা,স্ত্রী ও দুই মেয়েকে নিয়ে থাকেন প্রশান্ত চক্রবর্তী।১৬ সালে একটি দুর্ঘটনায় ভেঙেছিল কোম। তার পর থেকে উঠে দাঁড়াতে পারেননি তিনি। বর্তমানে মায়ের বার্ধক্যভাতা,স্ত্রীর লক্ষী ভান্ডার এবং নিজে পূজা-অর্চনা ও ভিক্ষা করে কোনো রকমে দু বেলা আধ পেটা খেয়ে জীবন যাপন করছেন তার গোটা পরিবার তার উপর দুই মেয়ের লেখা প।ার খরচ জোটাতে হিমশিম খেতে হচ্ছে প্রশান্ত বাবুকে। সেই সময় আমফানের তান্ডবে বাড়িতে গাছ পরে ভেঙেছিল বাড়ি ,সেই ভাঙা বাড়িতেই আজও বসবাস করছেন তিনি ও তার পরিবার।সেই সময় ক্ষতিপূরণের আবেদন করে দশ হাজার টাকা ক্ষতি পূরণও পেয়েছিলেন বলে দাবি তাঁর।তবে ২০ সালের আগস্ট মাসে ক্ষতিপূরণ পাবার পর ব্লক প্রশাসনের তরফ থেকে অতিরিক্ত টাকা ফেরত চেয়ে ২০ সালের সেপ্টেম্বর মাসে ইস্যু হওয়া একটি নোটিশ পান ২২ সালের জানুয়ারি মাসে।দের বছর পর কেন নোটিশ এই নিয়েও উঠেছিল প্রশ্ন।তবে সেই সময় প্রশান্ত বাবু একবারে বিছানাগত ছিলেন তাই ব্লক প্রশাসনের সাথে যোগাযোগ করে উঠতে পারেননি বলে দাবি তার।তবে আবার একই নোটিশ পেয়ে দিশাহারা প্রশান্ত বাবুর দিন কাটছে দুশ্চিন্তায়।কিভাবে দেবেন এত গুলো টাকা যেখানে সংসারে নুন আনতে পান্তা ফুরানোর মত অবস্থা।যদিও তারকেশ্বর ব্লকের পঞ্চায়েত সমিতির সভাপতি কৃষ্ণা অধিকারী বলেন আমফানে ক্ষতিগ্রস্ত দের ক্ষতিপূরণ দেওয়ার ব্যাপারে গাফিলতির বিষয়টি খতিয়ে দেখা হবে ব্লক প্রশাসনের তরফ থেকে।তবে যাদের টাকা ফেরত দেওয়ার মত অবস্থা নেই তাদের বিষয়টি বিবেচনা করে দেখা হবে এবং প্রশান্ত চক্রবর্তীর বিষয়টিও বিবেচনা করে দেখা হবে।

পূর্ব রেলের সৌর বিদ্যুৎ উৎপাদন দ্বিগুণ হল

কলকাতা, ৯ ফেব্রুয়ারী ঃ পূর্ব রেলওয়ে প্রাকৃতিক সম্পদ সংরক্ষণ ও সেই সঙ্গে অচিরাচরিত শক্তি ব্যবহার করে বৈদ্যুতিক শক্তি ব্যবহারে সাশ্রয় ও ব্যয় হ্রাসের দিকে আরো এগিয়ে ২০২৩ - ২৪ আর্থিক বছরে এ পর্যন্ত মোট ৭.৯৯ গ্বচ্ছ শক্তি সম্পন্ন সৌর বিদ্যুৎ উপন্নকারী প্ল্যান্ট বিভিন্ন স্টেশনে স্থাপন করেছে। এর ফলে এ পর্যন্ত পূর্ব রেলওয়ের স্থাপিত সৌর বিদ্যুৎ প্ল্যান্টগুলি থেকে মোট ১৬.৬৪৩ MWp ক্যাপাসিটির সৌর বিদ্যুৎ উৎপন্ন করা সম্ভব হচ্ছে। পূর্ব রেলের এই সৌর বিদ্যুৎ প্ল্যান্টগুলি থেকে ২০২৩ - ২৪ সালে মোট উৎপন্ন সৌর শক্তির পরিমাণ ৮.৯৯ মিলিয়ন ইউনিট যা পূর্ববর্তী বছরের মোট পরিমাণের দ্বিগুণ। সৌর বিদ্যুৎ উপাদনে পূর্ব রেলের এই আর্থিক বছরে এ পর্যন্ত মোট সাশয় হয়েছে ৫.৪৭ কোটি টাকা। অচিরাচরিত শক্তি ব্যবহারে পূর্ব রেলের এই উদ্যোগ এক নিদর্শন স্থাপন করে ১ বছরের মধ্যেই বাণিজ্যিক ভাবে ব্যবহার করা যেতে পারে, এমন বিদ্যুৎ উপাদনের পরিমাণ প্রায় দ্বিগুণ করে তুলেছে।এছাড়াও পাওয়ার ফ্যাক্টরের উন্নতির কারণে এই আর্থিক বছরে এখনো পর্যন্ত ৩ কোটি ২৭ লক্ষ টাকা সাশ্রয় করা সম্ভব হয়েছে। পাওয়ার ফ্যাক্টরের উন্নতি সাধনে এই সাশ্রয় সুইচিং ডিভাইসগুলি যথোপযুক্ত ব্যবহার ও বিদ্যুৎ তরঙ্গের যথাপযুক্ত ইম্পিডেন্স সম্পন্ন গ্রিডে রুটিং করার মাধ্যমেই সম্ভব হয়েছে।এছাড়াও সাশ্রয়কারী ৩-ফেজ ইলেকট্রিক লোকোমোটিভ ব্যবহার করছে পূর্ব রেলওয়ে।

TIRRIHANNAH COMPANY LIMITED
CIN No : L6599WB1908PLC1838
Regd. Office : 5, Kiran Shankar Roy Road, Kolkata-700 001
Tel: (+91-033) 22487093 Email ID:tirrihanna.co @gmail.com

EXTRACT OF STATEMENT OF STANDALONE UNAUDITED FINANCIAL RESULT FOR THE QUARTER AND NINE MONTH ENDED DECEMBER 31, 2023

(RS IN RUPEES)

Sl. No	Particulars	Quarter Ended			Nine Months Ended		Year Ended
		31.12.2023 (Unaudited)	30.09.2023 (Unaudited)	30.09.2022 (Unaudited)	31.12.2023 (Unaudited)	31.12.2022 (Unaudited)	31.03.2023 (Audited)
1	Total income from operations (net)	41,034,914.28	47,988,753.54	83,606,664.88	115,879,389.03	164,272,853.39	209,283,096.23
2	Net Profit/ (Loss) for the quarter/year (before Tax, Exceptional and/or Extraordinary Items)	9,836,792.62	15,152,374.81	21,347,720.31	13,218,930.54	9,052,929.77	6,517,487.31
3	Net Profit/(Loss) for the quarter/year before tax (after Exceptional and/or Extraordinary Items)	9,836,792.62	15,152,374.81	21,347,720.31	13,218,930.54	9,052,929.77	6,517,487.31
4	Net Profit/(Loss) for the period after tax (after Exceptional and/or Extraordinary Items)	9,836,792.62	15,152,374.81	21,347,720.31	13,218,930.54	9,052,929.77	6,517,487.31
5	Total Comprehensive Income for the period [Comprising Profit / (Loss) for the period (after tax) and Other Comprehensive Income (after tax)]	9,836,792.62	15,152,374.81	21,347,720.31	13,218,930.54	9,052,929.77	6,517,487.31
6	Equity Share Capital	31,868,750.00	31,868,750.00	31,868,750.00	31,868,750.00	31,868,750.00	31,868,750.00
7	Reserves (excluding Revaluation Reserve) as shown in the Audited Balance Sheet of the previous year						
8	Earnings Per Share (of Rs. 10/- each) (for continuing and discontinued operations) -						
	Basic :	3.09	4.75	6.70	4.15	2.84	2.05
	Diluted :	3.09	4.75	6.70	4.15	2.84	2.05

Notes:
a) The above is an extract of the detailed format of Quarterly Financial Results filed with the Stock Exchanges under Regulation 33 of the SEBI (Listing and Other Disclosure Requirements) Regulations, 2015. The full format of the Quarterly Financial Results are available on the websites www.tirrihannah.co.in and https://www.cse-india.com/.

Place : Kolkata
Dated : 09.02.2024

For and on behalf of the Board of Directors
UMESH KANKANI
Whole Time Director
(DIN - 00652561)

বিদায়ের পথে শীতের প্রত্যাবর্তন, খুব বেশি না হলেও ঠান্ডার পরশ তিলোত্তমায়

দুরন্ত বার্তা, কলকাতা, ৯ ফেব্রুয়ারি ঃ বিদায়ের পথে হঠাই শীতের প্রত্যাবর্তন। যখন মনে করা হচ্ছিল, এ বছরের মতো বিদায় নিতে চলেছে শীত, আগমনী বার্তা দিচ্ছে বসন্ত, ঠিক তখনই শীতের প্রত্যাবর্তন। কলকাতা-সহ দক্ষিণবঙ্গের বিভিন্ন জেলায় পারদ নেমে গিয়েছে কিছুটা। অনুভূত হচ্ছে শীতের পরশ। শহর ও শহরলির তুলনায় ঠান্ডা বেশি অনুভূত হচ্ছে গ্রাম বাংলায়। এই মুহূর্তে কলকাতা-সহ দক্ষিণবঙ্গের বিভিন্ন জেলার আবহাওয়া থাকবে শুস্ক। উত্তরবঙ্গের জেলাগুলিতেও আবহাওয়ার খুব একটা পরিবর্তন হবে না। তবে দার্জিলিং জেলায় বিক্ষিপ্তভাবে হালকা বৃষ্টির সম্ভাবনা রয়েছে। আবার আলিপুরদুয়ার, জলপাইগুড়ি, কোচবিহার জেলায় শুস্ক আবহাওয়া থাকবে। মালদা ও দুই দিনাজপুর জেলাতেও আবহাওয়া শুস্কই থাকবে। সরস্বতী পুজোর পর থেকে আবহাওয়া পরিবর্তনের সম্ভাবনা রয়েছে। শুক্রবার কলকাতার সর্বনিম্ন তাপমাত্রা ছিল ১৫.২ ডিগ্রি সেলসিয়াস, যা স্বাভাবিকের থেকে দুই ডিগ্রি নীচে।

সিজিও কমপ্লেক্সে হাজিরা প্রাক্তন পঞ্চায়েত কর্মীর

দুরন্ত বার্তা, কলকাতা, ৯ ফেব্রুয়ারি ঃ একশো দিনের কাজে ' নিয়ে ইডির তলবে সাড়া দিয়ে শুক্রবার সিজিও কমপ্লেক্সে হাজিরা দিলেন প্রাক্তন পঞ্চায়েত কর্মী রথীঃদ্রকুমার দে। রথীঃদ্রকুমারের সঙ্গে ইডি দফতরে এসেছেন তাঁর বোনও। মঙ্গলবার সকালে একশো দিনের কাজে দুর্নীতির তদন্তে মুর্শিদাবাদের বহরমপুরের মধুপুরের কালীবাড়ি এলাকায় দুই সরকারি কর্মীর বা।তে ইডি কর্তারা জিজ্ঞাসাবাদের জন্য আসেন। একশো দিনের কাজের টাকা নয়ছয় করার মামলা দায়ের হয় মুর্শিদাবাদের দুই সরকারি কর্মীর বিরুদ্ধে। তাঁদের মধ্যে এক জন প্রাক্তন পঞ্চায়েত কর্মী রথীন্দ্রকুমার এবং অন্য জন, মুর্শিদাবাদ জেলার মনরেগা প্রকল্পের বর্তমান নোডাল অফিসার সপ্তয়ন পান।

তাঁদের বাড়িতে ম্যারাথন তল্লাশি চালানোর পর বুধবার ইডি দফতরে হাজিরার নোটিস দেওয়া হয় রথীঃদ্রকে। তাঁর বোনকেও সিজিও কমপ্লেক্সে হাজিরা দিতে বলা হয়। সেই নির্দেশ মেনেই কলকাতার ইডি দফতরের হাজিরা দিলেন রথীঃদ্র এবং তাঁর বোন। ২০১৯ সালের ৬ সেপ্টেম্বর বেলডাঙা ১ ব্লকের বিডিও বিরূপাক্ষ মিত্র এই পঞ্চায়েত কর্মীর বিরুদ্ধে আর্থিক তছরুপের অভিযোগ তুলে থানায় লিখিত অভিযোগ করেন।

KOLKATA MUNICIPAL CORPORATION e-TENDER

ABRIDGED NIT

The **Executive Engineer(Elec) Lighting, Zone-II, KMC** invites E-tender by two bid system for the following work:
NIT No. : LTG/162/55/VI/Z-II/23-24
Name of the work : **Supply and delivery of 200 watt and 40 watt LED lights for Ward No.-55**. Estimate Amount : **Rs. 1,97,952.00**. Earnest Money: **Rs. 4,000.00**. Period of Completion: **10 Days**. Last date and time of submission of bid: **19.02.2024** up to **1 p.m**. The bid forms and other details are available on and from **10.02.2024** at **1 p.m.** from the website **https://etender.wb.nic.in**

The **Executive Engineer (Elec), KMC** invites tender online percentage rate two bid system for the following work:
NIT No. : KMC/ELY/ESTM-179/23-24 (1st call)
Name of work : **Upgradation of centralised electrical control system of solar lighting project at Deshapriya Park under KMC**. Estimated Amount : **Rs. 4,60,922.93**. Earnest Money: **Rs. 9,220.00**. Period of Completion: **15 Days**. Last date and time of submission of bid: **20.02.2024** at **4 p.m**. The bid forms and other details are available on and from **09.02.2024** at **2 p.m.** from the website **https://wbtenders.gov.in**

The **Executive Engineer (Elec), KMC** invite tender online, two bid system for the following work:
NIT No. : KMC/E(E)/LTG/CMO/129/23-24
Name of work : **Repairing & renovation of electrical installation at different portion of CMO Building**. Estimated Amount : **Rs. 3,96,614.00**. Earnest Money: **Rs. 8,000.00**. Period of Completion: **10 Days**. Last date and time of submission of bid: **21.02.2024** at **4 p.m**. The bid forms and other details are available on and from **12.02.2024** at **2 p.m.** from the website **https://etender.wb.nic.in**

The **Ex. Engineer (Electrical)/Ltg/Z-II, Br-IV, KMC** invite tender online percentage rate two bid systems for the following work:
NIT No. : LTG/132/WD-26/BR-IV/Z-II/23-24
Name of the work : **Supply & delivery of LED street light fittings at Dinanath Mitra Lane and different places in Ward No.-26 under Br-IV, KMC**. Estimate Amount : **Rs. 1,93,778.00**. Earnest Money: **Rs. 4,000.00**. Period of Completion: **15 Days**. Last date and time of submission of bid (online): **22.02.2024** up to **4 p.m**. The bid forms and other details are available on and from **09.02.2024** at **4 p.m.** from the website **https://etender.wb.nic.in**

The **Executive Engineer (Electrical)/Ltg/Z-IV, Br-XII, KMC** invites tender on line, two part bid system for the following work:
NIT No. : KMC/LTG/Z-IV/253/23-24
Name of work : **Installation of LED signe board of Amar Bhalobashar Sahar Kolkata at Sukanta Setu More in Ward No. 102, Br-XII**. Estimated Amount : **Rs. 2,57,778.00**. Earnest Money: **Rs. 5,500.00**. Period of Completion: **30 Days**. Last date and time of completion of bid : **17.02.2024** up to **2 p.m**. The bid form and other details are available on and from **09.02.2024** at **2 p.m.** from the website **https://etender.wb.nic.in**

The **OSD & Ex Officio Controlling Officer (L&E), KMC** invites tender online item rate two bid system for the following works:
1. NIT No. : KMC/Elect/Ely/Estm-166/23-24 (1st call)
Name of work : **Supply and installation of five network based PTZ Cameras around the New Market Complex area under KMC**. Estimate Amount : **Rs. 4,37,134.41**. Earnest Money: **Rs. 8,800.00**. Period of Completion: **15 Days**.
2. NIT No. : KMC/Elect/Ely/Estm-128/23-24 (1st call)
Name of work : **Annual comprehensive maintenance of AC Machines at HUDCO Building (4th, 5th, 6th and 8th floors), under KMC**. Estimate Amount : **Rs. 4,72,478.04**. Earnest Money: **Rs. 9,500.00**. Period of Completion: **365 Days**. Last date and time of submission of bid : **23.02.2024** up to **4 p.m**. (for sl. no. 1 & 2). The bid forms and other details are available on and from **12.02.2024**. The website **https://wbtenders.gov.in** (for sl. no. 1 & 2).

The **Ex. Engineer (Elec)/Lighting/Zone-1, KMC** invites tender online percentage rate two bid systems for the following works:
1. NIT No. : KMC/LTG/Z-1/BR-1/INS/W6/24/23-24
Name of work : **Supply and installation of new AC machines for Borough-I Office under Borough-I, KMC**. Estimated Amount : **Rs. 4,98,743.00**. Earnest Money: **Rs. 10,000.00**. Time of Completion: **25 Days**. Last date and time of bid submission : **19.02.2024** at **1.30 p.m**.
2. NIT No. : KMC/LTG/445/WD-11/BR-II/Z-I/23-24
Name of work : **Operation & maintenance of electrical installation of E-Governance Office, other KMC Office and 1 no 40 KVA D.G. Set at 79-Bidhan Sarani under KMC**. Estimated Amount : **Rs. 1,83,360.00**. Earnest Money: **Rs. 3,700.00**. Period of Completion: **365 Days**.
3. NIT No. : KMC/LTG/448/COM/BR-II/Z-I/23-24
Name of work : **Annual comprehensive maintenance work for split type Air-Conditioning Machines at different Community Hall and others under Br-II KMC**. Estimated Amount : **Rs. 2,57,068.23**. Earnest Money: **Rs. 5,200.00**. Period of Completion: **365 Days**. Last date of submission of bid: **23.02.2024** at **3 p.m**. (for sl. no. 2 & 3). The bid forms and other details are available on and from **10.02.2024** at **1 p.m.** (for sl. no. 1) and **10.02.2024** at **3 p.m.** (for sl. no. 2 & 3). The website **https://etender.wb.nic.in** (for sl. no. 1 to 3).

1426/23-24

আলোই ঈশ্বরের প্রতিবিম্ব

দুরন্ত বার্তা

২৯ বর্ষ, দৈনিক ৭১ সংখ্যা, শবার, ২৬ মাঘ ১৪৩০

প্রাচীন ভারতের দুর্লভ দ্রষ্টব্যকে রক্ষা করতে উদ্যোগী হলেন ভারতের ভাইসরয় লর্ড কার্জন

রবীন্দ্র কুমার শীল

ভারতের সভ্যতা গ্রীস দেশের সভ্যতার মতোই প্রাচীন। মিশর, গ্রীস এবং ভারত ছিল প্রাচীন সভ্য দেশ। সেই কারণে এই দেশের প্রতি আগ্রহ প্রকাশ করেছিলেন গ্রীক বীর আলেকজান্ডার। ৩২৭ খ্রিস্ট পূর্বাব্দে তিনি ভারতে এসেছিলেন বিশাল সেনা বাহিনী নিয়ে। তাঁর ইচ্ছা ছিল ভারত জয় কবে গ্রীস দেশের সঙ্গে অন্তর্ভূর্ক্ত করার। যার ফলে তিনি গ্রীক সেনাপতি মেগাস্থিসকে সঙ্গে করে নিয়ে এসেছিলেন। গ্রীস দেসের মতো ভারতেরও দুটি মহাকাব্য রয়েছে। গ্রীস দেশেরও দুটি মহাকাব্যের নাম 'ইলিয়াড' এবং 'ওডিসি'। তেমনি ভারতের মহাকাব্যের নাম হচ্ছে 'রামায়ণ' এবং 'মহাভারত'। গ্রীক বীর সম্রাট আলেকজান্ডারের শিক্ষক ছিলেন দার্শনিক অ্যারিস্টটল। তিনি আবার গণতন্ত্রের সংজ্ঞা নির্মাণ করেছিলেন। তিনি গণতান্ত্রিক শাসন ব্যবস্থায় প্রতি আস্থা রাখতে থাকেন। যদি তখনও ম্যাসিডোনাতে গ্রীক বীর আলেকজান্ডারের সম্রাট হয়ে সিংহাসনে বসে রয়েছেন। সেই সময়ে বালক আলেকজান্ডারের গৃহ শিক্ষক হিসাবে নিযুক্ত হন দার্শনিক আকিস্টটল। তিনিই আলেকজান্ডারকে বলেছিলেন প্রাচীন ভারতের সভ্যতার কথা। মিশরীয় সভ্যাতার কথা। শিক্ষকের কথা শুনে সেই সময়ে বালক অ্যালেকজান্ডারের ইচ্ছা ছিল তিনি সম্রাট হয়ে ভারত এবং মিশর জয় করবেন। তিনি ব্যাবিলন জয় করে মিশরের ভিতর দিয়ে ভারতে প্রবেশ করেছিলেন। ভারত এবং মিশরকে গ্রীস দেশের সঙ্গে যুক্ত করাই ছিল তাঁর লক্ষ্য। যদিও সেই লক্ষ্য পূরণ হয়নি। তবুও বলা যেতে পারে গ্রীস দেশের ইতিহাসের পাতায় প্রাচীন ভারতের সভ্যতার সম্পর্কে বেশ খানিকটা লেখা রয়েছে যা দিয়ে প্রাচীন ভারতের পরিচয় মেলে। সেই প্রাচীন ভারতের স্মৃতি সৌধ থেকে শুরু করে ঐহিতশালী নিদর্শন্যগুলি হারাতে শুরু করে দিয়েছিল তার একটি মাত্র কারণ হচ্ছে সংরক্ষণের অভাব। এ সম্পর্কে কোনও ধারনা তৈরি হয়নি তখন ভারতবাসীদের মনে। যার ফলে বহু প্রাচীন ঐতিহ্য হারাতে হয়েছে। লুপ্ত হয়ে গিয়েছে বহু প্রাচীন দুর্লভ নিদর্শন। সেই সব নিদর্শন যদি থাকতো তাহলে ভারতের সভ্যতা কত প্রাচীন তা নির্ণয় করা সম্ভব হতো। যদিও হরোপ্পা এবং মহেঞ্জেদরো দিয়ে প্রাচীন ভারতের সভ্যতা বিকাশের বেশ খানিকটা পরিচয় মেলে। এর জন্য অতি অবশ্যই প্রত্নতত্ত্ববিদ রাখাল দাস বন্দ্যোপাধ্যায় চিরকালীন ধন্যবাদ পাওয়ার অধিকারী। অজন্তা ইলোরার চিত্রগৃহগুলি প্রাচীন ভারতের নির্দশন। যদিও কেউ কেউ বলে থাকেন যে অজান্ত ইলোরা বৌদ্ধ সংস্কৃতি সাক্ষর বহন করছে। বৌদ্ধ সংস্কৃতির সঙ্গে ভারতের সম্পর্ক নিবিড় একথা বলার মধ্যে কোনও ভুল নেই। কারণ তখন নেপাল ভারতের মধ্যে অবস্থিত। গৌতম বুদ্ধ তখন একজন ভারতীয়। প্রাচীন ভারতে বহু ছোট ছোট রাজ্য ছিল। নেপালের লুম্বনীতে বৈশাখী পূর্ণিমায় জন্ম গ্রহণ করেছিলেন গৌতম বুদ্ধ ৫৬৩ খ্রীষ্ট পূর্বাব্দে। ভারতের ইতিহাস এবং ঐতিহ্যকে রক্ষা করতে লর্ড ক্যানিং প্রতিষ্ঠা করলেন 'আর্কিওলজিক্যাল সার্ভে অব ইণ্ডিয়া'। সেখানে তিনি আলেকজান্ডার কানিংহামকে নিয়োগ দিয়েছিলেন। লর্ড কানিং ১৮৬১ সালে ভারতের ভাইসরয় হয়ে কলকাতায় এসেছিলেন। কানিংহাম ভারতের ঐহিত্য এবং সৌধ গুলির রক্ষা করার ব্যাপরে আগ্রহ প্রকাশ করতে শুরু করেন। তার ফলে ভারতের স্মৃতি সৌধ থেকে শুরু করে বিভিন্ন ইতিহাস প্রসিদ্ধ মন্দিরগুলিকে চিহ্নিত করার পাশাপাশি তাকে রক্ষাবেক্ষণ করার কথা ভাবা শুরু হয়। এর ফলে ভারতের বহু ইতিহাস প্রসিদ্ধ নিদর্শন গুলি রক্ষা পায়। তিনি ছিলেন একজন সামরিক ইঞ্জিনিয়ার এবং পরে মেজর জেনারেল হয়েছিলেন। পরে তিনি রয়্যাল ইঞ্জিনিয়াস সংস্থা থেকে অবসর গ্রহণ করেন। পণ্ডিত জেমস প্রিন্সেপ সঙ্গে কানিংহামের নিবিড় বন্ধুত্ব গড়ে ওঠে। প্রাচীন ভারতের ভারতের ব্রাহ্মী লিপি সম্পর্কে জেমস প্রিন্সেপের ছিল অগাধ পাণ্ডিত্য। তিনি 'জার্নাল অব এশিয়াটিক অব বেঙ্গল' পত্রিকার প্রতিষ্ঠিতা সম্পাদক ছিলেন। প্রাচীন ভারতের বিভিন্ন ইতিহাস প্রসিদ্ধ স্থানগুলি যেমন অর্নস, কোসাম্বী, নালন্দা, পদ্মাবতী, শ্রাবস্তি, তক্ষশিলা, বৈশালী প্রভৃতি স্থানগুলিকে চিহ্নিত করেন। তিনি গৌড় রাজ্যে তথ্য তল্লাশি করে ২৪ টি রিপোর্ট তৈরি করেছিলেন তার উদ্ধার করাব লক্ষ্য নিয়ে। এশিয়াটিক সোসাইটির কার্যকরী আইন থেকে শুরু করে আর্কিলজিক্যাল সার্ভে অব ইণ্ডিয়ার রিপোর্ট প্রকাশ করেছিলেন। প্রাচীন ভারতের যেসব নিদর্শনগুলি অন্ধকারের মধ্যে নিমজ্জিত হয়ে ছিল তা প্রকাশের আলোতে নিয়ে এসে উপস্থিত করতে শুরু করলেন তিনি। ভারতের আর একজন ভাইসরয় ছিলেন লর্ড কার্জন। তিনি ভারতের ইতিহাস প্রসিদ্ধ স্মৃতি সৌধ থেকে শুরু করে ঐতিহ্যপূর্ণ

নিদর্শনগুলিকে রক্ষা করার ব্যাপারে আগ্রহ প্রকাশ করেছিলেন। এশিয়াটিক সোসাইটির প্রধান পৃষ্টপোষক লর্ড কার্জন ৭ জানুয়ারি ১৯০০ সালে এশিয়াটিক সোসাইটিতে একরটি বক্তব্য রাখেন। সেখানে তিনি জানিয়েছিলেন যে সরকারের কাজই হচ্ছে ভারতের ইতিহাস প্রসিদ্ধ স্থানগুলিকে রক্ষাবেক্ষণ করা। তিনি এ ব্যাপারে বক্তব্য রাখতে গিয়ে বলেন, ''In the course of my recent tour, during which I visited some of the most famous sites and beautiful or historic buidlings in India, I more than once remarked in reply to Municipal addresses, that I regarded the conservation of ancient monuments as one of the primiry obligations of Government. We have a duty to our forerunners, as well as to our contemporaries and to our descendants- nay our duty to the two classes in itself demands the recognition of an obligation to the former '। তিনি আরও বলেছিলেন যে ''ndia is covered with visible recods of vanished dynasties, of forgotten monarchs, of persucuted and sometimes dishonoured creeds. The monuments are for the most part, though there are no notable exceptions, in British British Territory and on soil belonging to Government. Many of them are in out-of-the-way places, and are laible to the combined ravages of tropical climate, in exuberant flora, and very often a local and ignorant population, who see only in an ancient building the means of in-expensively raising a modern one for their oen convenience. All these circustances explain the peculiar responsibility that rests upon Govt. of India." তিনি সব সময়ে বিশ্বাস করতেন যে শিল্প এবং সৌন্দর্যকে ধর্মের বাধা থেকে দূর করতে হবে। ধর্ম যেন সেখানে আসে কোনও রকমভাবে বাধার সৃষ্টি না করতে পারে তার দিকে লক্ষ্য রাখা উচিত। তাহলে শিলপ এবং সৌন্দর্যকে রক্ষা করা সম্ভব। তবেই এ ব্যাপারে তিনি পরিস্কার করে বক্তব্য রেখে ছিলেন, "Art and beauty, and the reverence that is owing to all that has evolved human genius, or has inspired human faith, are independent of creeds, and in so far as they touch the sphere of religion are embraced by common religion of mankind. Viewed from this standpoint, the rock temple of the Bhramans stands on precisely the same fooitng as the Budhist Vihara, and the Mahammedan Musjid as the Christian Cathedral. There is no principal of artistic discrimintion between the Mausoleum of the depot and the sepulchre of the saint"। সব কিছুকেই সমানভাবে দেখতে হবে এবং তাকে সংরক্ষিত করতে হবে। কোনও তফাৎ সৃষ্টি করা চলবে না। ধর্মীয় আচার আচরণ দেখে তাকে পার্থক্য করা চলবে না। সব ধর্মীয় ঐতিহ্যবাহিত প্রতিষ্ঠানুগুলিতে সমান দৃষ্টি দেখে তাকে সংরক্ষণ করার ব্যবস্থা গড়ে তুলতে হবে। তাহলে ভারতের প্রাচীন সব ঐতিবাহী মন্দির থেকে শুরু করে মসজিদগুলি সংরক্ষিত হতে থাকবে। ভারতের বিভিন্ন যুগ ধরে বিভিন্ন রকমের শিল্পকলা থেকে শুরু করে সৌন্দর্যময় ঐতিহ্যবাহী নিদর্শন গড়ে উঠেছে যা বলতে গেলে দুর্লভ তাকে রক্ষা করা উচিত। গ্রীক ব্যাক্টেরিয়ান রাজধানি কাল থেকে শুরু করে ইসলামি শাসন কালের নির্দশনকে অতি অবশ্যই রক্ষাবেক্ষণ করা উচিত। কার্জনের বক্তব্যের মধ্যে দিয়ে একটি দার্শনিক অসম্প্রদায়িক বক্তব্যের রেশ পাওয়া গেল। তিনি বলেছিলেন,"To us the relics of Hindu and Mohommedan, of Buddhist, Brahmin and Jain are from the antiquarian, the historical and the artistic point of view, equally intersting and equally sacred " তিনি ইচ্ছা প্রকাশ করেছিলেন যে দুর্লভ নিদর্শনগুলিকে অতি অবশ্যই রক্ষা করতে হবে। ইতিহাসকে যদি জানতে হয় তাহলে এই সব প্রাচীন ঐতিহ্যের মধ্যেই সত্যিকারের ইতিহাস লুকিয়ে রয়েছে তাকে খুঁজে বের করতে হবে। তবেই ভারতের প্রাচীন সভ্যাতার ইতিহাস সকলের সামনে প্রসারিত হতে থাকবে। এই দিকে লক্ষ্য রেখে বেশ কিছু পদক্ষেপ সরকার গ্রহণ করেছিল। লর্ড ক্যানিং ১৮৬০ সালে 'আর্কিলোজিক্যাল সার্ভে অব নর্দান ইণ্ডিয়া' স্থাপন করেন এবং 'আর্কিলজিক্যাল সার্ভে অব ইণ্ডিয়া'র স্থাপন করার পাশাপাশি আকেলজান্ডার কানিংহামকে নিয়োগ করেছিলেন। প্রায় কুড়ি বছর ধরে জেনারেল ক্যানিংহাম অক্লান্ত পরিশ্রম করে 'জার্নাল অব আর্কিলোজিক্যাল সার্ভে অব ইণ্ডিয়া প্রকাশ করেন। মুম্বই সার্ভের জেমস বার্গ এ ব্যাপারে কানিংহামের সঙ্গে কাজ করতে শুরু করে দিয়েছিলেন। 'আর্কিওলজিক্যাল সার্ভে অব ওয়েস্টার্ন' এবং 'সাউদার্ন ইণ্ডিয়া' সাফল্যের সঙ্গে কানিংহাম, যখন ডাইরেক্টর জেনারেল তখন তাঁকে অনুসরণ কবে। লর্ড ক্যাইনং বলেন, "I hope to assert more definitely during my time the imperail responsibility of Gvernment in respect of Indian antiquities to inaugurate or to persuade a more liberal attitude on the part of those with whom it rests to provide the means, and to be a faithful guardian of the priceless treasure-house of art and learning that has for a few years at any rate, been committed to my change "

লোকসভার নির্বাচন

ভারতের লোকসভার নির্বাচেনর দিকে তাকিয়ে রয়েছে গোটা বিশ্ব। চিন, রাশিয়া, আমেরিকা থেকে শুরু করে দক্ষিণ আফ্রিকা, জাপান সহ সব দেশই বলতে গেলে ভারতের লোকসভার নির্বাচনের দিকে তাকিয়ে রয়েছে। এমনকী ইজরায়েল এবং ইউক্রেনও পর্যন্ত ভারতের লোকসবার নির্বাচনের দিতে তাকিয়ে। তার একটি মাত্র কারণ বলা যেতে পারে ভারতের শিল্প এবং ব্যবসা বাণিজ্যের সঙ্গে সারা বিশ্বের রাষ্ট্রগুলির যোগ রয়েছে। ভারত আবার কোয়াড গোষ্ঠী ভুক্ত দেশ। যার ফলে আমেরিকা, অস্ট্রেলিয়া এবং জাপান দেশগুলি ভারতের নির্বাচনের দিকে তাকিয়ে রয়েছে। চিনের সঙ্গে ভারতের সখ্যতা নেই। তবুও চিনের প্রেসিডেন্ট শি জিনপিং ভারতের প্রধানমন্ত্রীর ওপরে অল্প হলও আস্থা রাখেন। তার ভারত এখনও সরাসরি চিনকে আক্রমণ করে কোনও কথা বলেনি। এদিকে চিন বলতে শুরু করেছে যে ভারত যদি ইচ্ছা করে তাহলে আর্থিক করিডরে অংশ গ্রহণ করতে পারে। কিন্তু ভারত এখনই আর্থিক করিডরে অংশ গ্রহণ করতে চায় না। কারণ ভারতের কাশ্মীর নীতিই হচ্ছে চিন এবং পাকিস্তানকে স্বীকার করে নিতে হবে যে জম্মু কাশ্মীর ভারতেরঅবিচ্ছেদ্য অংশ। তা কিন্তু চিন এবং পাকিস্তান বলতে পারছে না। পাকিস্তান তো বরবারই কাশ্মীরের ব্যাপারে ভারতকে বেগ দিতে শুরু করে দিয়েছিল। পণ্ডিত জওহরলাল নেহরুর সময় থেকে আজও পর্যন্ত পাকিস্তান কাশ্মীরকে তাদের বৈদেশিক নীতির প্রধান অঙ্গ করে নিয়েছে। তার ফলে ভারত পাকিস্তান মতবিরোধী লেগেই রয়েছে। যদিও ভারত থেকে বলা হয়েছে যে কাস্মীর নিয়ে ভারত আর কোনও রাষ্ট্রের সঙ্গে কথা বলবে না। কারণ কাশ্মীর ভারতের একটি অঙ্গ রাজ্য। সেই নিয়ে কোনও রাষ্ট্রের সঙ্গে ভারত কথা বলতে নারাজ। এদিকে পাকিস্তান এবং বাংলাদেশের নির্বাচন হয়ে গিয়েছে। এবারে ভারতের পালা। ভারত এবারে লোকসভা নির্বাচন করার প্রস্তুতি গ্রহণ করতে শুরু করে দিয়েছে। বাজেট বিতর্ক শেষ হলেই শুরু হয়ে যাবে লোকসভার প্রস্তুতি। রাজনৈতিক দলের নেতারা এখন লোকসভার ব্যাপারে খুবই ব্যস্ত। প্রার্থী তালিকা তারা প্রস্তুত করতে শুরু করে দিয়েছে। এখনই নির্বাচনী প্রচার শুরু হয়নি। নির্বাচন কমিশন বিজ্ঞপ্তি দেওয়ার পর শুরু হয়ে যাবে নির্বাচনী প্রচার। মিটিং মিছিল নিয়ে প্রস্তুতি গ্রহণ করতে শুরু করে দিয়েছে রাজনৈতিক দলের নেতারা। তবে এবারে লোকসভার নির্বাচনের আগে 'এক দেশ এক ভোট' নিয়ে আলোচনা শুরু হয়েছে। যদিও জানতে পারা যাচ্ছে যে এবারে 'এক দেশ এক ভোট' পদ্ধতি গ্রহণ করা হচ্ছে না। পরে সব দিক বিবেচনা করেই এক দেশ এক ভোট পদ্ধতি চালু করা হবে। এ ব্যাপারে বিস্তর আলোচনা করার পথ খোলা রাখতে শুরু করে দিয়েছে কেন্দ্র। যদিও বহু রাজ্যের রাজনৈতিক দলের এ ব্যাপারে আপত্তি করেছে। তারা বলতে শুরু করে দিয়েছে যে এক দেশ এক ভোট হলে গণতান্ত্রিক পরিবেশ নষ্ট হতে থাকবে। এদিকে এক দেশ এক ভোট করার ব্যাপারে মত দিয়েছে বণিকসভাগুলি। কেন্দ্রীয় সরকার এখন ব্যয় কামানোর দিকে নজর দিতে শুরু করে দিয়েছে। একটি ভোট করতে গেলে কয়েক কোটি টাকা খরচ হয়ে যায়। সেই টাকাকে কীভাবে রক্ষা করা যেতে পারে তার দিকে সরকার নজর দিতে শুরু করেছে। তবে এবারে লোকসভার দিকে নজর রাখতে শুরু করেছে আমেরিকার মতো গণতান্ত্রিক দেশগুলি। বিশেষ করে যাদের সঙ্গে ভারতের ব্যবসা বাণিজ্য রয়েছে এবং আর্থিক লেনদেন রয়েছে। তারাই এখন ভারতের লোকসভার নির্বাচনের ফলাফলকে বেশি করে গুরুত্ব দিচ্ছে। রাশিয়ার প্রেসিডেন্টে পুতিন ইতিমধ্যে আশা প্রকাশ করেছেন যে ভারতের লোকসভার নির্বাচন সফল হবে এবং ভারতের প্রধানমন্ত্রী হয়ে আসবেন নরেন্দ্র মোদি। যদি ও ব্যাপারে আমেরিকা কোনও রকমভাবে মুখ খুলছে না। তারা বরবারই ভারতের গণতান্ত্রিক শাসন ব্যবস্থার ওপরে বেশি আস্থা প্রকাশ করতে পারেনি এবং আবার মোদিকে একেবারে অস্বীকার করতে পারেনি। মোদির হাতেই ভারতের শিল্প ব্যবস্থার কলকাঠি।

চিনের গলওয়ান নীতি

লাদাখে গুরুত্বপূর্ণ এলাকা চিন দখল করে রেখে দিয়েছে। সেখান থেকে তাদের ছাউনি সরাই নি। চিনা সেনারা সেখানে নতুন করে ছাউনি করতে শুরু করেছে। এমনকী সেখানে বায়ু সেনাদের জন্য সামরিক বন্দর তৈরি করার চেষ্টা করছে। ল্যাদখে চিনা বায়ু সেনার বন্দর তৈরি করতে ভারত আপত্তি করতে শুরু করে দিয়েছে। চিন ভারতের আপত্তিকে উপেক্ষা করে সেখানে সেনা বিমান বন্দর তৈরি করছে। এমনভাবে চিন ভারতীয় সীমান্ত এলাকাগুলো দখল করেছে যেখান থেকে অতি সহজে ভারতীয় সেনাদের গতিবিধি নজরে রাখা সম্ভব হয়। চিন বেশ পরিকল্পিতভাবেই লাদাখ দখল করে বসে আছে। লাদাখ কেন্দ্র শাসিত অঞ্চল। সেই কেন্দ্র শাসিত অঞ্চলে চিনা ড্রাগন কামড় বসাতে দ্বিধাবোধ করছে না। চিনা সেনা কর্তাদের সঙ্গে ভারতীয় সেনা কর্তাদের এই নিয়ে বহু আলোচনা হয়েছে। বলা হয়েছে উভয় দেশের সেনারা যে যার আগের অবস্থানে ফিরে যাক। ভারতীয় সেনাদের ছাউনি চিনা সেনারা দখল করে রেখে দিয়েছিল তা ফেরৎ দেওয়া হোক। কিন্তু তাতে কান দিতে রাজি নয় চিন। তারা যে কাঁটাযুক্ত লাঠি ব্যবহার করে আন্তর্জাতিক মানবাধিকার বিধি লঙ্ঘন করেছে। দুই দেশের মধ্যে শীর্ষ সামরিক পর্যায়ের বৈঠক হয়েছিল সেখানে ভারতের হয়ে প্রতিনিধিত্ব করেছিলেন হরেন্দ্র সিংহ। কিন্তু সেনা সূত্রের সংবাদ থেকে জানতে পারা যায় যে ওই বৈঠকের পর এই রকম উত্তপ্ত আবহাওয়া সৃষ্টি হবে সেটা সেনার অফিসাররা আঁচ করতে পারেনি। গালওয়ানকে নিয়ে চিন এখন রাজনীতি করতে শুরু করেছে।

শ্রীশ্রী অনুকূল ঠাকুর



শ্রীশ্রী অনুকূল ঠাকুর বলেন যে মা হচ্ছেন অন্তরের ব্যাপার। মা আছেন মানে তুই নিশ্চিত আছিস।

তুই ভালোভাবে চলাফেরা করার শক্তির অধিকারী। আর মা না থাকলে শক্তিহীন অবস্থায় ঘুরে বেড়াতে হবে। মাই পারেন তাঁর সন্তানদের শক্তি দিতে। তিনি শক্তি দেওয়ার অধিকারিনী। মা সবাইকে শক্তি দিয়ে থাকেন। তাঁর শক্তির ওপরে নির্ভর করে জগত চলাচল করে। এই জগতের বাইরে মা ছাড়া আর কেউই আপন নয়। মা তাঁর সন্তানদের বিপদ থেকে রক্ষা করে থাকে। মা বুঝতে পারেন ঘরে বসে তাঁর সন্তানরা কি করছে।

সাধক বামাক্ষ্যাপা



তারাপীঠের মা কালী হচ্ছেন শক্তিদাত্রী। তারাপীঠের মায়ের পুজো করতে হবে। আরাধনা করতে হবে। নারী শক্তির জাগরণ চাই। নারী শক্তিকে কোনও সময়ে অবদামিত করে রাখা যায় না। মায়ের প্রতি ভক্তি অবিচল হতে হবে। মায়ের আরাধনা করতে হবে। জাগাতে হবে মনের ভক্তিকে। মনের শক্তিকে। মনের শক্তি এবং ভক্তি জাগরিত হলে আর কোনও অপশক্তি আপনাকে পরাস্ত করতে পারবে না। সব অপশক্তি পরাস্ত হবে। লেখাপড়া সম্পদ সৃষ্টি করার প্রথম ধাপ। শিক্ষা গ্রহণ করে নিজেকে শক্ত খুঁটি ওপরে দাঁড় করানোর কথা ব্যক্ত করেছেন। তন্ত্র সাধক বামাক্ষ্যাপা বললেন, নারী শিক্ষাকে প্রাধান্য দিতে হবে। শুধু পুরুষ শিক্ষা চালু করলে হবে না, নারী শিক্ষাও চালু করতে হবে। সমাজে নারীরা যাতে মাথা তুলে দাঁড়াতে পারে তার ব্যবস্থা করতে হবে। নারীদের শিক্ষিত করে তুলে হবে। যদি শিক্ষা গ্রহণ করে নিজেদের সম্পদশালী করতে সক্ষম হয় তাহলে গোটা দেশটা সম্পদে পরিপূর্ণ হয়ে যেত

কংগ্রেসের ভাগ্যে চল্লিশ কেন, বহু স্থানে কংগ্রেস কি প্রার্থী দিতে পারবে না বলে মনে করছেন কেউ কেউ

ভারতের নির্বাচনী বিজ্ঞপ্তি প্রকাশ পায়নি। এখনও বাজেট নিয়ে তর্ক বিতর্ক শুরু হয়ে গিয়েছে। তার ফলে নির্বাটনী বিজ্ঞপ্তি প্রকাশ করা হচ্ছে না। বাজেট বিতর্ক সমাপ্ত হয়ে যাওয়ার পরে সম্ভবত নির্বাচনী বিজ্ঞপ্তি দিতে পারে নির্বাচন কমিশন তা সবাই অনুমান করতে শুরু করে দিয়েছে। এদিকে পশিচমবঙ্গে বাজেট বিতর্ক শুরু হয়ে গিয়েছে। বিরোধী দলের বিধায়কেরা বলতে শুরু করেছেন যে পশ্চিমবঙ্গে বাজেটকে এবারে ভোট ব্যাঙ্ক করা হয়েছে। কোষাগারে টাকা নেই বলছে। অন্য দিকে ঠালাও ভর্তুকি এবং ভাতা। ভাতা দিয়ে রাজ্য সরকারকে একেবারে ফতুর হয়ে যেতে হবে। শিল্প কর্মসংস্থানের কোনও দিশা দেখাতে পারছে না পশ্চিমবঙ্গ সরকার । বৃহৎ শিল্প নেই। শুধু মদের কর আয় দিয়ে এখন প্রশাসন চালানো হচ্ছে। উন্নয়ন একেবারে স্তব্ধ। এদিক শাসক দল বলতে শুরু করে দিয়েছে যে কেন্দ্রীয় সরকার যখন ারজ্যের বকেয়া দিচ্ছে না তখন রাজ্য সরকার উদার বাজেট পশ করেছে। সব দরিত্র মানুষকে সুবিধা পাইয়ে দেওয়া হয়েছে। রাজ্যের গরিব জনগণকে রক্ষা করতে এই বাজেট তৈরি করা হয়েছে। সেই কারণে বিরোধী দলের নেতাদের এত রাগ। এদিকে বলতে গেলে জোট ইণ্ডিয়া ভেঙে গিয়েছে। যদিও কংগ্রেস একনও আশাবাদী যে জোট ইণ্ডিয়া অটুট রয়েছে। জোট ইণ্ডিয়াকে আরও শক্তিশালী করতে কংগ্রেস সহ বিজেপি বিরোধী দলগুলি আগামি দিনে আরও ঐক্যবদ্ধ হবে। তৃণমূল কংগ্রেসের সঙ্গে আসন সমঝোতা হয়নি বটে। তবে তৃণমূল ংকগ্রেস জোট ছেড়ে বের হয়ে আসেনি। বিহারের নীতীশ কুমার জোট ছেড়ে এনডিএতে জোট দিয়েছেন। এদিকে কংগ্রেস সম্পর্কে তৃণমূল সেই এ্যালার্জি সমানভাবে চলছে। সেখান থেকে এক পা'ও সরেনি। তৃণমূল কংগ্রেস বারবার একটি কথা বলতে শুরু করেছিল আঞ্চলিক দলগুলিকে জোটে বেশি করে প্রাধান্য দিতে হবে। কংগ্রেসকে বাদ দিয়ে আঞ্চলিক দল নিয়ে বিজেপি বিরোধী মঞ্চ তৈরি করার ইচ্ছা প্রকাশ করেছিলেন নেত্রী মমতা বন্দ্যোপাধ্যায়। কিন্তু সেটা করতে দিলেন না শরদ পাওয়ার থেকে শুরু করে নীতীশ কুমার। তারাই কংগ্রেসের সঙ্গে কথা বলে কংগ্রেসকে নিয়ে জোট ইণ্ডিয়া করতে গেল। তার ফলে নেত্রী মমতা বন্দ্যোপাধ্যায় সেখানে মুখ হয়ে উঠে দাঁড়াতে পারলেন না। তাঁর পালের হাওয়াকে কেড়ে নিলেন নীতীশ, লালু প্রসাদ যাদব ও মল্লিকার্জ্জুন খড়্গে। যার ফলে বাধ্য হয়ে নেত্রী জোট ইণ্ডিয়ার সঙ্গে সম্পর্ক রাখতে বাংলায় জোট করে ভোট করতে একেবারে নারাজ হলেন। কংগ্রেসকে তিনি তিনটি আসন দেওয়ার কতা বলেছিলেন। তাতে কংগ্রেস একেবারে নারাজ ছিল। তাদের দাবি ছিল আরও বেশ কয়েকটি আসন দিতে হবে। পাঁচ ছয়টি আসন পাওয়ার কথা বলতে শুরু করে দিয়েছিল কংগ্রেস। তাতে ক্ষিপ্ত হে গিয়ে নেত্রী বলেছিলেন কংগ্রেসের যা অবস্থা তাতে চল্লিশটা আসন পার করতে পারবে না। কংগ্রেস প্রায় সব রাজ্য থেকে সরে আসতে শুরু করেছে। তাদের ভুল কৌশলের শিকার হচ্ছে জোট ইণ্ডিয়া। সেই কথার সূত্র ধরেই সংসদে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি

কংগ্রেসকে আক্রমণ করেছিলেন। তিনি বলেছিলেন যে নেত্রী মমতা বন্দ্যোপাধ্যায় পরিস্কার করে বলেছেন যে কংগ্রেস লোকসভায় চল্লিশ আসন পার করতে পারবে না। তবে তিনি আশা প্রকাশ করছেন যে কংগ্রেস চল্লিশটি আসন পাক। এবারে কংগ্রেস সিপিএম দলের সঙ্গে হাত মিলিয়ে বাংলায় লড়াই করবে। পশ্চিমবঙ্গ প্রদেশ কংগ্রেস সভাপতি অধীর রঞ্জন চৌধুরী বলেছেন যে কংগ্রেস কোনও রকমভাবে তৃণমূলের সঙ্গে হাত মিলিয়ে চলবে না। তবে প্রশান্ত কিশোরের খুবই ইচ্ছা ছিল একটি বিজেপি মঞ্চ তৈরি করা হোক। তার জন্য তিনি তৃণমূল কংগ্রেসের পক্ষ নিয়ে প্রথম শরদ পাওয়ারের সঙ্গে দেখা করেছিলেন। শরদ পাওয়ার পরিস্কার করে বলেছিলেন কংগ্রেস সব সময়ে বিজেপির বিরুদ্ধে লড়াই করে চলেছে। সুতরাং সর্বভারতীয় বিজেপি মঞ্চ তৈরি করতে গেলে কংগ্রেসকে সঙ্গে করে নিতে হবে। কংগ্রেসকে বাদ দিয়ে বিজেপি শক্তিশালী হবে না। তৃণমূল নেত্রী শরদ পাওয়ারের কথাকে মেনে নিয়েছিলেন। তারপরে দেখত পাওয়া গেল কংগ্রেস দলটা জোট ইণ্ডিয়াকে একেবারে গিলে খেয়ে নিয়েছে। তৃণমূল কংগ্রেস প্রথম থেকেই বলে আসছিল যে আসন সমঝোতা করতে হবে আগে। কিন্তু কংগ্রেস আসন সমঝোতা নিয়ে দেরি করতে থাকে। অপেক্ষা করতে থাকে। তারপরে নেত্রী মমতা বন্দ্যোপাধ্যায় কংগ্রেস সভাপতি মল্লিকার্জ্জুন খড়্গে বিজেপি বিরোধী জোটের মুখ লোকসভার নির্বাচনে বিজেপির বিরুদ্ধে লড়াই করার কথা উত্থাপন করলে তাতে গোঁসা হয়েছিল বেশ কিছু বিরোধী দলের নেতার। ফলে দেখতে পাওয়া গেল যে কংগ্রেসকে আবার শক্তিশালী করতে রাহুল গান্ধি ময়দানে নেমে পড়েছেন 'ভারত জেড়ো ন্যায় যাত্রা' নিয়ে। এই ভারত জোড়ো ন্যায় যাত্রায় তৃণমূল কংগ্রেস যোগদান করেনি যখন ন্যায় যাত্রা উত্তর বঙ্গে এসে উপস্থিত হয়েছিল। সিপিএম দলের নেতারা রাহুলের ন্যায় যাত্রায় অংশ গ্রহণ করে কংগ্রেস বাম যে এক তা প্রমাণ করে দিল। নেত্রী এদিকে একক শক্তিতে লড়াই করার কথা ঘোষণা করে দিলেন।

মায়ানমার নিয়ে চিন্তিত ভারত ও বাংলাদেশ

মায়ানমার নিয়ে চিন্তিত ভারত ও বাংলাদেশ সরকার। বাংলাদেশের বিদেশ মন্ত্রী হাছান মামুদ এখন ভারত সফর করছেন। বাংলাদেশের নির্বাচন হওয়ার পরেই নতুন বিদেশ মন্ত্রী হিসাবে সফর গ্রহণ করেছেন হাছান মামুদ। তিনি বিদেশ মন্ত্রীর দায়িত্ব গ্রহণ করেই প্রথম ভারত সফর করলেন। ভারতের বিদেশ মন্ত্রী জয়শঙ্করের সঙ্গে বাংলাদেশের বিদেশ নীতির পাশাপাশি দুই দেশের মৈত্রী সম্পর্ক নিয়ে বহু আলোচনা হয়েছে। তবে ভারত বাংলাদেশের সবচেয়ে বড় সমস্যা হচ্ছে মায়ানমারের জুন্টা সরকার। মায়ানমারে সামরিক শাসন চলছে। তার ফলে সেখানে আবার সমারিক সরকার বিরোধীরা গেরিলা আক্রমণ করে সামরিক সরকারকে নাস্তানাবুদ করে দেওয়ার চেষ্টা করছে। তার ফলে সামরিক সেনারা সাধারণ নাগরিকদের ওপরে বেশি করে অত্যাচার করতে শুর করেছে। সেই অত্যাচারের হাত থেকে রেহাই পেতে সেখানকার নিরহী জনগণ ভারত এবং বাংলাদেশের সীমান্ত পার হয়ে প্রবেশ করতে শুরু করেছে। আবার কোথাও কোথাও মায়ানমারের জঙ্গিরা ভারত বাংলাদেশ সীমান্তে তৎপর হতে শুরু করেছে। তারা মণিপুর, মিজোরাম, নাগাল্যাণ্ড অঞ্চলে প্রবেশ করে হামলা করা থেকে শুরু করে বিভিন্ন রকমের অপরাধজনিত কাজ করতে শুরু করেছে। যার ফলে উত্তপ্ত হয়ে পড়তে শুরু করেছে মণিপুর। ভারত সরকার মণিপুর সীমান্ত সিল করে দেওয়ার সিদ্ধান্ত গ্রহণ করেছে যাতে করে মায়ানমার থেকে কেউ ভারতের মণিপুরে প্রবেশ না করতে পারে। এদিকে বাংলাদেশের সীমানা পার হয়ে মায়ানমারের নাগরিকেরা সেখানে প্রবেশ করতে শুরু করেছে জীবনকে রক্ষা করতে। মায়ানমারের শরনার্থীরা ভারতে এসে আশ্রয় গ্রহণ করতে শুরু করেছে। বাংলাদেশের বিদেশ মন্ত্রী হাছান মামুদ ভারতের জাতীয় নিরাপত্তা উপদেষ্ট অজিত দোভালের সঙ্গে দেখা করে আলোচনা করেছেন। সাংবাদিকদের সামনে বাংলাদেশের বিদেশ মন্ত্রী হাছান মামুদ বলেন, ভারতের জাতীয় নিরাপত্তা উপদেষ্টার সঙ্গে আলোচনা হয়েছে। মায়ানমার নিয়ে ভারত বাংলাদেশের সমস্যা ক্রমশ বৃদ্ধি পেতে শুরু করেছে। সেখানকার গণতান্ত্রিক সরকারের পতন ঘটিয়ে আবার সামরিক সরকার এসে উপস্থিত হয়েছে। তার ফলে সেখানকার বেশ কিছু নাগরিক ক্ষুব্ধ। তারা এই সামরিক সরকারের বিরুদ্ধে তীব্র লড়াই করতে শুরু করেছে। এই সব বিদ্রোহী সংগঠনগুলি চাইছে না মায়ানমারে সামরিক শাসনের অধীনে থাকতে। সাময়ির শাসনে দখলে থাকা বেশ কয়েকটি অঞ্চল বিদ্রোহীদের হাতে চলে গিয়েছে। এই সংঘর্ষের প্রভাব এসে পড়তে শুরু করেছে মণিপুর, মিজোরাম এবং নাগ্যালাণ্ডে। তার ফলে ভারতীয় সেনাদের দেখভাল করতে হচ্ছে। সেখানকার কোনও জঙ্গি নেতারা যাতে এই সুযোগ গ্রহণ করে ভারতে প্রবেশ না করে

কলকাতার কথা ঃ বনেদি লাহা বাড়ি

কলকাতার ঠনঠনিয়া একটি প্রসিদ্ধ স্থান। এখানে একটি বিখ্যাত কালী মন্দির রয়েছে। ঠনঠনিয়া কালী মন্দির হিসাবে খ্যাতি অর্জন করেছে। এই ঠনঠনিয়াতে রয়েছে লাহা বাড়ি। কলকাতা প্রাচীন জমিদার বাড়ি। এখনও ঠনঠনিয়া লাহা বাড়ির প্রচুর নামডাক। সেখানে এখন প্রাচীন কালের ঐতিহ্যবাহী জিনিস দেখতে পাওয়া যায়। তবে নিরাপত্তার কারণে সেখানে

এখন আর কাউকে প্রবেশ করতে দেওয়া হয় না। এ লাহা বাড়িতে এক সময়ে ভবানী চরণ লাহা বসবাস করতেন। তিনি বহু কাল আগেই প্রয়াত হয়েছেন। চিত্র শিল্পের পৃষ্টপোষক ছিলেন তিনি। এই বাড়ির সঙ্গে জোড়াসাঁকো ঠাকুর বাড়ির সঙ্গে একটি মৈত্রী সেতু বন্ধন তৈরি হয়েছিল। শিল্প চর্চা যেমন লাহা বাড়িতে হতো ঠিক তেমনি জোড়াসাঁকো ঠাকুর বাড়িতেও হতো। ভারতীয় চিত্র শিল্পকে সংরক্ষণ করার জন্য একটি আকাদেমি গড়ে তোলা হয়।

চিঠি ঃ দেশের অভ্যান্তরিন সুরক্ষা দরকার

এনআইএ'র নজরদারির কাজ সারা বছর ধরে চলে। এটা তাদের রুটিন কাজ। তারা জানিয়েছে যে ভারতের প্রতিটি প্রান্তের ওপরে তাদের নজরদারি থাকে। জম্মু কাশ্মীর থেকে শুরু করে লাদাখ, অরুণাচল প্রদেশ সহ প্রভতি স্পর্শকাতর এলাকার ওপরে নজর রাখে। পশ্চিমবঙ্গে মুর্শিদাবাদ, নদিয়া থেকে শুরু করে উত্তর ২৪ পরগনার ওপরে তাদের নজরদারি থাকে। সুন্দরবন অঞ্চলের ওপরে তারা নজর রাখে মুর্শিদাবাদে জঙ্গি ঘাঁটি নতুন কিছু নয়। ২০১৩ সালে ৭ জুলাই বুদ্ধগয়া বিস্ফোরণের পরেই ধুলিয়ানকে কেন্দ্র করে নতুন জেএমবি গোষ্ঠী তৈরির করার কথা জানতে পেরেছিল গোয়েন্দারা। একাধিক অভিযুক্তকে গ্রেফতার করা হয়। এরপরে ২০১৪ সালে ২ অক্টোবর বর্ধমানে খাগড়াগড়ে বিস্ফোরণের পর জেএমবি গোষ্ঠীর সদস্য রেজাউল কমির এবং আব্দুল ওয়াহাবকে গ্রেফতার করা হয়। বেলডাঙ্গা এবং মুকিমডাঙ্গায় অবস্থিত বেআইনি মাদ্রাসার ওপরে নজর রাখতে শুরু করে। মুর্শিদাবাদে মাদ্রাসাগুলোর ওপরে কেন্দ্রীয় বাহিনী কড়া নজর রাখতে শুরু করেছিল। সেখানে যেসব মসজিদ ছিল তার ওপরে নজর রাখা শুরু করে ছিল। সীমান্ত রক্ষা বাহিনীর গোয়েন্দারাও এর ওপরে কড়া নজরদারির ব্যবস্থা রাখে।

রতন হাজরা, করিমপুরস নদিয়া, পশ্চিমবঙ্গ।

খোলা আকাশের নীচেই চলছে অঙ্গনওয়াড়ি কেন্দ্র, ভয় পাচ্ছেন অভিভাবকরা

দুরন্ত বার্তা, বর্ধমান, ৯ ফেব্রুয়ারি ঃ খোলা আকাশের নীচেই চলছে অঙ্গনওয়ারী কেন্দ্র! তার উপর একই দিদিমনি দুটি কেন্দ্রের দায়িত্বে থাকায় পড়াশোনা হচ্ছে অনিয়মিত। জল ঝড় সহ বিভিন্ন প্রাকৃতিক দুর্যোগে ওই অঙ্গনওয়ারী কেন্দ্রে বাড়ির শিশুদের পাঠাতে ভয় পাচ্ছেন অভিভাবকরা। এই রকমই অভিযোগ উঠল পূর্ব বর্ধমান জেলার পূর্বস্থলী দু'নম্বর ব্লকের মাজিদা পঞ্চায়েতের পশ্চিম আটপাড়া অঙ্গনওয়ারী কেন্দ্রে। এখানে শিশুদের বসার জন্য একটি ঘর থাকলেও ঘরের মাথায় নেই কোন চাল। খোলা আকাশের নিচে এমন ভাবেই ক্লাস নেওয়া হচ্ছে বেশ কয়েক মাস ধরে। ভরা শীতে ঠান্ডার মধ্যে এই ভাবেই ক্লাস করেছে পড়ুয়ারা। গত বছর ঝড়ে ওই ঘরের চাল উড়ে গেলেও আজ পর্যন্ত তার কোন ব্যবস্থা নেওয়া হয়নি কর্তৃপক্ষের পক্ষ থেকে। তখন থেকে এই ভাবেই খোলা আকাশের নিচে ক্লাস করছে পড়ুয়ারা। একই সাথে অঙ্গনওয়ারী কেন্দ্রের দিদিমণি একই সাথে ২টি কেন্দ্রের দায়িত্বে থাকায় সপ্তাহে তিন দিন ক্লাস করান ওই অঙ্গনওয়ারী সেন্টারে। আর তিন দিন করান অপর আরেকটি অঙ্গনওয়ারী কেন্দ্রে। স্বভাবতই শিশুরা পড়াশোনা থেকেও বঞ্চিত হয়। এখানেই শেষ নয়, ওই অঙ্গনওয়ারী কেন্দ্রে নেই শৌচাগারের ব্যবস্থাও। শৌচাগারের প্রয়োজন হলে শিশুরা কেউ কেউ বাড়ি চলে যায় কিম্বা কেউ কেউ অন্যত্র খোলা জায়গাতেই শৌচকর্ম করে। এমন কি যে দিদিমনি ওই কেন্দ্রে পড়াতে আসেন তাকেও বাধ্য হয়ে স্থানীয় বাসিন্দাদের শৌচাগার ব্যবহার করতে হয়, যা সত্যিই লজ্জাজনক। আর এই সব অব্যবস্থা নিয়ে স্থানীয় বাসিন্দা থেকে শিশুদের অভিভাবক - অভিভাবিকাদের ক্ষোভ দীর্ঘদিনের। জনৈক অভিভাবিকা আশরফি বিবির অভিযোগ, প্রায় দু বছর হয়ে গেল ওই কেন্দ্রটির ঘরের মাথার চাল তৈরী করা হয় নি। ফলে রোদ, ঝড় বা বৃষ্টিতে তারা বাড়ির শিশুদের অঙ্গনওয়াড়ী কেন্দ্রে পাঠাতে ভয় পান। অঙ্গনওয়াড়ী কেন্দ্রের ঘরটিতে মাথার চাল না থাকার জন্য মেঘ করলেই তড়িঘড়ি শিশুদের বাড়ি নিয়ে চলে যেতে হয় যাতে তারা বৃষ্টিতে না ভেজে। আবার ওই একই কারনে প্রচন্ড ঠান্ডা কিম্বা রোদের জোর বাড়লেও তারা বাড়ির বাচ্ছাদের পাঠান না। এইরকম চলছে। দিদিমনি তিন দিন আসেন। বাকি দিন আসেন না। এই প্রসঙ্গে ওই অঙ্গনওয়ারী কেন্দ্রের শিক্ষিকা গীতশ্রী মন্ডল জানান, তাকে অফিস থেকেই কমলনগর ও আটপাড়া এই দুটি অঙ্গনওয়ারী কেন্দ্রের চার্জ দেওয়া হয়েছে অফিস থেকে। কাজেই তাকে তিন দিন করে দু জায়গায় ক্লাস নিতে হয়। ওই কেন্দ্রে মোট ৩৬ টি শিশু পরে ও খাবার নেয়। বাচ্ছারা স্কুলে আসে এবং প্রতিদিন খাবারও নেয়। বহুবার বলা সত্ত্বেও কেন্দ্রটির ঘরের মাথার চালাটি বাগানোর কোন উদ্যোগ কেউ নিচ্ছে না। তবে পুরো বিষয়টি নিয়ে উর্ধতন কর্তৃপক্ষকে জানানো হয়েছে, তারা কি পদক্ষেপ নেয় সেটাই দেখার। যদিও এই বিষয়ে জেলা পরিষদের নারী ও শিশু কর্মাধ্যক্ষ মাম্পি রুদ্র জানিয়েছেন, এই বিষয়ে লিখিত অভিযোগ আমার কাছে এখন আসেনি। আমি আপনাদের মাধ্যমে বিষয়টি জানলাম, আমি বিষয় টি খোঁজ নিচ্ছি। তবে গত অর্থের মিটিং এ প্রতিটি অঙ্গনওয়াড়ী কেন্দ্রের বাথরুম ও পানীয় জলের পরিকল্পনা নেওয়া হয়েছে, এর কাজও শুরু হয়েছে বলে জানান তিনি।

কয়েক ঘন্টার মধ্যেই উদ্ধার হারিয়ে যাওয়া শিশু

দুরন্ত বার্তা, সুতি, ৯ ফেব্রুয়ারি ঃ মাত্র কয়েক ঘন্টার মধ্যেই হারিয়ে যাওয়া এক শিশু কন্যাকে উদ্ধার করে পরিবারের হাতে তুলে দিলো সুতি থানার পুলিশ। শুক্রবার বিকেলে সুতি থানার পুলিশের তৎপরতায় শিশু কন্যাকে ফিরে পেয়ে খুশি পরিবারের সদস্যরা। জানা গেছে, শুক্রবার বেলা ১২ টা নাগাদ হঠাৎ নিখোঁজ হয়ে যায় শিশু কন্যার বাবা মা। সুতি থানার মহেন্দ্রপুর এলাকার দু বছরের শিশু কন্যা মিসমা খাতুন। বহু খোঁজাখুঁজি করেও না পেয়ে অবশেষে পুলিশের দ্বারস্থ হন পরিবারের সদস্যরা। তৎপর হয়ে ওঠে পুলিশ। তারপরই বিকেল নাগাদ অরঙ্গাবাদ বোরবনা গ্যাস অফিস সংলগ্ন এলাকায় কান্নাকাটি করতে লক্ষ করা যায় শিশু কন্যাটিকে। তখনই তাকে উদ্ধার করে নিয়ে এসে পরিবারের সদস্যদের সঙ্গে যোগাযোগ করে সুতি থানার পুলিশ। তারপরই বিকেল নাগাদ পরিবারের সদস্যদের হাতে আনুষ্ঠানিকভাবে শিশু কন্যাটিকে তুলে দেওয়া হয়। মাত্র কয়েক ঘন্টার মধ্যেই শিশু কন্যাটিকে উদ্ধার করে পরিবারের কাছে পৌঁছে দেওয়ায় সুতি থানার পুলিশকে ধন্যবাদ জানিয়েছেন

কার্তুজ-সহ গ্রেফতার ভুটানি নাগরিক

দুরন্ত বার্তা, জলপাইগুড়ি, ৯ ফেব্রুয়ারি ঃ শিলিগুড়ির বাগডোগরা বিমানবন্দরে একে-৪৭ -এর ৫টি কার্তুজ-সহ এক ভুটানি নাগরিককে গ্রেফতার করা হয়েছে। অভিযুক্তের নাম তাসি শেরিং। বাগডোগরা থানার পুলিশ শুক্রবার অভিযুক্তকে শিলিগুড়ি আদালতে পেশ করে পুলিশি রিমান্ড চাইবে। বিমানবন্দর সূত্রে খবর, সন্দেহভাজন চেন্নাই থেকে কুয়েত যাওয়ার কথা ছিল।

NIT No. : **02/M of 2023-24** of Mousuni Irrigation Sub-Division. Off-line tender has been invited by the undersigned for 03 (Three) nos. of works, amount put to tender ranging upto 0.97 Lakhs. Last Date of application : **15.02.2024** up-to **12.00 hrs**. All necessary details may be obtained from office of Mousuni Irrigation Sub-Division.

Sd/-
Sub-Divisional Officer
Mousuni Irrigation Sub-Division
Kakdwip, South 24 Parganas

Haripal Sahadeb Gram Panchayat
Tender Reference No:- WB/HOOGHLY/HARIPAL/SAHADEB/PRODHAN HS-49/2023-24
Memo No: HS-49/HSGP/2023-24 Dated: 05/02/2024
E-TENDER NOTICE

For and on behalf of the Haripal Sahadeb Gram Panchayat, The Prodhan invites Sealed percentage rate tenders for total 4(Four) No.different works. Documents download/sell(online) starting from **05.02.2024 18:00 Hours**. Last date of submission of Bid(online): **19.02.2024 up to 14:00 Hrs**. Date of Opening of Bid(online): **21.02.2024 at 12:00 Hrs**. For details please visit office of the undersigned or website **https://wbtenders.gov.in**

Sd/-Prodhan

কোয়ার্টারকে অফিসার্স ক্লাবে রূপান্তর

ই-টেন্ডার বিজ্ঞপ্তি নং.ঃ ১০৮-ইএনজিজি-আরএনওয়াই -২০২৩-২৪। নিম্নলিখিত কাজের জন্য নিম্নস্বাক্ষরকারীর দ্বারা ই-টেন্ডার আহ্বান করা হচ্ছে ঃ **ক্রমিক নং. ১, আইটেমের সংক্ষিপ্ত বিবরণঃ** ডাংতলে ঃ - কোয়ার্টারকে অফিসার্স ক্লাবে রূপান্তর করা। টেন্ডার মূল্যঃ ৫৭,৫৮,৫৩৭.২০ টাকা। বায়নার ধনঃ ১,১৫,২০০.০০ টাকা। **ই-টেন্ডার** ২৯-০২-২০২৪ তারিখের ১৫.০০ ঘন্টায় **বন্ধ হবে** এবং ২৯-০২-২০২৪ তারিখের ১৫.০০ ঘন্টায় ডিভিশনাল রেলওয়ে ম্যানেজার (ওয়ার্কস), রঙিয়া কার্যালয়ে **খোলা হবে।** উপরের ই-টেন্ডারের টেন্ডার নথি সহ সম্পূর্ণ তথ্য **www.ireps.gov.in**-এ উপলব্ধ থাকবে।

ডিআরএম (ওয়ার্কস), রঙিয়া
উত্তর পূর্ব সীমান্ত রেলওয়ে
প্রসন্নচিত্তে গ্রাহকদের সেবায়

জাগিরোড স্টেশনে বৈদ্যুতিক টিআরডি পরিবর্তনের কাজ

টেন্ডার বিজ্ঞপ্তি নং.ঃ টিআরডি-এলএমজি-২৫ অব ২০২৩-২৪, তারিখঃ ০৫-০২-২০২৪। নিম্নলিখিত কাজগুলির জন্য নিম্নস্বাক্ষরকারীর দ্বারা ই-টেন্ডার আহ্বান করা হচ্ছেঃ **টেন্ডার নং.ঃ** ইএল-টিআরডি-এনএফআর-জেআইডি -ওএইচই-এমওডি১৬আর, **কাজের নামঃ** "অমৃত ভারত স্কিম"-এর অধীনে জাগিরোড স্টেশনে পাঁচটি (০৫) লাইনের উপর নতুন এফওবি নির্মাণের সাথে সম্পর্কযুক্ত বৈদ্যুতিক টিআরডি পরিবর্তনের কাজ। টেন্ডার মূল্যঃ ৮১,৮৯,০৮৮.২৯ টাকা; বায়নার ধনঃ ১,৬৩,৮০০.০০ টাকা। **ই-টেন্ডার বন্ধ হবে** ২৯-০২-২০২৪ তারিখের ১৫.০০ ঘন্টায়। উপরের ই-টেন্ডারের টেন্ডার নথি সহ সম্পূর্ণ তথ্য **www.ireps.gov.in** ওয়েবসাইটে উপলব্ধ রয়েছে।

সিনি. ডিইই/টিআরডি অ্যান্ড জিএস/লামডিং
উত্তর পূর্ব সীমান্ত রেলওয়ে
প্রসন্নচিত্তে গ্রাহকদের সেবায়

হোজাই স্টেশনে বৈদ্যুতিক টিআরডি পরিবর্তনের কাজ

টেন্ডার বিজ্ঞপ্তি নং.ঃ টিআরডি-এলএমজি-২৩ অব ২০২৩-২৪, তারিখঃ ০৩-০২-২০২৪। নিম্নলিখিত কাজগুলির জন্য নিম্নস্বাক্ষরকারীর দ্বারা ই-টেন্ডার আহ্বান করা হচ্ছেঃ **টেন্ডার নং.ঃ** ইএল-টিআরডি-এনএফআর-এইচজেআই-ওএইচই-এমওডি১৩আর, **কাজের নামঃ** "অমৃত ভারত স্কিম"-এর অধীনে হোজাই স্টেশনে পাঁচটি (০৫) লাইনের উপর নতুন এফওবি নির্মাণের সাথে সম্পর্কযুক্ত বৈদ্যুতিক টিআরডি পরিবর্তনের কাজ। টেন্ডার মূল্যঃ ৮১,৮৯,০৮৮.২৯ টাকা; বায়নার ধনঃ ১,৬৩,৮০০.০০ টাকা। **ই-টেন্ডার বন্ধ হবে** ২৮-০২-২০২৪ তারিখের ১৫.০০ ঘন্টায়। উপরের ই-টেন্ডারের টেন্ডার নথি সহ সম্পূর্ণ তথ্য **www.ireps.gov.in** ওয়েবসাইটে উপলব্ধ রয়েছে।

সিনি. ডিইই/টিআরডি অ্যান্ড জিএস/লামডিং
উত্তর পূর্ব সীমান্ত রেলওয়ে
প্রসন্নচিত্তে গ্রাহকদের সেবায়

e-Tender Notice

D.W.O., B.C.W. & T.D., Purba Medinipur invites e-tender vide **NIT No. WB/BCWTD/NIT-02(e)/2023-24 & Tender Id : 2024_DMPM_662893_1** .Online Bid submission end date on **16/02/2024** up to **9:00 A.M.** Details may be seen on website **http://wbtenders.gov.in**

Sd/-
D.W.O., B.C.W. & T.D.
Purba Medinipur

পূর্ব রেলওয়ে

টেন্ডার নং. এসডিএসটিই-এসএফএ-জনাই-ডিইপি-২৩-২৪, তারিখঃ ০৮.০২.২০২৪। ডিভিসনাল রেলওয়ে ম্যানেজার, পূর্ব রেলওয়ে, হাওড়া, রেলওয়ে স্টেশনের নিকটে ডিআরএম বিল্ডিং, হাওড়া-৭১১১০১ নিম্নলিখিত কাজের জন্য **টেন্ডার নং. এসডিএসটিই-এসএফএ-জনাই-ডিইপি-২৩-২৪**-এর পরিপ্রেক্ষিতে ওপেন ই-টেন্ডার আহ্বান করছেন। বিডদাতারা কেবলমাত্র বন্ধের তারিখ এবং সময় পর্যন্ত তাঁদের অরিজিনাল / সংশোধিত বিড জমা করতে পারবেন। এই টেন্ডারের ক্ষেত্রে ম্যানুয়াল অফার অনুমোদিত নয় এবং এরূপ কোনও ম্যানুয়াল অফার গৃহীত হলে তা গ্রাহ্য হবে না। **কাজের নামঃ** হাওড়া ডিভিসনে জনাই রোড স্টেশনে মেসার্স এসএফএ লজিস্টিক্স পার্ক প্রাইভেট লিমিটেডের প্রস্তাবিত জিসিটি সম্পর্কিত কানেক্টিভিটি এবং অন্যান্য কাজ সম্পর্কিত এস অ্যান্ড টি ব্যয়। **বিজ্ঞাপিত মূল্যঃ** ২,০৫,২৮,৯৮৪.৬৫ টাকা। **বায়নামূল্যঃ** ২,৫২,৭০০ টাকা। **টেন্ডার নথিপত্রের মূল্যঃ** ০.০০ টাকা। **বিডিং সিস্টেমঃ** সিঙ্গল প্যাকেট সিস্টেম। **সম্পূর্ণ করার সময়সীমাঃ** ৬ মাস। **প্রস্তাবের বৈধতাঃ** ১২০ দিন। **টেন্ডার আপলোডিংয়ের তারিখ এবং সময়ঃ** ০৮.০২.২০২৪ তারিখ দুপুর ৩.৩৯মিনিটে। **বিডিং শুরুর তারিখঃ** ১৯.০২.২০২৪। **টেন্ডার বন্ধের তারিখ এবং সময়ঃ** ০৪.০৩.২০২৪ তারিখ দুপুর ৩টে। টেন্ডারের বিস্তারিত বিবরণ **www.ireps.gov.in** ওয়েবসাইটে পাওয়া যাবে।

HWH-488/2023-24

পূর্ব রেলওয়ে ওয়েবসাইটঃ www.er.indianrailways.gov.in/ www.ireps.gov.in -এও টেন্ডার বিজ্ঞপ্তি পাওয়া যাবে

আমাদের অনুসরণ করুন: @EasternRailway @easternrailwayheadquarter

রঙিয়া ডিভিশনে সেস সম্প্রসারণ

টেন্ডার বিজ্ঞপ্তি নং.: ১০৬-ইএনজিজি-আরএনওয়াই-২০২৩-২৪-০১ এন্ড ০২, তারিখ : ০৭-০২-২০২৪; নিম্নলিখিত কাজের জন্য নিম্নস্বাক্ষরকারী দ্বারা ই-টেন্ডার আহ্বান করা হয়েছে; **ক্রম নং. -১; আইটেমের সংক্ষিপ্ত বিবরণ:** এসএসই/ওয়ার্কস/ছয়গাঁও -এর অধীনে কিমি ১০৫/০-১৭২/০ পর্যন্ত সেস সম্প্রসারণ। **টেন্ডার মূল্য:** ₹ ১,৭৬,৬৩,৬২৫.৭৬; **বায়না মূল্য :** ₹ ২,৩৮,৩০০/-; **ক্রম নং. -২; আইটেমের সংক্ষিপ্ত বিবরণ:** যোগীঘোপা-শিংড়া সেকশনে কিমি ৩৪/৬-১০৫/০ অবধি এবং দুধনৈ জংশন- মেন্দীপাথার সেকশনে কিমি ০/১ থেকে ১৮/০ পর্যন্ত সেস সম্প্রসারণ। **টেন্ডার মূল্য:** ₹ ১,৭৩,৫১,৯১১.৮৭; **বায়না মূল্য :** ₹ ২,৩৬,৮০০/-; টেন্ডার **বন্ধ / খোলার** তারিখ ও সময় **২৯-০২-২০২৪** তারিখে **১৫:০০** ঘন্টায়। উপরের ই-টেন্ডারের টেন্ডার নথির সাথে সম্পূর্ণ তথ্য **http://www.ireps.gov.in** ওয়েবসাইটে পাওয়া যাবে।

ডিআরএম (ওয়ার্কস), রঙিয়া
উত্তর পূর্ব সীমান্ত রেলওয়ে
প্রসন্ন চিত্তে মানুষের সেবায়

Office of The Block Development Officer
Joypur Development Block, Joypur, Purulia
NOTICE INVITING TENDER No: NIeT-12/BDO/JDB/2023-24

E-Tenders are invited by the undersigned from eligible bonafied contractors having requisite credential and other valid documents up to 5.00 PM of 23/02/2024 for 01 no. of work. (Bid submission closing date may change as per available slot in etender portal while publishing). For details intending participants may contact to the office of The undersigned or visit website www.wbtenders.gov.in in any working day before the Last date for submission of bid documents.

Sd/- Block Development Officer
Joypur Development Block

OFFICE OF THE COUNCILLORS NAIHATI, NAIHATI MUNICIPALITY

1, R.B.C. ROAD, NAIHATI, NORTH 24 PARGANAS

TENDER
NIT(e)/11/FEBRUARY-07/2023-24,
Memo No.: 4953/MC-11
Date: 08.02.2024

Online Tenders are invited by the Chairman on behalf of the Naihati Municipality through electronic tendering (e-tendering) for the 29 Nos. works from eligible and resourceful Companies/Firms/Contractors having sufficient credential and financial capability for execution of works as depicted hereunder for participating in the tender. Bid submission start date & time (online): **10.02.2024 after 9:00 Hrs**. Bid Submission closing date & time (online)- **19.02.2024 after 16:00 Hrs**. Bid opening date & time for Technical Proposals(online): **21.02.2024 after 16:00 Hrs. WB Govt. e-tender website must be followed.**

Sd/- Chairman
Naihati Municipality

HEAD MASTER HARIPUR HIGH SCHOOL(HS)

মৎস্যজীবী উন্নয়ন সমিতির সেক্রেটারি আফজাল হোসেন জানিয়েছেন, গঙ্গা নদীতে সম্প্রতি কিছু মৎস্যজীবী তাদের ক্ষুদ্র স্বার্থে চটজাল ব্যবহার করছে। এতে ছোট মাছের সঙ্গে বিভিন্ন জলজ প্রাণী মারা যাচ্ছে। এর ফলে মৎস্যজীবীদের জীবন জীবিকার উপর আঘাত আসছে। গঙ্গা নদীতে যদি এই বেআইনি মাছ ধরা বন্ধ করতে না পারে মৎস্যজীবীদের সঙ্গে আমাদের রাজ্যের রাজস্ব ক্ষতি হবে। মৎস্যজীবীরা প্রশাসনের কাছে অনুরোধ করেছে মালদা জেলার বিভিন্ন নদীর ঘাটে ঘাটে প্রচার ও মাইকিং করে চটজাল ব্যবহারের উপরে নিষেধাজ্ঞা জারি করা উচিত। মৎস্যজীবী উন্নয়ন সমিতির দাবি নদীতে চট জলে মাছ ধরা বন্ধ করতে হবে। ছোট মাছ ধরার উপর নিষেধাজ্ঞা জারি করতে হবে। ওসি কুনাল কান্তি দাস জানান, গোটা বিষয়টি মৎস্য দপ্তরের অধীন। মস্য দপ্তর আমাকে কিছু জানায়নি। ওই দপ্তর থেকে কোন নির্দেশ হলে আমরা তা পালন করার চেষ্টা করব। মৎস্য দপ্তরের অ্যাসিস্ট্যান্ট ডাইরেক্টর জানিয়েছেন, তারা জেলেদের অভিযোগ পেয়েছেন গোটা বিষয়টি খাতিয়ে.দেখে খুব শীঘ্রই ব্যবস্থা নেওয়া হবে। এর আগে দীর্ঘদিন ধরে গঙ্গা নদীর বর্তমান স্রোতে মাছ ধরতে জেলেদের উপরে পুলিশ ১০ শতাংশ করে কর নেওয়া হত। রাজ্যসরকার ২০১৫ সালে আইন করে প্রবাহমান গঙ্গা নদীতে মাছ ধরা কর মুকুব করে। মানিকচক থেকে ফারাক্কার বিভিন্ন ঘাট অবৈধ ভাবে ডাক হতো। সরকারের কাছে চড়া দামে ঘাট কিনে নিতো ঘাট ব্যবসায়ী ও সমিতির লোকেরা। এবং গঙ্গা নদীতে মাছ ধরতে আসা জেলেদের উপরে ২০ শতাংশ হারে কর বসায় মোথাবাড়ি ধীবর সমবায় সমিতি। মৎস্যজীবীরা কর দিতে না পারলে মৎস্যজীবীদের নেট জাল বা নৌকা ছিনিয়ে নেয় ধীবর সমিতির লোকেরা। এই ঘটনার প্রতিবাদে মৎস্যজীবীরা দীর্ঘ আন্দোলন করে। দীর্ঘ আন্দোলনের ফলে জেলাশাসকের নির্দেশে গঙ্গাপাড়ে মাছ ধরার জন্য শুল্ক আদায় বন্ধ হয়। এর পর ই কিছু অসাধু মৎস্যজীবী বেয়ানিভাবে চটজাল ব্যবহার করে গঙ্গা নদীর ছোট ছোট মাছ ধরে ফেলছে। এর ফলে মাছের উৎপাদন যেমন কমছে তেমনি মৎস্যজীবীদের জীবন জীবিকায় প্রভাব পড়ছে। মৎস্যজীবীদের অভিযোগ, প্রশাসন গোটা বিষয়টি জেনেও দীর্ঘদিন থেকে এই বিষয়টি নিয়ে অবহেলা করছে। তাই তারা লিখিতভাবে এই অভিযোগ এনেছে। দাবি পূরণ না হলে বৃহত্তর আন্দোলনে যাবে।

দার্জিলিং লোকসভা আসনে প্রার্থী নিয়ে শুরু চাপানোউতর

দুরন্ত বার্তা, জলপাইগুড়ি, ৯ ফেব্রুয়ারি ঃ সামনেই লোকসভা নির্বাচন। আর ইতিমধ্যে দার্জিলিং লোকসভা আসনে প্রার্থী কে হবে? তা নিয়ে শুরু হয়েছে রাজনৈতিক চাপানোউতর। এবার পাহাড়ের ভূমিপুত্র মহেন্দ্র পি লামাকে প্রার্থী করার দাবি উঠলো। শুক্রবার শিলিগুড়ি জার্নালিস্ট ক্লাবে সাংবাদিক বৈঠক করে মহেন্দ্র পি লামা কে দার্জিলিং লোকসভা আসন থেকে প্রার্থী করার দাবী জানালো মাটো কো আওয়াজ নামক এক সংগঠন। তাদের দাবি, এর আগে বিজেপি থেকে দুবার সংসদ নির্বাচিত করে লোকসভায় পাঠিয়েছে পাহারাবাসী। কিন্তু তাতে পাহাড়ের দীর্ঘদিনের পৃথক রাজ্যের দাবি পূরণ হয়নি। এবার পাহাড়ের ভূমিপুত্র কে যদি প্রার্থী করে লোকসভায় পাঠানো হয় তাহলে সেই দাবী পূরণ হবে। আর সেই কারণেই মহেন্দ্র পিল আমাকে প্রার্থী করা হোক। যেকোনো সর্বভারতীয় রাজনৈতিক দল মহেন্দ্র পিল আমাকে প্রার্থী করলে তাদের সংগঠনের তরফে সেই রাজনৈতিক দলকে সমর্থন জানানো হবে। যদি কোন রাজনৈতিক দল মহেন্দ্র পি লামাকে প্রার্থী না করে তাহলে আগামীতে ভোট বয়কটের হুঁশিয়ারি দিয়েছেন তারা।



মদের কাউন্টার খোলায় বিক্ষোভ

দুরন্ত বার্তা, সুতি, ৯ ফেব্রুয়ারি ঃ গ্রামের মধ্যে মদের কাউন্টার খোলার প্রতিবাদে বিক্ষোভে ফের একবার ফেটে পড়লেন সুতি থানার অন্তর্গত গাঙ্গিন গ্রামের বাসিন্দারা। বিক্ষোভে সামিল ছিলেন মহিলারাও। শুক্রবার বেলা সাড়ে ১১ টা নাগাদ ঘটনাকে কেন্দ্র করে ব্যাপক চাঞ্চল্যের সৃষ্টি হয় মুর্শিদাবাদ জেলার সুতি থানার গাঙ্গিন এলাকায়। এলাকায় কোনোমতেই মদের দোকান খুলতে দেওয়া হবে না বলেই দাবি জানান গাঙ্গিন গ্রামের বাসিন্দারা। গ্রামীণ এলাকায় মদের দোকান খোলা হলে অসামাজিক কার্যকলাপ ও অশান্তি সৃষ্টি হবে বলেই অভিযোগ এলাকাবাসীর। যুবসমাজও বিপথে পা বাড়াবে। আর তারই প্রতিবাদে সোচ্চার হলেন এলাকাবাসী। মদের দোকান খোলার প্রক্রিয়া বন্ধ করা না হলে আগামী দিনে বৃহত্তর আন্দোলনের হুঁশিয়ারি দেন গ্রামবাসীরা।

দেব হোল্ডিংস লিমিটেড

CIN : L67120WB1982PLC032354

রেজি. অফিসঃ ১৯ /২০, ত্রিনাথ বিল্ডিং, জিসি-১৯ নাটায়ন্তলা, পশ্চিমবঙ্গ-৭০০০৫৯
যোগাযোগ নং. ০১১- ৪১৬৪০৬০৭, ফ্যাক্সঃ ০১১-৪১৬৪০৬০৮
ইমেলঃ delhi.mercury@gmail.com, ওয়েব সাইট ঠিকানাঃ https://devholdingsltd.in/

তিন ও নয় মাস শেষে অনিরীক্ষিত আর্থিক ফলাফল ৩১ ডিসেম্বর, ২০২৩

(লক্ষ টাকা)

ক্রম নং.	বিবরণ	৩ মাস শেষে ৩১.১২.২৩ অনিরীক্ষিত	৩ মাস শেষে ৩০.৯.২৩ অনিরীক্ষিত	৩ মাস শেষে ৩১.১২.২২ অনিরীক্ষিত	৯ মাস শেষে ৩১.১২.২৩ অনিরীক্ষিত	৯ মাস শেষে ৩১.১২.২২ অনিরীক্ষিত	বর্ষ শেষে ৩১.৩.২৩ পরীক্ষিত
১।	আয়						
	অপারেশন থেকে আয়	-	-	-	-	--	১৮.০৫
	অন্যান্য অপারেটিং আয়	১১.৩৯	০.০২	১৪.৫৮	১২.২৭	১৪.৫৮	--
	মোট আয়	১১.৩৯	০.০২	১৪.৫৮	১২.২৭	১৪.৫৮	১৮.০৫
২।	খরচ						
ক	কর্মচারী বেনিফিট খরচ	১.৪৭	১.৪১	১.২৪	৪.২৯	৩.৮৩	৫.১৮
খ.	অবচয় এবং পরিশোধের ব্যয়	০.০২	০.০২	০.০৩	০.০৭	০.০৯	০.১৩
গ.	শক্তি এবং জ্বালানী খরচ	-	--	০.০৬	০.০৫	০.১০	০.১২
ঘ.	অন্যান্য খরচ	০.৫৯	২.৪২	০.৮৩	৩.৬২	২.৪২	৪.৬২
	মোট খরচ	২.০৭	৩.৮৫	২.১৬	৮.০৩	৬.৪৪	১০.০৫
৩।	লাভ / ক্ষতি (লোকসান) অন্যান্য আয়ের আগে, অর্থখরচ এবং ব্যতিক্রমী আইটেম (১ -২)	৯.৩২	(৩.৮৩)	১২.৪২	৪.২৪	৮.১৪	৮.০০
৪।	অন্যান্য আয়	০	-	-	-	-	-
৫।	লাভ / (ক্ষতি) সাধারণ থেকে আর্থিক খরচ এবং ব্যতিক্রমী আইটেম (৩+৪)	৯.৩২	(৩.৮৩)	১২.৪২	৪.২৪	৮.১৪	৮.০০
৬।	ফিনান্স খরচ	০.০০	--	--	০.৪৯	০.৫৫	২.৩৪
৭।	সাধারণ থেকে লাভ/ (ক্ষতি)ফিনান্স খরচের পরে কিন্তু ব্যতিক্রমী আইটেমের আগে কার্যক্রম (৫+৬)	৯.৩২	(৩.৮৩)	১২.৪২	৩.৭৫	৭.৫৯	৫.৬৬
৮।	ব্যতিক্রমী আইটেম	-	-	-	-	-	-
৯।	সাধারণ থেকে লাভ/ (ক্ষতি)ট্যাক্সের আগে কার্যক্রম (৭+৮)	৯.৩২	(৩.৮৩)	১২.৪২	৩.৭৫	৭.৫৯	৫.৬৬
১০।	ট্যাক্স খরচ						
	বিলম্বিত কর	-	-	-	-	-	(০.১৩)
	আগের বছরের জন্য আয়কর						(০.৮৮)
১১।	নিট লাভ / (ক্ষতি)করের পর সাধারণ কার্যক্রম থেকে (৯+১০)	৯.৩২	(৩.৮৩)	১২.৪২	৩.৭৫	৭.৫৯	৪.৬৫
১২।	অসাধারণ আইটেম	--	--	--	--	--	--
১৩।	নিট লাভ / (ক্ষতি) করের পরে, সংখ্যালঘু সুদ এবং লাভের ভাগ (ক্ষতি) সহযোগীদের (১৩+১৪ +১৫)	৯.৩২	(৩.৮৩)	১২.৪২	৩.৭৫	৭.৫৯	৪.৬৫
১৪।	পরিশোধিত ইক্যুইটি শেয়ার মূলধন (প্রতিটির মূল্য ১০ /- টাকা)	২৪.০০	২৪.০০	২৪.০০	২৪.০০	২৪.০০	২৪.০০
১৫।	পূর্ববর্তী হিসাব বছরের ব্যালেন্স শীট অনুযায়ী পুনর্মূল্যায়ন রিজার্ভ ব্যতীত রিজার্ভ	৪৮.৩৮	৪৮.৩৮	৪৮.৩৮	৪৮.৩৮	৪৮.৩৮	৪৮.৩৮
১৬।	(ক) শেয়ার প্রতি আয়(অসাধারণ আইটেমের আগে)-						
	মূল	০.৩৯	(০.১৬)	০.৫২	০.১৬	০.৩২	০.১৯
	মিশ্র	০.৩৯	(০.১৬)	০.৫২	০.১৬	০.৩২	০.১৯
	(খ) শেয়ার প্রতি আয়(অসাধারণ আইটেম পরে)-						
	মূল	০.৩৯	(০.১৬)	০.৫২	০.১৬	০.৩২	০.১৯
	মিশ্র	০.৩৯	(০.১৬)	০.৫২	০.১৬	০.৩২	০.১৯

বিঃদ্র ঃ উপরে ত্রৈমাসিক আর্থিক ফলাফলের বিশদ বিন্যাসের একটি নির্যাস SEBI (LODR), ২০১৫ এর রেগুলেশন ৩৩ এর অধীনে স্টক এক্সচেঞ্জে। এই আর্থিক ফলাফলের সম্পূর্ণ বিন্যাস স্টক এক্সচেঞ্জের ওয়েবসাইটে উপলব্ধ (গুলি) www.cse-india.com এবং কোম্পানির ওয়েবসাইটে www.devholdingsltd.in পূর্ববর্তী সময়ের পরিসংখ্যান যেখানে বিবেচনা করা হয়েছে সেখানে পুনর্গঠন / পুনর্বিন্যাস করা হয়েছে

বোর্ডের পক্ষে,
স্বা /-
আশীষ কীর্তনীয়া
সবসময়ের পরিচালক
DIN : 001910967

তারিখঃ০৯.০২.২০২৪

NAITY GRAM PANCHAYAT

Chanditala Block-II, Dist-Hooghly

Notice inviting Tender no: NIT NO: 278/NGP/2024, dated: 09/02/2024 for Execution work is being invited by the PRODHAN, Naity Gram Panchayat. Date of application: FROM 09/02/2024. Last date of submission of Tender: 16/02/2024. Date of Opening of Tender: 19/02 2024. Details will be available at the office of the Naity Gram Panchayat.

Sd/- Pradhan
Naity Gram Panchayat

Office of The Executive Officer
Purbasthali-I Panchayat Samity
SRIRAMPUR, PURBA BARDHAMAN
NOTICE INVITING e-TENDER

1.e-Tender Reference No-05/221/EO/Purba-1/Rasta Shree, Dated-08/02/2024 Tender ID: 2024_ZPHD_664077_1 has been floated CC road from Sameer Hazra house to Rajesh Hazra house at Sargoria. 2.e-Tender Reference No-P-I/06/222/XVFC/EO/2023-24, Dated-08/02/2024 Tender ID: 2024_ZPHD_664102_1 has been floated Purchase of Furniture for Karmadhakhyas Room and Up gradation of Flood Shelter, Purbasthali-1 Panchayat Samity Fund-15 th FC. Look for detail you may visit www.wbtenders.gov.in and office notice board.

Sd/- Executive Officer
Purbasthali-I Panchayat Samity
Srirampur, Purba Bardhaman

নোটিশ

যে আমার মক্কেল তুষার কান্তি দে, রামাপ্রদ দে-র ছেলে থাকেন ফ্ল্যাট নং.- এল ৭, ক্লাস্টার ৩ পূর্বাঞ্চল হাউসিং এস্টেট, পি.এস- বিধাননগর, উত্তর ২৪ পরগণা মূল নিবন্ধিত দলিল হারিয়েছে ১৯৮৪ সালের জন্য নং ২১৯৭ এবং বিধাননগর থানায় ডায়েরি করেছেন ০৮-০২-২০২৪ তারিখে থানা পুলিশ G.D. এন্ট্রি নং ৫০১ / ২৪. যে কোন ব্যক্তির আছে কোনো দাবি, ভাগ, অধিকার, শিরোনাম, আগ্রহ, বিষয় বা কোনো আপত্তি সংক্রান্ত যাইহোক না কেন একই অবহিত করা আবশ্যক সাপোর্টিং ডকুমেন্টারি সহ নিম্ন স্বাক্ষরিত প্রমাণ, এই তারিখ থেকে ৭ দিনের মধ্যে যেখানে দাবি করার পরে যদি থাকে মওকুফ করা হয়েছে বলে মনে করা হয়েছে এবং আর কোন দাবি নেই আপ্যায়ন করা হবে।

পল্লবী কর্মকার
অ্যাডভোকেট
ফোন নং ৯০০৭৮২৪৯৫৭

প্রতিমা তৈরীর ক্ষেত্রে মাটির চরম আকাল দেখা দিয়েছে, সমস্যায় মালদা কুমোরটুলির শিল্পীরা

প্রতিমা তৈরীর ক্ষেত্রে মাটির চরম আকাল, সমস্যায় পড়েছেন মৃৎশিল্পীরা

দুরন্ত বার্তা, মালদা, ৯ ফেব্রুয়ারি ঃ প্রতিমা তৈরীর ক্ষেত্রে মাটির চরম আকাল দেখা দিয়েছে। যার ফলে সমস্যায় পড়েছেন মালদার কুমোরটুলির মৃৎশিল্পীরা। অধিকাংশই মৃৎশিল্পীরা ছোট থেকে বড় গড়ে ১০০ থেকে ১৫০ টি করে সরস্বতী প্রতিমা তৈরি করে থাকেন। কিন্তু এখন পর্যাপ্ত প্রতিমা তৈরীর জন্য এঁটেল মাটি পাচ্ছেন না মৃৎশিল্পীরা বলে অভিযোগ। যার কারনে সরস্বতী প্রতিমা তৈরিতে ব্যাপক সমস্যায় পড়েছেন মৃৎশিল্পীদের একাংশ। তাঁদের বক্তব্য, একেই তো মাটির দাম আকাশছোঁয়া। তার ওপর প্রয়োজন মতো সরস্বতী প্রতিমা তৈরীর এঁটেল মাটি পাওয়া যাচ্ছে না। অনেক ক্ষেত্রে প্রতিমার বায়নাও নেওয়া যায়নি। এবছর অনেকটাই কম প্রতিমা তৈরি করতে হচ্ছে অধিকাংশ মৃৎশিল্পীদের। উল্লেখ্য, বিদ্যার দেবী সরস্বতী। প্রতিটি শিক্ষাপ্রতিষ্ঠানে মাঘ মাসে সরস্বতী পুজো হয়ে থাকে। এমনকি সিংহভাগ ছাত্র-ছাত্রী থেকে শিক্ষক-শিক্ষিকা বিভিন্ন ছাপাখানা সহ নানান জায়গাতে দেবী সরস্বতী পূজিত হয়ে থাকে। অনেক ক্লাবগুলোও বড় মাপের প্রতিমা তৈরি করে পুজো দিয়ে থাকে। কিন্তু এরই মধ্যে মৃৎশিল্পীদের এই সমস্যা এখন নতুন করে দুর্ভোগ বাড়িয়েছে। পুরাতন মালদা ব্লকের সাহাপুর গ্রাম পঞ্চায়েতের কালিতলা বাজার এলাকার মৃৎশিল্পী বিমল পাল বলেন, গত বছর এক হাজার টাকা ট্রলি হিসেবে এঁটেল মাটি কিনেছিলাম। এবছর দাম আড়াই থেকে তিন হাজার হয়েছে। প্রতিমা তৈরীর জন্য মাটি পাওয়া যাচ্ছে না। গত ৩৫ বছর ধরে এই মৃৎশিল্পীর পেশায় জড়িত থাকলেও, এবছরই প্রথম এত সমস্যায় পড়তে হয়েছে। যারা মাটি সরবরাহ করতেন তারা বলছেন যে কোন ধরনের মাটি সরবরাহের ক্ষেত্রে ভূমি ও ভূমি রাজস্ব দপ্তরের মোটা টাকার রয়েলটি কাটতে হচ্ছে। এরপর যেখানে সেখানে পুলিশ গাড়ি ধরে নিচ্ছে, ফাইন করছে। লাভের থেকে লোকসান বেশি হচ্ছে। তাই একাজ থেকে অনেকেই সরে এসেছে। মৃৎশিল্পী বিমল পাল জানিয়েছেন, এবছর তিনি ১৪০ টি সরস্বতী প্রতিমা তৈরি করছেন। এক হাজার টাকা থেকে শুরু করে ১৫ হাজার টাকা পর্যন্ত প্রতিমার দাম রয়েছে। তবে এরকম মাটির সমস্যার চলতে থাকলে আগামীতে অন্যান্য প্রতিমা তৈরি ক্ষেত্রেও তাদের বিপাকে পড়তে হবে।

MINOLTA FINANCE LIMITED

CIN: L65921WB1993PLC057502
Registered Office: Unique Pearl, BL-A, Hatiara, Roy Para,Kolkata-700157 West Bengal ; **Phone No.:** 7439803027
Email Id : minoltafinance@gmail.com; **Website :** www.minolta.co.in

STATEMENT OF UNAUDITED STANDALONE FINANCIAL RESULTS FOR THE QUARTER ENDED DECEMBER 31, 2023

(Rs. In Lakhs)

Sl. No	Particulars	Quarter ended December 2023 Unaudited	Quarter ended December 2022 Unaudited	9 Months Ended December 2023 Unaudited	9 Months Ended December 2022 Unaudited
1	Total Income from Operations (Net)	16.7444	8.81	52.923	37.62
2	Net Profit / (Loss) for the period before"Tax, Exceptional and/or Extraordinary"items	1.1595	1	3.6636	5.92
3	Net Profit/(Loss) for the period before tax,after Exceptional and/or Extraordinary items	1.1595	1	3.6636	5.92
4	Net Profit/(Loss) for the period after tax"(after Exceptional and /or Extraordinary"items)	1.1595	1	3.6636	5.92
5	Paid-up Equity Share Capital (Face Value of Rs. 10/- each)	999.96	999.96	999.96	999.96
7	Earning Per Share (of Rs. 10/-) (for continuing and discontinued operations)				
	a) Basic	0.00116	0.00100	0.00366	0.00592
	b) Diluted	0.00116	0.00100	0.00366	0.00592

Note:
1 Segmental Report for the Quarter as per AS-17 of ICAI is not applicable for the Quarter.
2 Above resultes were reviewed by Audit Committee taken on record in Board Meeting held on 09/02/2024.
3 Provision for taxation will be made at the end of the Financial Year.
4 Figures of previous Year/Quarter/Period has been recasted/regrouped whenever necessary.
5 Statutory Auditors of the company have carried "Limited Review" for above results.

For **Minolta Finance Ltd**
Sd/-
Dinesh Kr. Patnia
DIN: 01709741

Place : Kolkata
Date : February 9, 2024

REGENCY TRUST LIMITED

CIN: L27109WB1988PLC045119
Reg. Office : 39 R B C Road, Ground Floor, Near DumDum Central Jail, Kolkata - 700028
Corp Office : G-10, Harmony, 3rd Cross Lane Lokhandwala Complex, Andheri West, Mumbai - 400053
Website: www.regencytrust.co.in | **Email ID:** rtltd2011@gmail.com

EXTRACT OF UNAUDITED STANDALONE FINANCIAL RESULTS FOR THE QUARTER AND NINE MONTHS ENDED DECEMBER 31, 2023

(₹ in Lakhs)

Sr. No.	Particulars	Quarter ended 31-Dec-23 Unaudited	Nine Months ended 31-Dec-23 Unaudited	Quarter ended 31-Dec-22 unaudited
1	Total Income from Operations	17.00	66.00	21.02
2	Net Profit / (Loss) for the period (before Tax, Exceptional and/or Extraordinary items#)	-0.80	1.84	1.22
3	Net Profit / (Loss) for the period before tax (after Exceptional and/or Extraordinary items#)	-0.80	1.84	1.22
4	Net Profit / (Loss) for the period after tax (after Exceptional and/or Extraordinary items#)	-0.80	1.95	0.87
5	Total Comprehensive Income for the period (after tax)	-0.80	1.95	0.87
6	Equity Share Capital (Face Value of Re. 1/- each)	100.00	100.00	100.00
7	Earnings Per Share (of Re. 1/- each) (for continuing and discontinued operations) -			
	1. Basic :	0.00	0.01	0.01
	2. Diluted :	0.00	0.01	0.01

Notes:
a. The above Results have been reviewed by the Audit Committee and taken on Record by the Board of Directors at its meeting held today
b. The result is provisional and unaudited and subject to change, regrouping and restatement.
c. The above is an extract of the detailed format of Standalone Financial Results for the quarter ended December 31, 2023, filed with the Stock Exchanges under Regulation 33 of the SEBI (Listing and Other Disclosure Requirements) Regulations, 2015. The full format of the Standalone Financial Results for the quarter ended December 31, 2023 are available on the websites of BSE (www.bseindia.com) and Company's website (www.regencytrust.co.in)

For Regency Trust Limited
sd/-
Rajesh Kapoor
Managing Director
DIN: 02757121

Date : February 8, 2024
Place : Mumbai

ASHIRWAD STEELS & INDUSTRIES LIMITED

CIN : L67100WB1986PLC040201
Regd. Office : 6, Waterloo Street, R. No. 506, 5th Floor, Kolkata-700069(W.B)
Tele Fax.(033)22430376, Email. : ashirwadssteels@gmail.com
Web Site : www.ashirwadsteels.com

Extract of Unaudited Financial Results for the Quarter and Nine months ended 31/12/2023

(Rupees in Lakhs)

Sl No.	Particulars	3 Months ended 31.12.2023 (Unaudited)	Corresponding 3 months ended 31.12.2022 in the previous year (Unaudited)	9 Months ended 31.12.2023 (Unaudited)	Corresponding 9 months ended 31.12.2022 in the previous year (Unaudited)
1)	Total Income from operations	103.62	102.44	276.04	350.55
2)	Net Profit for the period (before tax and exceptional items)	74.03	32.34	185.28	202.42
3)	Net Profit for the period before tax (after exceptional items)	74.03	32.34	185.28	1,790.04
4)	Net Profit for the period after tax (after exceptional items)	56.61	19.54	135.67	1,622.06
5)	Total Comprehensive Income for the period [comprising Profit for the period (after tax) and Other Comprehensive Income (after tax)]	60.66	38.60	154.62	1,646.71
6)	Equity Share Capital	1250.00	1250.00	1250.00	1250.00
7)	Earnings per share (of ₹ 10/- each) (not annualised for quarterly figures):				
	a) Basic `	0.45	0.16	1.09	12.98
	b) Diluted `	0.45	0.16	1.09	12.98

Notes :
1) The above is an extract of the detailed format of Financial Results for the Quarter and Nine months ended December 31, 2023 filed with the Stock Exchange(BSE LTD.) under Regulation 33 of the SEBI (Listing Obligations and Disclosure Requirements)Regulations, 2015.
2) The full format of Financial Results for the Quarter and Nine months ended December 31st, 2023 are available on the Bombay Stock Exchange(BSE LTD.) website (www.bseindia.com) and also on Company's website (www.ashirwadsteels.com).
3) The financial results of the Company have been prepared in accordance with Indian Accounting Standards (Ind AS) notified under the Companies (Indian Accounting Standards) Rules , 2015 as amended by the Companies (Indian Accounting Standards) Rules 2016.
4) The figures of previous periods have been re-grouped whereever necessary to make them comparable with those of the current period.
5) The above unaudited financial results were reviewed by the Audit Committee and thereafter approved and adopted by the Board of Directors at their respective meetings held on February, 09 2024

For and Behalf of Ashirwad Steels & Industries ltd.
Dalbir Chhibbar
Managing Director
DIN: 00550703

Place : Kolkata
Date : 09.02.2024

তিনসুকিয়া মণ্ডলে নির্মাণ এবং এসেম্বলীর কাজ

ই-টেণ্ডার নোটিস নং. টিএসকে/ইএনজিজি/১২ অফ ২০২৪ তারিখঃ ০৭-০২-২০২৪। নিম্নে উল্লেখিত কাজের জন্য নিম্নস্বাক্ষরকারি দ্বারা ই-টেণ্ডার আহ্বান করা হয়েছেঃ **আইটেমের সংক্ষিপ্ত বিবরণঃ** তিনসুকিয়া মণ্ডলের রাণিং/নন রাণিং লাইনের উপরের বিজি ট্র্যাকে (৬০ কেজি/৫২ কেজি) ইন- সিটু জি-৩/১ ধরণের গ্লুড ইনসুলেটেড জয়েন্টের নির্মাণ এবং এসেম্বলী। **টেণ্ডার রাশিঃ** ৭০,৮৬,৬৯৫/- টাকা। **বায়না রাশিঃ** ১,৪১,৭০০/- টাকা। **টেণ্ডার বন্ধ হওয়ার তারিখ এবং সময় ২১-০২-২০২৪** তারিখের **১৫.০০** ঘন্টায় **এবং খোলা যাবেঃ ২১-০২-২০২৪** তারিখের **১৬.০০** ঘন্টায়। উপরোক্ত ই-টেণ্ডারের টেণ্ডার প্র-পত্রের সঙ্গে সম্পূর্ণ বিবরণ **২১-০২-২০২৪** তারিখের **১৫.০০** ঘন্টা পর্যন্ত **www.ireps.gov.in** ওয়েবসাইটে উপলব্ধ থাকবে।

ডিআরএম (ডব্লিউ), তিনসুকিয়া
উত্তর-পূর্ব সীমান্ত রেলওয়ে
"প্রসন্নচিত্তে গ্রাহক পরিষেবায়"

স্টোর্স ই-প্রকিওরমেন্ট

ই-টেন্ডার নং.ঃ এনবি২৩৫৫৮২সি, তারিখ ঃ ০৭-০২-২০২৪। নিম্নলিখিত কাজগুলির জন্য নিম্নস্বাক্ষরকারীর দ্বারা ই-টেন্ডার আহ্বান করা হচ্ছে। **ক্র.নং.১; আইটেম বিবরণঃ** আনুষঙ্গিক উপকরণ সহ কামিন্স নির্মিত ডিজেল ইঞ্জিন, মডেল ঃ কেটিএএ-১৯জি১০-এর সরবরাহ। রেটিংঃ ৫৮৭এইচপি @১৫০০ আরপিএম মোট। ১০% ওভারলোড ক্ষমতা সহ চলবে। ইওজি এলএইচবি পাওয়ার কারের জন্য উপযোগী। আরডিএসও/পিই/এসপিইসি/ এসি/০০৮৪-২০০৮, রেভ-১-এর সরবরাহের স্ট্যান্ডার্ড সুযোগ অনুযায়ী সম্পূর্ণ নয়েজ রিডাকশন বৈশিষ্ট্য সহ সর্বশেষ সিপিসিবি নির্গমন নিয়মের সাথে সামঞ্জস্যপূর্ণ। নির্মাতা ঃ কামিন্স ইন্ডিয়া লিমিটেড। **পিএল নং.** ৪৭০২০০২১০০১৮। **পরিমাণঃ** ৩টি, **প্রেরক-** এসএসই/এসি (পিওএইচ)/এনবিকিউ, এনএফআর (অসম)। **বায়নার মূল্য ঃ** ১,৯৭,৯৯০/- টাকা। ই-টেন্ডার **বন্ধ** হবে ১৮-০৩-২০২৪ তারিখের ১৪.৩০ ঘন্টায়। উপরের ই-টেন্ডারের টেন্ডার নথি সহ সম্পূর্ণ তথ্য **www.ireps.gov.in** ওয়েবসাইটে উপলব্ধ থাকবে।

ডিওয়াই. সিএমএম /ডি/নিউ বঙাইগাঁও
উত্তর পূর্ব সীমান্ত রেলওয়ে
প্রসন্নচিত্তে গ্রাহকদের সেবায়

নিপ্পন কমার্শিয়াল কো লিমিটেড

CIN : L29193WB1983PLCK35760

রেজি. অফিসঃ ১৯ /২০, ত্রিনাথ বিল্ডিং জিসি-১৯ নাটায়ন্তলা, পশ্চিমবঙ্গ-৭০০০৫৯
ইমেলঃ delhi.mercury@gmail.com, যোগাযোগ নম্বর ঃ০১১-৪১৬৪০৬০৭

(লক্ষ টাকা)

ক্রম নং.	বিবরণ	৩ মাস শেষে ৩১.১২.২৩ অনিরীক্ষিত	৩ মাস শেষে ৩০.৯.২৩ অনিরীক্ষিত	৩ মাস শেষে ৩১.১২.২২ অনিরীক্ষিত	৯ মাস শেষে ৩১.১২.২৩ অনিরীক্ষিত	৯ মাস শেষে ৩১.১২.২২ অনিরীক্ষিত	বর্ষ শেষে ৩১.৩.২৩ পরীক্ষিত
১।	আয়						
	অপারেশন থেকে আয়	-	-	-	-	--	২৮.৩২
	অন্যান্য অপারেটিং আয়	৯.৮৬	১.৫০	১৮.৬৭	১৩.৮২	১৮.৬৭	--
	মোট আয়	৯.৮৬	১.৫০	১৮.৬৭	১৩.৮২	১৮.৬৭	২৮.৩২
২।	খরচ						
ক	কর্মচারী বেনিফিট খরচ	২.৯১	৩.০৫	২.৫৮	৯.০৩	৭.৪১	১০.৪৮
খ.	অবচয় এবং পরিশোধের ব্যয়	০.৩৮	০.৩৮	০.৫৪	১.১৫	১.৬১	২.৩২
গ.	শক্তি এবং জ্বালানী খরচ	-	--	০.০৬	০.০৫	০.১০	০.১২
ঘ.	অন্যান্য খরচ	৩.৮৫	১.১২	১.৭০	৫.৮২	৪.২৪	৬.১৯
	মোট খরচ	৭.১৪	৪.৫৫	৪.৮৮	১৬.০৫	১৩.৩৬	১৯.১১
৩।	লাভ / ক্ষতি (লোকসান) অন্যান্য আয়ের আগে, অর্থখরচ এবং ব্যতিক্রমী আইটেম (১ -২)	২.৭১	(৩.০৫)	১৩.৭৯	(২.২৩)	৫.৩১	৯.২১
৪।	অন্যান্য আয়	-	-	-	-	-	-
৫।	লাভ / (ক্ষতি) সাধারণ থেকে আর্থিক খরচ এবং ব্যতিক্রমী আইটেম (৩+৪)	২.৭১	(৩.০৫)	১৩.৭৯	(২.২৩)	৫.৩১	৯.২১
৬।	ফিনান্স খরচ	০.০৮	০.০৯	০.১৫	০.৩৩	০.৫০	০.৭৪
৭।	সাধারণ থেকে লাভ/ (ক্ষতি)ফিনান্স খরচের পরে কিন্তু ব্যতিক্রমী আইটেমের আগে কার্যক্রম (৫+৬)	২.৬৪	(৩.১৪)	১৩.৬৪	(২.৫৬)	৪.৮১	৮.৪৭
৮।	ব্যতিক্রমী আইটেম	-	-	-	-	-	-
৯।	সাধারণ থেকে লাভ/ (ক্ষতি)ট্যাক্সের আগে কার্যক্রম (৭+৮)	২.৬৪	(৩.১৪)	১৩.৬৪	(২.৫৬)	৪.৮১	৮.৪৭
১০।	ট্যাক্স খরচ						
	বিলম্বিত কর	-	-	-	-	-	০.১৯
	আগের বছরের জন্য আয়কর						১.৩২
১১।	নিট লাভ / (ক্ষতি)করের পর সাধারণ কার্যক্রম থেকে (৯+১০)	২.৬৪	(৩.১৪)	১৩.৬৪	(২.৫৬)	৪.৮১	৭.৩৪
১২।	অসাধারণ আইটেম	২.৬৪	(৩.১৪)	১৩.৬৪	(২.৫৬)	৪.৮১	৭.৩৪
১৩।	নিট লাভ / (ক্ষতি) করের পরে, সংখ্যালঘু সুদ এবং লাভের ভাগ (ক্ষতি) সহযোগীদের (১৩+১৪ +১৫)	২.৬৪	(৩.১৪)	১৩.৬৪	(২.৫৬)	৪.৮১	৭.৩৪
১৪।	পরিশোধিত ইক্যুইটি শেয়ার মূলধন (প্রতিটির মূল্য ১০ /- টাকা)	২৪.৯০	২৪.৯০	২৪.৯০	২৪.৯০	২৪.৯০	২৪.৯০
১৫।	পূর্ববর্তী হিসাব বছরের ব্যালেন্স শীট অনুযায়ী পুনর্মূল্যায়ন রিজার্ভ ব্যতীত রিজার্ভ	১৩৯.৪৬	১৩৯.৪৬	১৩৯.৪৬	১৩৯.৪৬	১৩৯.৪৬	১৩৯.৪৬
১৬।	(ক) শেয়ার প্রতি আয়(অসাধারণ আইটেমের আগে)-						
	মূল	০.১১	(০.১৩)	০.৫৫	(০.১০)	০.১৯	০.২৯-
	মিশ্র	০.১১	(০.১৩)	০.৫৫	(০.১০)	০.১৯	০.২৯
	(খ) শেয়ার প্রতি আয়(অসাধারণ আইটেম পরে)-						
	মূল	০.১১	(০.১৩)	০.৫৫	(০.১০)	০.১৯	০.২৯-
	মিশ্র	০.১১	(০.১৩)	০.৫৫	(০.১০)	০.১৯	০.২৯

বিঃদ্র ঃ
উপরে সেবি (লর্ড),২০১৫-এর রেগুলেশন ৩৩ এর অধীনে স্টক এক্সচেঞ্জে দায়ের করা ত্রৈমাসিক আর্থিক ফলাফলের বিশদ বিন্যাসের একটি নির্যাস। এই আর্থিক ফলাফলগুলির সম্পূর্ণ ফর্ম্যাট স্টক এক্সচেঞ্জ (গুলি)www.cse-india.com এর ওয়েবসাইটে উপলব্ধ। এবং কোম্পানির ওয়েবসাইট www.devholdingsltd.in -এ পূর্ববর্তী সময়ের পরিসংখ্যানগুলি যেখানে প্রয়োজনীয় বিবেচিত হয়েছে সেখানে পুনর্গঠিত/ পুনর্বিন্যাস করা হয়েছে।

বোর্ডের পক্ষে,
স্বা /-
সদাশিবন পোলাকান্দাথিল জনার্ধনন
সবসময়ের পরিচালক
DIN : 02804106

তারিখঃ০৯.০২.২০২৪

ntc industries limited

CIN : L70109WB1991PLC053562
Regd. Office: 149, B.T. Road, Kamarhati, Kolkata - 700058

EXTRACT OF STATEMENT OF UN-AUDITED FINANCIAL RESULTS (STANDALONE AND CONSOLIDATED) FOR THE QUARTER AND NINE MONTHS ENDED 31ST DECEMBER, 2023 (Rs. in Lakhs)

Particulars	STANDALONE Quarter Ended 31.12.2023 Un-Audited	Quarter Ended 30.09.2023 Un-Audited	Quarter Ended 31.12.2022 Un-Audited	Nine Months Ended 31.12.2023 Un-Audited	Nine Months Ended 31.12.2022 Un-Audited	Year Ended 31.03.2023 Audited
Total income from operations (net)	740.64	1001.93	836.17	2974.66	3809.15	4589.13
Net Profit/loss for the period (before Tax, Exceptional and/or Extra-ordinary items)	-262.29	155.48	(63.54)	156.57	342.73	246.28
Net Profit/loss for the period (before Tax, after Exceptional and/or Extra-ordinary items)	-62.29	155.48	(63.54)	356.57	342.73	246.28
Net Profit/loss for the period (after Tax, after Exceptional and/or Extra-ordinary items)	-10.37	183.04	(39.08)	368.93	285.36	164.76
Total Comprehensive Income for the period (Comprising Profit/(Loss) for the period (after tax) and other Comprehensive income (after tax)	367	137.05	35.26	952.19	374.82	158.50
Equity Share Capital	1194.4	1194.40	1194.40	1194.40	1194.40	1194.40
Reserves (excluding Revaluation Reserve) as shown in the Audited Balance Sheet of the previous year	-	-	-	-	-	4876.73
Earnings Per Equity Share (par value of Rs. 10 each) Basic:	-0.09	1.53	(0.33)	3.09	2.39	1.38
Diluted:	-0.09	1.53	(0.33)	3.09	2.39	1.38

Particulars	CONSOLIDATED Quarter Ended 31.12.2023 Un-Audited	Quarter Ended 30.09.2023 Un-Audited	Quarter Ended 31.12.2022 Un-Audited	Nine Months Ended 31.12.2023 Un-Audited	Nine Months Ended 31.12.2022 Un-Audited	Year Ended 31.03.2023 Audited
Total income from operations (net)	1011.99	1256.00	1,073.51	3746.85	4,496.87	5523.36
Net Profit/loss for the period (before Tax, Exceptional and/or Extra-ordinary items)	-75.46	340.77	98.30	678.06	804.16	878.96
Net Profit/loss for the period (before Tax, after Exceptional and/or Extra-ordinary items)	124.54	340.77	98.30	878.06	804.16	878.96
Net Profit/loss for the period (after Tax, after Exceptional and/or Extra-ordinary items)	126.24	293.33	122.76	767.19	746.79	632.45
Total Comprehensive Income for the period (Comprising Profit/(Loss) for the period (after tax) and other Comprehensive income (after tax)	503.61	247.34	197.10	1350.45	836.25	626.19
Equity Share Capital	1194.4	1194.40	1194.40	1194.40	1194.40	1194.40
Reserves (excluding Revaluation Reserve) as shown in the Audited Balance Sheet of the previous year		-	-	-	-	7869.25
Earnings Per Equity Share (par value of Rs. 10 each) Basic:	1.06	2.46	1.03	6.42	6.25	5.30
Diluted:	1.06	2.46	1.03	6.42	6.25	5.30

Note:
The above is an extract of the detailed format of the Un-Audited Financial Results filed with the Stock Exchanges under Regulation 33 of the SEBI (Listing Obligations and Disclosure Requirements) Regulations, 2015. The said results have been reviewed by the Audit Committee and approved by the Board of Directors at their Meeting held on 9th February, 2024. The full format of the quarter and nine months ended Financial Results are available on the website of the Stock Exchange where the shares of the Company are listed (www.bseindia.com and www.cse-india.com) and on the Company's website i.e., www.ntcind.com.

For and on behalf of the Board
Sd/-
Priyawart Jariwala
Managing Director
DIN: 09148113

Place: Kolkata
Date : 10th February, 2024

ডায়না টি কোম্পানি লিমিটেড

CIN : L15495WB1911PLC002275

নিবন্ধিত অফিসঃ ৩বি, লাল বাজার স্ট্রিট, ৪র্থ তলা, কলকাতা - ৭০০ ০০১
ফোনঃ (০৩৩) ২২৪৮-৮৬৭২, ৪০৬৬ ১৫৯০৯৩, ফ্যাক্সঃ (০৩৩) ২২৪৮-৭৫৭১
ই-মেইলঃ contactusdianatea.in, ওয়েবসাইটঃwww.dianatea.in

৩১শে ডিসেম্বর, ২০২৩-এ শেষ হওয়া ত্রৈমাসিক / নয় মাসের জন্য অনিরীক্ষিত আর্থিক ফলাফলের বিবৃতি

(লক্ষ টাকায়)

এস আই নং	বিবরণ (নীচের নোট পড়ুন)	স্বতন্ত্র ত্রৈমাসিক শেষ ৩১.১২.২০২৩ অনিরীক্ষিত	ত্রৈমাসিক শেষ ৩০.০৯.২০২৩ অনিরীক্ষিত	ত্রৈমাসিক শেষ ৩১.১২.২০২২ অনিরীক্ষিত	নয় মাস শেষ ৩১.১২.২০২৩ অনিরীক্ষিত	নয় মাস শেষ ৩১.১২.২০২২ অনিরীক্ষিত	বছর শেষ ৩১.০৩.২০২৩ অনিরীক্ষিত
১।	অপারেশন থেকে মোট আয় (নেট)	২,৪৭০.৫	২,৪৪৯.১৪	১,৯০২.৯৫	৬,৬১৪.৮৫	৬,৭৫৬.৯৭	৭,৬২৯.১৪
২।	নিট লাভ(ক্ষতি) সময়ের জন্য (করের আগে, ব্যতিক্রমী এবংঅথবা অসাধারণ আইটেম)	৩১.৫৫	৫৮৭.৫০	(৬০.২৩)	৮৪৬.৭৩	৫৮৪.১৪	(৩২২.৮২)
৩।	নিট লাভ(লোকসান) করের আগে সময়ের জন্য (অসাধারণ এবংঅথবা অসাধারণ আইটেমগুলির পরে)	৩১.৫৫	৫৮৭.৫০	(৬০.২৩)	৮৪৬.৭৩	৫৮৪.১৪	(৩২২.৮২)
৪।	নিট মুনাফা(লোকসান) করের পরে সময়ের জন্য (অসাধারণ এবংঅথবা অসাধারণ আইটেমগুলির পরে)	৩১.৫৫	৫৮৭.৫০	(৬৬.৬৭)	৮৪৬.৭৩	৫৭৭.৭০	(২৫০.১৪)
৫।	এর জন্য মোট ব্যাপক আয় সময়কাল সম্মিলিত মুনাফা (লোকসান) সময়ের জন্য (করের পরে)এবং অন্যান্য ব্যাপক আয় (করের পরে)	৯১.৫৪	৬০১.০০	(৫৩.৪৭)	৯৫৪.৭৮	৫৮৭.১৪	(২৮৩.১৫)
৬।	ইক্যুইটি শেয়ার মূলধন (টাকা ৫ /- পরিশোধিত) পূর্ববর্তী হিসাব বছরের ব্যালেন্স শীট অনুযায়ী পুনর্মূল্যায়ন রিজার্ভ বাদ দিয়ে।	৭৪৯.৫৫	৭৪৯.৫৫	৭৪৯.৫৫	৭৪৯.৫৫	৭৪৯.৫৫	৭৪৯.৫৫
৭।	রিজার্ভশেয়ার প্রতি						
৮।	আয়(প্রতিটির অভিহিত মূল্য ৫ টাকা) ক)মৌলিক	০.২১	৩.৯২	(০.৪৪)	৫.৬৫	৩.৮৫	(১.৬৭)
	খ) পাতলা	০.২১	৩.৯২	(০.৪৪)	৫.৬৫	৩.৮৫	(১.৬৭)

মন্তব্য ঃ
১। উপরোক্ত ফলাফলগুলি অডিট কমিটি দ্বারা পর্যালোচনা করা হয়েছে এবং পরিচালনা পর্ষদ দ্বারা অনুমোদিত হয়েছে। ৯ ফেব্রুয়ারী ২০২৪-এ অনুষ্ঠিত তাদের নিজ নিজ সভায়। ৩১ ডিসেম্বর, ২০২৩ তারিখে শেষ হওয়া ত্রৈমাসিক নয় মাসের ফলাফলগুলি সংবিধিবদ্ধ অডিটরদের দ্বারা সীমিত পর্যালোচনার বিষয়।
২। চা শিল্প মৌসুমী প্রকৃতির হওয়ায় কোম্পানির ফলাফল ত্রৈমাসিক থেকে ত্রৈমাসিকে পরিবর্তিত হয়। ত্রৈমাসিকের জন্য কোম্পানির বার্ষিক ফলাফলের প্রতিনিধিত্বকারী নয়।
৩। থেকে সবুজ পাতার উপাদন (চা তৈরির জন্য কোম্পানির দ্বারা ব্যবহৃত কাঁচামাল)কোম্পানির নিজস্ব চা এস্টেটগুলি বিভিন্ন পর্যায়ে যেমন নার্সারি, রোপণ, চাষ ইত্যাদি সমন্বিত প্রক্রিয়ায় জড়িত ছিল, মধ্যবর্তী পর্যায়ে তাদের মূল্য নির্ধারণ করা যায়নি। ক্ষয়প্রাপ্ত উপাদানের খরচ সবুজ পাতার ক্রয়ের প্রতিনিধিত্ব করে।
৪। কোম্পানিটি মূলত চা উপাদন ও উপাদনের ব্যবসায় নিযুক্ত এবং সেই অনুযাী Ind AS-১০৮ অনুযায়ী সেগমেন্ট রিপোর্টিং নিয়ে কোন আলাদা রিপোর্টযোগ্য সেগমেন্ট নেই।
৫। কোম্পানিটি চায়ের চাষ, উপাদন এবং বিক্রয়ের ব্যবসায় নিযুক্ত, যা মৌসুমীপ্রকৃতিতে এবং পারফরম্যান্স আবহাওয়ার অবস্থা এবং ফসলের ধরণ দ্বারা প্রভাবিত হতে পারে, এবং সেইজন্য পূর্বোক্ত ফলাফলগুলিকে ৩১শে মার্চ, ২০২৪-এ সমাপ্ত বছরের সম্ভাব্য ফলাফলের প্রতিনিধি হিসাবে বোঝানো উচিত নয়। তাই করের বিধান (বর্তমান এবং স্থগিত উভয়ই) বছরের শেষে একই হিসাবে গণনা করা হয় না.
৬। পূর্ববর্তী বছর সময়কালের পরিসংখ্যান পুনর্বিন্যাস পুনর্বিন্যাস করা হয়েছে যেখানে প্রয়োজন সেখানে তাদের তৈরি করা হয়েছে।বর্তমান সময়ের পরিসংখ্যানের সাথে তুলনীয়।৭ ফলাফল কোম্পানির ওয়েবসাইট www.dianatea.in এবং স্টক এক্সচেঞ্জে পাওয়া যাবে www.bseindia.com এ বিএসই লিমিটেডের ওয়েবসাইট

ডায়না টি কোম্পানি লিমিটেডের জন্য
এসডি-
সন্দীপ সিংহানিয়া
ব্যবস্থাপনা পরিচালক
DIN - 00343837

স্থানঃ কলকাতা
তারিখঃ০৯.০২.২০২৪

চোট পিছু ছাড়ছে না রোহিতের

এ বার ভারতীয় টিম থেকে ছিটকে গেলেন শ্রেয়স

মুম্বই, ৯ ফেব্রুয়ারিঃ ভারতের খারাপ সময় কি কাটবে না? ব্যক্তিগত কারণে বিরাট কোহলি হয়তো তৃতীয় টেস্টেও নেই। চোটের কারণে দ্বিতীয় টেস্টে খেলতে পারেননি রবীন্দ্র জাডেজা ও লোকেশ রাহুল। তৃতীয় টেস্টে তাঁদের টিমে ফেরার সম্ভাবনা বেশ উজ্জ্বল। তারই মধ্যে টিম থেকে ছিটকে গেলেন আর এক ক্রিকেটার। গত কয়েক বছরে সবচেয়ে চর্চিত বিষয় নিয়েই আরও একবার প্রশ্ন করছে ক্রিকেট মহল। এত চোট আঘাত কেন পাচ্ছেন ভারতীয় ক্রিকেটাররা? বিশাখাপত্তনমে সিরিজ ১-১ করেছেন ভারত। তারই মধ্যে শ্রেয়স আইয়ার পিঠ ও কুঁচকির চোট নিয়ে ছিটকে গেলেন টিম থেকে। যা শোনা যাচ্ছে, তাতে সিরিজের বাকি তিন টেস্টে শ্রেয়স হয়তো খেলতে পারবেন না। ভারতীয় টিমের কাছে এটা বড় ধাক্কা, সন্দেহ নেই। লাল বলের ক্রিকেটে শ্রেয়স একেবারে ফর্মে নেই। ইংল্যান্ডের বিরুদ্ধে

প্রথম দুটো টেস্টে রান করতে পারেননি মুম্বইয়ের ছেলে। যা নিয়ে কথাও উঠছিল। অনেকেই বলতে শুরু করেছেন, নিজেকে রঞ্জি ক্রিকেটে প্রমাণ করে তারপর জাতীয় দলে ফিরুন। তারই মধ্যে তিনি ছিটকে গেলেন টিম থেকে। পিঠ আর কুঁচকির চোটের কারণে খেলতে পারবেন না। কিন্তু রাজকোটের তৃতীয় টেস্ট শুধু নয়, বাকি সিরিজেই নেই শ্রেয়স। যা বেশ চিন্তার বিষয়। বিরাটের মতো নির্ভরযোগ্য ব্যাটার না থাকায় মিডল অর্ডারে নেতৃত্ব দেওয়ার দায়ভার ছিল তাঁর কাছে। যে দায়িত্ব পালন করতে পারেননি। জাতীয় ক্রিকেট অ্যাকাডেমিতে তাঁর চোটের পরীক্ষা হবে। তার পরই জানা যাবে, কী পরিস্থিতি শ্রেয়সের। মুম্বইয়ের ব্যাটার চোটে ছিটকে যাওয়ায় দুই ক্রিকেটারের জন্য জাতীয় দলের দরজা খুলে যেতে পারে। মায়াঙ্ক আগরওয়াল কিংবা হনুমা বিহারীকে নেওয়া হতে পারে। লোকেশ রাহুল টিমে ফিরছেন। ফলে চার নম্বর জায়গায় তিনি ব্যাট করতে পারেন। কেউ কেউ আবার বলছেন, রজত পাতিদার একটাই মাত্র টেস্ট খেলেছেন। তাঁকে আরও একটা সুযোগ দেওয়া উচিত।

‘বউমা কী জাদু করেছে, ছেলে আর যোগাযোগ রাখে না,’ বিস্ফোরক অভিযোগ জাদেজার বাবার

দুরন্ত বার্তা প্রতিবেদন

বাবা-মা মুখে না বললেও তাঁরা বরাবর চান যে তাঁদের ছেলে মেয়ে বড় হয়ে যেন পাশে দাঁড়ায়। আবার যখন ছেলে-মেয়ের জন্য বিরাট ত্যাগস্বীকার করতে হয় কোনও বাবা-মাকে, তখন তাঁদের প্রত্যাশা থাকে সন্তান ঠিক তাঁদের দেখবেন। সাধারণ মানুষের মতো এই ভাবনা থাকে লড়াই করে ছেলে-মেয়েকে ক্রিকেটার তৈরি করা বাবা-মায়েরও। কঠোর পরিশ্রম করে ছেলেকে ক্রিকেটার হওয়ার জন্য বরাবর সমর্থন করে গিয়েছিলেন রবীন্দ্র জাডেজার বাবা। এ বার ভারতীয় তারকা অলরাউন্ডারের বাবা জানিয়েছেন, ছেলের সঙ্গে তাঁর সম্পর্ক মোটেও ভালো নয়। আর তাঁদের সম্পর্কে তিক্ততার কারণ হিসেবে রবীন্দ্রর বাবা অনিরুদ্ধ সিং জানিয়েছেন রিভাবার কথা। সম্প্রতি সোশ্যাল মিডিয়ায় দৈনিক ভাস্করের এক ভিডিয়ো ভাইরাল হয়েছে। যেখানে জানানো হয়েছে, ভারতীয় অলরাউন্ডারের বাবা জানিয়েছেন জাডেজার সঙ্গে এবং রিভাবার সঙ্গে কোনও সম্পর্ক নেই তাঁর। জামনগরে একাই দিন কাটে জাডেজার বাবার। ছেলে থেকেই আমাদের ঝামেলা শুরু হয়েছিল।’’ বর্তমানে জামনগরে একাই থাকেন জাডেজার বাবা। তিনি বলেন, ‘‘রবীন্দ্র জামনগরেই থাকে। ও নিজের একটা বাংলো বানিয়েছে এবং সেখানেই আলাদা

তাঁকে দেখেনও না। এত বড় অভিযোগ জানার পর অবশ্য চুপ থাকেননি জাডেজা। দৈনিক ভাস্করের ভিডিয়ো অনুযায়ী, জাডেজার বাবাকে বলতে শোনা গিয়েছে, ‘‘সত্যি বলতে গেলে আমার সঙ্গে রবীন্দ্র ও স্ত্রী রিভাবার কোনও সম্পর্ক নেই। আমরা ওদের ডাকি না, ওরাও আমাদের ডাকে না। ওদের বিয়ের দু-তিন মাস পর থাকে। আমি ওর সঙ্গে দেখা করতেও যাই না। জানি না ওর স্ত্রী ওর উপর কী জাদু করেছে।’’ রবীন্দ্র জাডেজাকে ক্রিকেটার বানাতে কম পরিশ্রম করেননি তাঁর বাবা। সেই কষ্টের দিনগুলো মনে করে তিনি বলেন, ‘‘ও আমার ছেলে, এটাই যেন আমাকে এখন কষ্ট দেয়। আমি ভাবি যদি রিভাবার সঙ্গে ওর বিয়ে না দিতাম, ভালো হত। আবার মনে হয় যদি ওকে ক্রিকেটার না বানাতাম, তা হলে ভালো হত। হয়তো এমন দিনটা দেখতে হত না।’’ ভারতীয় অলরাউন্ডারের বাবা এও জানান যে, তিনি তাঁর নাতনিকে ৫ বছর দেখেনি। জাডেজার বিয়ের ৩ মাস পরই নাকি রিভাবা তাঁকে বলেছিল পুরো সম্পত্তি তাঁর নামে লিখে দিতে। জাডেজার বাবার কথায়, বাড়িতে ঝামেলা, ঝগড়ার পরিস্থিতিও তৈরি করতেন রিভাবা। জাডেজার স্ত্রী রিভাবা বিজেপি বিধায়ক। স্ত্রীর বিরুদ্ধে অভিযোগ ওঠার পর তিনিও চুপ থাকেননি। টুইট করে লিখেছেন, ‘হালমা দিব্য ভাস্করনের অযৌক্তিক সাক্ষাৎকারে যা বলা হয়েছে তা অর্থহীন এবং অসত্য। সেখানে এক পক্ষর কথা তুলে ধরা হয়েছে। যা আমি অস্বীকার করছি। আমার স্ত্রীর ভাবমূর্তি ক্ষুন্ন করার যে অপচেষ্টা করা হচ্ছে তা নিন্দনীয়। আমারও অনেক কিছু বলার আছে যা আমি প্রকাশ্যে না বললেই ভালো হয়।’

এক মাস পর মাঠে ফিরলেন রোনাল্ডো, হারের ম্যাচে মেজাজ হারালেন তিনবার

রিয়াধ, ৯ ফেব্রুয়ারিঃ দুজনেই নিজ নিজ ভুবনে সর্বকালের সেরাদের একজন। ফুটবলে ক্রিস্টিয়ানো রোনাল্ডো, রেসলিংয়ে ‘দ্য আন্ডারটেকার’। গতকাল রাতে রিয়াধ সিজন কাপে দুই কিংবদন্তিকে দেখা গেল একই মাঠে! মাঠটা ফুটবলের। রিয়াদের কিংডম অ্যারেনা। সিজন কাপের ফাইনালে আল হিলালের মুখোমুখি হয়েছিল আল নাসর। রোনাল্ডোর জন্য ম্যাচটা ছিল চোট কাটিয়ে মাঠে ফেরার। গত মাসে পায়ের পেছনের মাংশপেশিতে চোট পেয়েছিলেন রোনাল্ডো। তাঁর অনুপস্থিতির কারণে প্রাক্-মরসুমে চিন সফর বাতিল করেছিল আল নাসর। চিরপ্রতিদ্বন্দ্বী লিওনেল মেসিরও মুখোমুখি হতে পারেননি পর্তুগিজ কিংবদন্তি। ১ ফেব্রুয়ারি মেসির ইন্টার মায়ামির বিপক্ষে আল নাসর ৬-০ গোলে জিতলেও সে ম্যাচে ছিলেন না রোনাল্ডো। অবশেষে চোট কাটিয়ে বৃহস্পতিবার রাতে মাঠে ফিরছেন পর্তুগিজ তারকা, যদিও জয় নিয়ে মাঠ ছাড়তে পারেনি। নেইমারের ক্লাব আল হিলালের কাছে ২-০ গোলে হেরেছে আল নাসর। ম্যাচ শুরুর আগে কিংডম অ্যারেনা আলোকিত করেন পেশাদার রেসলিংয়ে সর্বকালের সেরাদের একজন মার্ক উইলিয়াম ক্যালাওয়ে। এই নামে তাঁকে না চেনাই স্বাভাবিক। পেশাদার রেসলিংয়ে তিনি ‘দ্য আন্ডারটেকার’ নামে পরিচিত। প্রাক্তন এই রেসলার ম্যাচ শুরুর আগে চিরাচরিত কালো পোশাক ও হ্যাট পরে ধীর পায়ে মাঠে ঢোকেন। ব্যাকগ্রাউন্ডে তখন বেজেছে তাঁর আইকনিক মিউজিক। দর্শকদের পাশাপাশি চমকে যান রোনাল্ডোও। দুই দলই তখন মাঠে পাশাপাশি দাঁড়িয়ে ছিল। আন্ডারটেকার মাঠে ট্রফি উঁচিয়ে

ধরার সময় হেসে পাশের সতীর্থকে কিছু একটা বলেছেন রোনাল্ডো। তবে তাঁর আন্ডারটেকারের প্রতি বিমুগ্ধ নয়নে তাকিয়ে থাকা দেখে কারও কারও শৈশবের রেসলিংপ্রীতিও মনে পড়তে পারে! রোনাল্ডো পুরো ৯০ মিনিট সময়েই মাঠে ছিলেন। কিন্তু গোল করা কিংবা সেভাবে সুযোগও তৈরি করতে পারেননি। বেশ কিছুদিন খেলার বাইরে থাকায় ছন্দে ফিরতে হয়তো সময় লাগবে। আল হিলালের হয়ে গোল করেন সেরগেজ মিলিনকোভিচ-সাভিচ ও সালেম আল-দাওসারি। ম্যাচে মেজাজও হারিয়েছেন রোনাল্ডো। গ্যালারিতে থেকে তাঁকে তাক করে ‘মেসি মেসি’ বলে স্লোগান তুলেছিলেন দর্শকেরা। রোনাল্ডো দর্শকদের প্রতি হাত উঁচিয়ে পাল্টা জবাবে বলেছেন, ‘আমি ক্রিস্টিয়ানো, মেসি নই।’ ম্যাচ শেষেও মেজাজ হারিয়েছেন রোনাল্ডো। মাঠে আল হিলালের খেলোয়াড়েরা আল নাসরের খেলোয়াড়দের গার্ড অব অনার দিয়েছেন। দুই পাশে সারিবদ্ধভাবে দাঁড়ানো আল হিলালের খেলোয়াড়ের মাঝ দিয়ে যাওয়ার সময় রোনাল্ডোর সামনে পড়েছিলেন এক কর্মী। হাত উঁচিয়ে তাঁকে সরে যেতে বলেন রোনাল্ডো। এই সময় তাঁর মুখভঙ্গি দেখেই বোঝা গেছে, বেশ বিরক্ত। তবে ড্রেসিংরুমে যাওয়ার পথে তাঁর শেষ কাণ্ডটি নিয়ে বিতর্ক হতে পারে। ড্রেসিংরুমে ঢোকার আগে রোনাল্ডোর দিকে জার্সি ছুড়ে মারেন আল হিলালের এক সমর্থক। পর্তুগিজ তারকা জার্সিটি তুলে নিয়ে নিজের ঊরুসন্ধিতে ঘষতে ঘষতে ভেতরে ঢুকে যান। গত ৩০ ডিসেম্বর আল নাসরের হয়ে সর্বশেষ মাঠে নেমেছিলেন রোনাল্ডো। লিগে সে ম্যাচে আল তাওয়ানকে ৪-১ গোলে হারিয়েছিল আল নাসর। সৌদি প্রো লিগ পয়েন্ট টেবিলে দ্বিতীয় রোনাল্ডোদের দল। ১৯ ম্যাচে ৫৩ পয়েন্ট নিয়ে শীর্ষে থাকা আল হিলালের সঙ্গে ৭ পয়েন্ট ব্যবধানে পিছিয়ে আল নাসর।

হংকংয়ে মেসি না খেলায় দুঃখ প্রকাশ মায়ামির

ফ্লোরিডা, ৯ ফেব্রুয়ারিঃ লিওনেল মেসিকে হংকংয়ে প্রদর্শনী ম্যাচে না খেলানোর ঘটনায় দুঃখ প্রকাশ করেছে ইন্টার মায়ামি। ৩৬ বছর বয়সী এই আর্জেন্টাইন তারকাকে মাঠে নামাতে না পারার কারণও ব্যাখ্যা করেছে যুক্তরাষ্ট্রের মেজর লিগ সকারের (এমএলএস) ক্লাবটি। গত রবিবার হংকংয়ের নির্বাচিত একাদশের বিপক্ষে একটি প্রদর্শনী ম্যাচ খেলে মায়ামি। ম্যাচটির আয়োজক ছিল ট্যাটলার এশিয়া, বড় অঙ্কের অনুদান দিয়েছিল হংকং সরকার। কিন্তু যাঁকে ঘিরে হংকংয়ে ম্যাচটিতে উৎসাহ ছিল, সেই মেসিকে এক মিনিটও মাঠে নামানো হয়নি। খেলানো হয়নি প্রাক্তন বার্সেলোনা তারকা লুইস সুয়ারেজকেও। দুই ফুটবলারের না খেলার বিষয়টি হতাশাজনক ছিল উল্লেখ করে ইন্টার মায়ামি রয়টার্সকে পাঠানো এক বিবৃতিতে লিখেছে, ‘মেসি ও সুয়ারেজের রবিবারের ম্যাচে অনুপস্থিত থাকা ঘিরে যে হতাশা, সেটি আমরা বুঝতে পারছি। আমাদের প্রবল ইচ্ছা থাকার পরও দুই খেলোয়াড় খেলতে না পারায় আমরা দুঃখ প্রকাশ করছি।’ হংকং সফরে যাওয়ার আগে

ইন্টার মায়ামি ছিল সৌদি আরবে। সেখানে ১ ফেব্রুয়ারি আল নাসরের বিপক্ষে শেষ দিকে নেমেছিলেন মেসি। হ্যামস্ট্রিংয়ের চোটে ভোগা এই তারকা হংকংয়েও খেলতে পারবেন কি না, তা নিয়ে অনিশ্চয়তা ছিল। পরে হংকংয়ের ক্রীড়ামন্ত্রী কেভিন ইয়েউং জানান, মেসি অন্তত ৪৫ মিনিট খেলবেন বলে চুক্তি করা হয়েছিল, যা না হওয়ায় তাঁরা হতাশ। মায়ামির বিবৃতিতে দাবি করা হয়, মেসিকে না খেলানোর সিদ্ধান্তটি শেষমুহূর্তে নেওয়া, ‘শেষ মুহূর্তের সিদ্ধান্ত যে হংকংয়ের সমর্থক ও অনুষ্ঠানের প্রচারক ট্যাটলার এশিয়ার জন্য হতাশার কারণ হয়েছে, সেটা আমরা মানছি। আমাদের এটা জানিয়ে রাখাও জরুরি যে চোট এই সুন্দর খেলাটির একটি অংশ। আমাদের কাছে খেলোয়াড়দের সুস্থতা সবার আগে।’ চোটের কারণে খেলা বা না খেলার সিদ্ধান্তটি ম্যাচের সময়ই নেওয়া হোক-মেসি ও সুয়ারেজই এমনটা চেয়েছিলেন, যে কারণে তাঁদের খেলার সম্ভাবনা আগেই উড়িয়ে দেওয়া যায়নি বলে দাবি মায়ামির। হংকংয়ে খেলতে না পারলেও এর তিন দিন পর জাপানে গিয়ে ভিসেল কোবের বিপক্ষে ম্যাচের ৬০ মিনিটে মাঠে নামেন মেসি। এ নিয়ে ক্ষুব্ধ হংকং সরকার মায়ামির কাছে ব্যাখ্যা চেয়েছিল। এর আগে মায়ামি-হংকং নির্বাচিত একাদশ ম্যাচের জন্য দেওয়া ১৯ লাখ ২০ হাজার মার্কিন ডলার অনুদানের পরিমাণও কমিয়ে ফেলার কথা বলা হয়েছিল। রয়টার্স জানায়, ভবিষ্যতে হংকং ইন্টার মায়ামিকে খোলামনে গ্রহণ করতে চাইলে ক্লাবটি আবারও সেখানে যেতে চায় বলে বিবৃতিতে উল্লেখ করা হয়েছে।

আন্তর্জাতিক ক্যারাটে প্রতিযোগিতায় জোড়া সোনা ক্যানিংয়ের দুই বীরাঙ্গনার

দুরন্ত বার্তা, ক্যানিং, ৯ ফেব্রুয়ারিঃ জেদ থাকলে সাফল্য আসবেই। লড়াইয়ের ইচ্ছে থাকলে যত বাধাই আসুক না কেন, সেগুলি তুচ্ছ মনে হবে। বাংলার দুই মহিলা ক্যারাটেকারের গল্পগুলো অনেকটা তেমনই। আন্তর্জাতিক ক্যারাটে প্রতিযোগিতায় ক্যানিংয়ের দুই বীরাঙ্গনা সোনা জয় করে চমকে দিয়েছেন। ক্যানিংয়ের মাতলা ২ পঞ্চায়েতের থুমকাঠি এলাকার বাসিন্দা পেশায় অটোচালক অভ্রদীপ দেবনাথ। স্ত্রী মণিমালা, এক মেয়ে ও এক ছেলে নিয়ে সংসার। দম্পতির একমাত্র মেয়ে অদিতি ক্যানিংয়ের দ্বারিকানাথ বালিকা বিদ্যালয়ের দশম শ্রেণীর ছাত্রী। অন্যদিকে ক্যানিংয়ের দিঘিরপাড় পঞ্চায়েতের ১ নম্বর দিঘিরপাড় মণ্ডল ১ গার্লস স্কুল পাড়ার বাসিন্দা গৃহবধু পূর্ণিমা মণ্ডল প্রধান। স্বামী নেই, একমাত্র মেয়ে ঐন্দ্রি ও মা প্রতিমা মণ্ডলকে নিয়ে সংসার। পাড়ায় রয়েছে ছোট্ট একটি কাপড়ের দোকান। কোনও রকমে দিন গুজরান করেন। পরিবারের একমাত্র মেয়ে দ্বারিকানাথ বালিকা বিদ্যালয়ের সপ্তম শ্রেণীর ছাত্রী ঐন্দ্রি। পড়াশোনার পাশাপাশি ক্যারাটে ট্রেনার রাজু বিশ্বাসের কাছে হাতেখড়ি ঐন্দ্রি ও অদিতির। ক্যানিংয়ের দুই বালিকা বীরাঙ্গনা আন্তর্জাতিক ক্যারাটে প্রতিযোগিতায় সোনা পেয়ে গোটা ক্যানিং শহরকে গর্বিত করেছেন। বিগত দিনে ক্যানিংয়ের দুই কৃতি ক্যারাটেকার গত মে মাসে নেপালে আন্তর্জাতিক ক্যারাটে প্রতিযোগিতায় অংশগ্রহণ করে ব্রোঞ্জ পদক পেয়েছিলেন। অগস্টে হরিয়ানাতে জাতীয় ক্যারাটে প্রতিযোগিতায় রুপো ও ব্রোঞ্জ পদক পান। গত বছরের জানুয়ারিতে খেলো ইন্ডিয়া গেমসে ‘কাতা’ ও ‘কুমি’ তে দুজনেই সোনা পেয়ে গ্রামের নাম রেখেছিলেন। এছাড়া চলতি বছর জানুয়ারিতে বেলুড়ে

হয়েছিল আন্তর্জাতিক ক্যারাটে প্রতিযোগিতা। অংশগ্রহণ করেছিলেন ভারত, বাংলাদেশ, নেপাল, ভুটান, শ্রীলঙ্কার প্রায় ৮০০ প্রতিযোগী। সেখানে ক্যানিংয়ের দুই বীরাঙ্গনা কাতা ও কুমিতে সোনা জিতে সকলকে অবাক করে দেন। পড়াশোনার পাশাপাশি দুজনেই বিদেশের মাঠে আন্তর্জাতিক প্রতিযোগিতায় আরও ভাল ফল করতে বদ্ধপরিকর। বড় হয়ে দুজনেই ভারতীয় সেনাবাহিনীতে যোগ দিয়ে দেশের প্রতি দায়িত্ব পালন করতে চান। ঐন্দ্রি’র মা পূর্ণিমা দেবীর কথায়, ‘‘ওর বাবা নেই। একমাত্র মেয়েই আমার ধ্যানজ্ঞান। ওর আশা যাতে পূরণ করতে পারি সেই চেষ্টা চালিয়ে যাব। ওর স্বপ্ন মানে আমার স্বপ্ন।’’ অদিতি’র মা মণিমালা জানিয়েছেন, মেয়ের অসম্ভব জেদ রয়েছে। ও চায় নিজেকে মেলে ধরতে। সেই সামর্থ্য আমাদের নেই। যদিও মাঝে মধ্যে ওর মামা মিলন সরকার ও প্রতিবেশী জেঠু সোমনাথ মণ্ডল সাহায্যের হাত বাড়িয়ে দেন। ভবিষ্যৎ কী হবে তা একমাত্র ঈশ্বরই জানেন। ক্যানিংয়ের দুই বীরাঙ্গনার ক্যারাটে কোচ রাজু বিশ্বাস জানিয়েছেন, ‘‘ঐন্দ্রি ও অদিতি দুজনেই হতদরিদ্র পরিবার থেকে লড়াই করে নিজেদের জাত চিনিয়েছে। এখন অনেক পথ বাকি রয়েছে!’’

‘ভুল তথ্য দিয়েছি’, বিরাটের দ্বিতীয় বার বাবা হওয়া নিয়ে মন্তব্য বদল এবিডির

কেপটাউন, ৯ ফেব্রুয়ারিঃ ভারতের মাটিতে ইংল্যান্ড সিরিজে বিরাট কোহলি না থাকায় অনেক ক্রিকেট প্রেমী হতাশ হয়েছেন। অবশ্য ওই সিরিজের এখনও ৩টি ম্যাচ বাকি। তাতে কোহলির ফেরার সম্ভাবনা নেই বলেই শোনা যাচ্ছে। কারণ হিসেবে অনুষ্কার দ্বিতীয় বার গর্ভবতী হওয়ার তত্ত্বই ঘুরে ফিরে আসছে। বিরাট কোহলির খুবই কাছের বন্ধু প্রোটিয়া তারকা ক্রিকেটার এবি ডি ভিলিয়ার্স। এ কথা সকলেই জানেন। কয়েকদিন আগে এবিডি তাঁর ইউটিউব চ্যানেলে জানিয়েছিলেন, দ্বিতীয় বার বাবা হতে



চলেছেন বিরাট কোহলি। যে কারণে তাঁকে ইংল্যান্ড সিরিজে দেখা যাচ্ছে না। এ বার হঠাৎ করেই এবিডি জানিয়েছেন, তিনি ভুল তথ্য দিয়েছেন। হঠাৎ প্রোটিয়া তারকা ক্রিকেটারের এই মন্তব্যের পর প্রশ্ন উঠছে তা হলে চাপে পড়েই কি স্বীকারোক্তি এবিডির? সম্প্রতি দৈনিক ভাস্করকে দেওয়া এক সাক্ষাৎকারে এবিডি বলেছেন, ‘‘পরিবার সব সময় সবার আগে। এটা আমি আমার ইউটিউব চ্যানেলে আগেও বলেছি। একইসঙ্গে আমি কিছু ভুল তথ্য শেয়ার করে ভয়ঙ্কর ভুল করে ফেলেছি। যা মোটেও সত্যি নয়। কী হচ্ছে কেউ জানে না। আমি শুধু বিরাটকে শুভেচ্ছা জানাতে পারি।’’ এবিডি এই তথ্য জানানোর পর অনেকেই প্রশ্ন তুলেছেন যে, তা হলে কি চাপে পড়ে মন্তব্য বদল করলেন প্রোটিয়া তারকা? ফেব্রুয়ারি মাসের শুরুতে ইউটিউবে বিরাটকে নিয়ে এবিডি বলেন, ‘‘এই মুহূর্তে আমি এটাই বলবো যে বিরাট একেবারে ঠিক আছে। ও নিজের পরিবারের সঙ্গে সময় কাটাচ্ছে। তাই প্রথম ২টো টেস্টে খেলল না। আমি পাকাপাকিভাবে আর কিছু জানাতে চাই না। ওকে আমি দ্রুত মাঠে দেখতে চাই।’’ এ ছাড়াও এবিডি বলেছিলেন, ‘‘আমি ওকে মেসেজ করেছিলাম, কেমন আছে জানতে। ও আমায় জানিয়েছিল যে ভালোই আছে এবং এই মুহূর্তে নিজের পরিবারকে সময় দিচ্ছে। এটা ঠিক যে খুব শীঘ্রই ও ফের বাবা হতে চলেছে। ওর দ্বিতীয় সন্তান আসতে চলেছে এই পৃথিবীতে। সুতরাং এখন ওর পরিবারকেই বেশি সময় দেওয়া উচিত, আর এটাই স্বাভাবিক।’’ প্রোটিয়া তারকার এই কথা শুনে বিরাটের অনুরাগীরা ধরেই নিয়েছিলেন যে তা হলে বিরুস্কার কোল আলো করে আসতে চলেছে দ্বিতীয় সন্তান। কিন্তু এ বার এবিডি মন্তব্য বদল করায় বিরাটকে নিয়ে আরও ধোঁয়াশা বাড়ল।

ঘুরে দাঁড়াতে মরিয়া বাগান

দুরন্ত বার্তা, কলকাতা, ৯ ফেব্রুয়ারিঃ ইন্ডিয়ান সুপার লিগে ডিফেন্ডিং চ্যাম্পিয়ন। এ বার মরসুমের শুরুটা দুর্দান্ত হলেও খেই হারিয়েছে মোহনবাগান। এ বারের আইএসএলে দ্বিতীয় পর্ব শুরু হয়েছে কলকাতা ডার্বি দিয়ে। আইএসএলে হারের হ্যাটট্রিকের পর ড্র। মাঝে বেশ কয়েকটা দিন কেটে গিয়েছে। বদলে গিয়েছে অনেক কিছু। ডার্বি থেকেই দায়িত্ব নিয়েছেন আন্তোনিও লোপেজ হাবাস। শনিবার নতুন ম্যাচ। হাবাসের টিমে অবশ্য হাহাকার মেটেনি। একেই আইএসএলে গত চার ম্যাচে জয় নেই, তার উপর চোট-কার্ড সমস্যা। হায়দরাবাদ এফসির বিরুদ্ধে নামার আগে যা বলছেন মোহনবাগানের কোচ হাবাস ও ফুটবলার অনিরুদ্ধ থাপা। গত ম্যাচ অর্থাৎ ডার্বি মোহনবাগান শিবিরের কাছে স্বস্তিরও ছিল। প্রথম দলের একঝাঁক ফুটবলার ফিরেছিলেন। সবচেয়ে বড় স্বস্তি ছিল তরুণ ডিফেন্ডার আনোয়ার আলির ফেরা। সেই স্বস্তি অবশ্য সাময়িক। ডার্বিতে ফের চোট আনোয়ারের। চোট পেয়েছেন দলের বিদেশি ডিফেন্ডার ব্রেন্ডন হ্যামিলও। শনিবারের ম্যাচে দু-জনকেই পাওয়া যাবে না। কার্ড সমস্যায় নেই দীপক টাংরি ও লিস্টন কোলাসো। তবে ডিফেন্ডিং চ্যাম্পিয়নদের ঘুরে দাঁড়াতে ‘নেই’ নিয়ে ভাবার সময় নেই। হায়দরাবাদ এফসি ম্যাচের আগের দিন মোহনবাগান কোচ আন্তোনিও লোপেজ হাবাস বলছেন, ‘‘অবশ্যই আমাদের কাছে কঠিন চ্যালেঞ্জ। হায়দরাবাদ এফসি যথেষ্ট ভালো দল। তবে আমরা পেশাদার। কে আছে কে নেই ভেবে লাভ নেই। সেরা একাদশই মাঠে নামাব। প্রতিটা ম্যাচের মতো এই ম্যাচেও লক্ষ্য একই। ঘরের মাঠে ৩ পয়েন্ট তুলতে হবে। আমি জানি, দল খারাপ সময়ের মধ্যে দিয়ে যাচ্ছে। এর থেকে ঘুরে দাঁড়াতে পরিশ্রম ছাড়া কোনও বিকল্প নেই।’’

তীব্র বিতর্ক, মহানাটকের শেষে সাফ-এ যুগ্ম জয়ী ভারত ও বাংলাদেশ

ঢাকা, ৯ ফেব্রুয়ারিঃ নির্ধারিত সময়ে ম্যাচের স্কোরলাইন একই থাকলে ম্যাচ গড়ায় টাইব্রেকারে। এমনটা সকল ফুটবল প্রেমী দেখেছেন। টাইব্রেকারে ৫ শটে ম্যাচের নিষ্পত্তি না হলে খেলা চলে যতক্ষণ না ফলাফল মেলে ঠিক ততক্ষণ। কিন্তু অনূর্ধ্ব ১৯ মেয়েদের সাফ চ্যাম্পিয়নশিপে যা ঘটল, তা আগে কখনও হয়নি। ফুটবল ইতিহাসে এমন ভাবে কোনও ম্যাচের মীমাংসা হয়নি। এই প্রথম বার এমন একটা চূড়ান্ত নাটকীয় ও বিতর্কিত ফাইনাল দেখা গেল। যা নিয়ে দীর্ঘদিন চর্চা চলবে। আর সব চর্চার শেষে থাকবে যে এ বারের সাফ অনূর্ধ্ব ১৯ চ্যাম্পিয়নশিপে যুগ্ম জয়ী হয়েছে ভারত ও বাংলাদেশ। চরম নাটক ও তীব্র বিতর্কের ঝুলি খোলার আগে জানানো যাক ম্যাচের ব্যাপারে কমলাপুরের বীরশ্রেষ্ঠ শহীদ সিপাহী মোস্তফা কামাল স্টেডিয়ামে সাফ অনূর্ধ্ব ১৯ মহিলাদের চ্যাম্পিয়নশিপের ফাইনালে মুখোমুখি হয়েছিল ভারত ও বাংলাদেশ। মাত্র ৮ মিনিটে শিবানী দেবীর গোলে ভারত এগিয়ে যায়। এরপর নির্ধারিত সময়ে আর দুই দলের কোনও ফুটবলার গোল করতে পারেননি। ইনজুরি টাইমে গিয়ে বাংলাদেশের হয়ে সমতা ফেরান সাগরিকা। যে কারণে নির্ধারিত সময়ে ম্যাচ শেষ হয় ১-১ ড্রতে। এরপর ম্যাচ গড়ায় টাইব্রেকারে। এই অবধি সব ঠিকই ছিল। টাইব্রেকারে যে দল জিতত ট্রফি যেত সেই শিবিরে। কিন্তু এর সবই যেন হল ঘেঁটে ঘ। টাইব্রেকারে যে এমন কিছু ঘটতে চলেছে তা কল্পনা করেননি দুই দলের ফুটবলাররা। দুই দলই তাদের নিজেদের প্রথম ১১ শট গোল করেছিল। এতে খুব অবাক হওয়ার কিছু নেই। কিন্তু এরপর যা হল তা সত্যিই অবাক করার মতো। শ্রীলঙ্কার ম্যাচ কমিশনার ডি সিলভা জয়সুরিয়া টাইব্রেকার বন্ধ করে ম্যাচ রেফারিকে ডেকে দুই দলের অধিনায়ককে টস করতে বলেন। টস জেতেন ভারতের অধিনায়ক। স্বাভাবিকভাবেই এরপর উচ্ছ্বাসে মেতে ওঠেন ভারতীয় ফুটবলাররা। ঠিক এরপরই বাংলাদেশের ফুটবলাররা এই টসের মাধ্যমে চ্যাম্পিয়ন বেছে নেওয়ার সিদ্ধান্তের বিরোধিতা করেন। ম্যাচ কমিশনারের কাছে অভিযোগও জানায় বাংলাদেশ শিবির। এরপর ম্যাচ কমিশনার টসের মাধ্যমে চ্যাম্পিয়ন বাছাইয়ের সিদ্ধান্ত বাতিল করে দেন। বলা হয় আবার সাডেন ডেথ হবে। পুরো পরিস্থিতি দেখে রীতিমতো বিরক্ত হয়ে মাঠ ছাড়েন ভারতীয় ফুটবলাররা। এরপর ঘোষণা করা হয় যদি ভারতীয় ফুটবলাররা মাঠে না ফেরেন বাংলাদেশকে জয়ী ঘোষণা করা হবে। এই সমস্ত নাটক চলতে চলতে দীর্ঘ সময় ব্যয় হয়। প্রায় ৫ ঘণ্টার নাটক শেষে বাংলাদেশের যুব ও ক্রীড়ামন্ত্রী নাজমুল হাসান, সাফের সাধারণ সম্পাদক আনোয়ারুল হকের উপস্থিতিতে ভারত এবং বাংলাদেশকে যুগ্মভাবে এই টুর্নামেন্টের জয়ী ঘোষণা করা হয়। ভারতের অধিনায়ক এবং সহ অধিনায়ক ছাড়া আর কেউ পুরস্কার গ্রহণ করতে আসেননি।

দুরন্ত প্রকাশন প্রাইভেট লিমিটেডের পক্ষে প্রকাশক ও মুদ্রক অলোক কুমার নস্কর কর্তৃক সত্যযুগ এমপ্লয়িজ কো-অপারেটিভ ইন্ডাস্ট্রিয়াল সোসাইটি লিমিটেড, ১৩, প্রফুল্ল সরকার স্ট্রিট, কলকাতা-৭২ হইতে মুদ্রিত ও ৯৪ ফিয়ার্স লেন, ৫ম তল, কলকাতা-৭০০০১২ হইতে প্রকাশিত, সম্পাদক-অলোক কুমার নস্কর Ph. No. 033-2237-0488, 9830217166
Printed & Published by Aloke Kumar Naskar on behalf of Duranta Prakashan Pvt. Ltd. and printed at Satyajug Employees Co Operative Industrial Society Limited, 13, Prafulla Sarkar Street, Kolkata-700072 and Published at 94, Phears Lane, 4th Floor, Kolkata-700012, Dist.-Kolkata, Editor: Aloke Kumar Naskar E-mail: dailydurantabarta@gmail.com